আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সৌদিতে রোজা শুরু মঙ্গলবার

বাংলা পত্রিকা ডেস্কঃ সৌদি আরবে রোববার রমজানের বাঁকা চাঁদ দেখা যায়নি। কাজেই বিশ্বজুড়ে কয়েক কোটি মুসলমানের জন্য মঙ্গলবার থেকে মাসটি শুরু হতে যাচ্ছে। সৌদি আরবের **(বাকি অংশ ৪২ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ২৯ || সোমবার || চৈত্র ২৮ || ১৪২৭ || শাবান ৩০ || ১৪৪২ || Vol. 25 || Issue 29 || 12 April || 2021 || USA. **FREE** in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

www.banglapatrikausa.com



খালেদা জিয়া করোনায় আক্রান্ত

ঢাকা ডেস্ক: বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। রাজধানীর গুলশানের যে বাসায় তিনি থাকেন, 'ফিরোজা' নামের সেই বাসার আরো ৯ জন স্টাফও আক্রান্ত হয়েছেন। তবে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর গত রোববার বিকেলে জানিয়েছেন, 'তিনি (খালেদা জিয়া) ভালো আছেন, তাঁর অবস্থা স্থিতিশীল। বর্তমানে বাসাতেই ব্যক্তিগত চিকিৎসকদের তত্ত্বাবধানে তাঁর চিকিৎসা চলছে। তিনি দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন।'খালেদা জিয়ার শারীরিক অবস্থা সম্পর্কে তাঁর ব্যক্তিগত চিকিৎসক ডা. আল মামুন বলেন, 'আল্লাহর রহমতে ম্যাডামের ফিজিক্যাল কন্ডিশন ভালো। কোনো উপসর্গ তাঁর নেই। জ্বর, গলা ব্যথা, কাশি, শ্বাসকষ্ট কোনো কিছুই নেই।' তাহলে কেন তাঁর নমুনা পরীক্ষার প্রয়োজন পড়লো এর ব্যাখ্যায় ডা. মামুন বলেন, 'পাঁচ-ছয় দিন আগে বাসার একজন স্টাফের জ্বর জ্বর ভাব ছিল। তখন তার টেস্ট করা হলে রেজাল্ট পজিটিভ আসে। পজিটিভ আসার পর ওই স্টাফ যে রুমে থাকত, সেই রুমের বাকিদেরও আমরা টেস্ট করাই। **(বাকি অংশ ৪২ পাতায়)**

টিকার পার্শ্বপ্রতিক্রিয়া নিয়ে উদ্বেগ



বাংলা পত্রিকা ডেস্ক: অক্সফোর্ড/এস্ট্রাজেনেকার করোনা ভাইরাসের টিকার সঙ্গে এবার জনসন অ্যান্ড জনসনের (জেঅ্যান্ডজে) টিকা নিয়ে ইউরোপ ও বৃটেনে উদ্বেগ দেখা দিয়েছে। ইউরোপে আরো একজনের দেহে করোনা ভাইরাসের এস্ট্রাজেনেকার টিকা দেয়ার পর তার রক্তে বিপজ্জনক অবস্থা **(বাকি অংশ ৪২ পাতায়)**

পারমাণবিক বোমা তৈরিতে এগিয়ে গেলো ইরান

বাংলা পত্রিকা ডেস্ক : নতুন ও আরও উন্নত একাধিক সেন্ট্রিফিউজ চালু করেছে ইরান। সেন্ট্রিফিউজগুলোতে পরবর্তী ধাপের তেজস্ক্রিয় ইউরেনিয়াম সমৃদ্ধ করার কাজ শুরু হয়েছে বলে জানিয়েছে তেহরান। সেইসঙ্গে পরমাণু কর্মসূচির **(বাকি অংশ ৩৯ পাতায়**

মামুনুলের কথিত স্ত্রী ঝর্ণার সন্ধান চেয়ে ছেলের জিডি



ঢাকা ডেস্ক : হেফাজতে ইসলামের নেতা মামুনুল হকের কথিত স্ত্রী জান্নাত আরা ঝর্ণাকে খুঁজে পাওয়া যাচ্ছে না উল্লেখ করে তার বড় ছেলে আবদুর রহমান একটি সাধারণ ডায়েরি (জিডি) (বাকি অংশ ৪২ পাতায়)

APOLLO
INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. B03152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

যুক্তরাষ্ট্রে করোনা সংক্রমন বাড়ছে তরুণদের মধ্যে

বাংলা পত্রিকা ডেস্ক : করোনা মহামারীর শুরু থেকে ভাইরাসটি তরুণদের কাবু করতে পারে না বলে এক ধরনের প্রচার ছিল। এ কারণে বিশ্বজুড়ে তরুণরা গায়ে হাওয়া লাগিয়ে ঘুরছে। কিন্তু সেই পরিস্থিতি যে কবেই গত হয়েছে **(বাকি অংশ ৪২ পাতায়)**

সাংবাদিক হাসান শাহরিয়ার আর নেই



বাংলা পত্রিকা ডেস্ক : জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি, দৈনিক ইত্তেফাকের সাবেক নির্বাহী সম্পাদক হাসান শাহরিয়ার আর নেই। **(বাকি অংশ ৪২ পাতায়)**

নিউইয়র্কের ইফতার ও সেহরির সময়সূচী

	সেহরির শেষ সময়	ইফতার
১৩ এপ্রিল ১ রমাদান	৪.৫৫	৭.৩৩
১৪ এপ্রিল ২ রমাদান	৪.৫৩	৭.৩৪
১৫ এপ্রিল ৩ রমাদান	৪.৫১	৭.৩৫
১৬ এপ্রিল ৪ রমাদান	৪.৪৯	৭.৩৭
১৭ এপ্রিল ৫ রমাদান	৪.৪৯	৭.৩৮
১৮ এপ্রিল ৬ রমাদান	৪.৪৬	৭.৩৯

বাংলাদেশ ভ্রমণে যুক্তরাষ্ট্রের সতর্কতা

বাংলা পত্রিকা ডেস্ক : প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বেড়ে যাওয়ায় মার্কিন নাগরিকদের বাংলাদেশ ভ্রমণে সতর্কতা জারি করা হয়েছে। স্থানীয় সময় বৃহস্পতিবার (৮ এপ্রিল) **(বাকি অংশ ৪২ পাতায়)**

ভারতের সেনা বাহিনীর গুলিতে ৪ মুসলিমের হত্যা

বাংলা পত্রিকা ডেস্ক : ভারতের পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে ভারতের কেন্দ্রীয় বাহিনীর গুলিতে ৪ মুসলমানের মৃত্যুতে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি এ ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত (বাকি অংশ ৪২ পাতায়)

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
BI Developer with Power BI & SQL Server
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (929) 601-8565 NY (347) 658-9284
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
বাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ভাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেভ $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURRY

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal




BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO
718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388
E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

লোকমান হোসেন জালালাবাদ এসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক



নিউইয়র্ক: জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ ব্যক্তিগত সফরে বাংলাদেশ গমন করায় সংগঠনের সহ সাধারণ সম্পাদক লোকমান হোসেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করবেন। সংগঠনের পক্ষ থেকে প্রদত্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, মিজানুর রহমান চৌধুরী শেফাজ গত ২৮ মার্চ বাংলাদেশ সফরে যান। তিনি নিউইয়র্কে না ফেরা অবদি লোকমান হোসেন সাধারণ সম্পাদকের এই রুটিন দায়িত্ব পালন করবেন এবং ইতিমধ্যে তা কার্যকর হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।




চট্টগ্রাম সমিতির নির্বাচন কমিশনারের শপথ অনুষ্ঠিত

নিউইয়র্ক: চট্টগ্রাম সমিতি ইউএসএ'র কার্যকরী পরিষদ কর্তৃক মনোনীত হাসান চৌধুরীকে প্রধান করে গঠিত পাঁচ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনার মধ্যে হাসান মোহাম্মদ চৌধুরী, আবু তালেব চৌধুরী চান্দু ও এডভোকেট নিজাম উদ্দীনের শপথ গ্রহন সম্পন্ন হয়েছে। সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিমের পরিচালনায় গত ৪ এপ্রিল রোববার, বিকাল ৫টায় সমিতি ভবনের সামনে কমিশনারদের শপথ পড়ান সমিতির ভারপ্রাপ্ত সভাপতি আলী নুর।

কমিশনের অপর দুই সদস্য যথাক্রমে সৈয়দ মুর্শেদ রেজভী চৌধুরী বাংলাদেশে সফরে এবং নাছির উদ্দীন চৌধুরী অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিসাধীন থাকায় তাদের শপথ পরবর্তীতে করা হবে। উল্লেখ্য, শাহাজীহান মাহমুদসহ মোট নয়জনকে সমঝোতার ভিত্তিতে গত ২০২০ সালের সেপ্টম্বরে নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগ দেওয়া হলেও শাহাজাহান মাহামুদ নির্বাচনের তারিখ পরিবর্তন করা ছাড়া তেমন কার্যকর কোন পদক্ষেপ নিতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। তাই গত ২৭ মার্চ শনিবার ব্রুকলীনে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় উপস্থিত শতাধিক লোকের অনুরোধের পরিপ্রক্ষিতে নয় সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন বিলুপ্ত ঘোষনা করা হয়। উল্লেখ, আদালতের নিষেধাজ্ঞার কারণে সমিতি ভবনের ভিতরে শপথ অনুষ্ঠান আয়োজন সম্ভব হয়নি। -প্রেস বিজ্ঞপ্তি।

বৃন্দাবন সরকারী কলেজ এলামনাই এসোসিয়েশন'র নির্বাচন কমিশন গঠিত

নিউইয়র্ক: এক ভার্চুয়াল সভার মাধ্যমে যুক্তরাষ্ট্র বৃন্দাবন সরকারী কলেজ এলামনাই এসোসিয়েশনের তিন সদস্য বিশিষ্ট এক নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। একই সভায় করোনা মহামারীতে ক্ষতিগ্রস্থ শিক্ষার্থীদের পাশে আর্থিক সহায়তা নিয়ে এলামনাইয়ের সহযোগীতার হিসাবের বিষয়গুলো সর্বসম্মতভাবে নিষ্পত্তি করা হয়।




গত ৪ এপ্রিল রোববার জুম মিটিং এর এই বৈঠকে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সৈয়দ মুজিবুর রহমান ইকবাল এবং সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আব্দুল ওয়াহেদ। বিপুল সংখ্যক সদস্যের উপস্থিতিতে সভায় সাম্প্রতিক করোনা মহামারিতে এলামনাইয়ের সদস্য শরীফুল ইসলাম নাসেরের বাবা এবং বদরুল আলম শাহীনের মা-বাবা ও সৈয়দ হারুনুর রশিদ মুন্নার অকাল মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহন এবং তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন মাওলানা শেখ মোস্তফা কামাল।

সভা থেকে করোনা মহামারীকালীন সময়ে বৃন্দাবন কলেজসহ হবিগঞ্জের ৯টি উপজেলা সদরের কলেজের ছাত্র, সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মীদেরকে প্রায় ৭ লক্ষ টাকার আর্থিক সহায়তার কাজটি সুচারুভাবে সম্পন্ন করায় দেশ এবং প্রবাসে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানানো হয়। নির্বাচন কমিশনের তিন সদস্যরা হচ্ছেন- মুজাহিদ আনসারী, নাজিম উদ্দিন ও অধ্যাপক আব্দুর রহমান এবং পদাধিকার বলে এলামনাইয়ের সভাপতি সৈয়দ মুজিবুর রহমান ইকবাল ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আব্দুল ওয়াহেদ।

বৈঠকে উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদান করেন এলামনাইয়ের সদস্য মুজাহিদ আনসারী, হবিগঞ্জ সরকারী হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল গাফফার আহমদ, মোহাম্মদ সাদেক মিয়া, ফরিদ উদ্দিন, ইব্রাহিম খলিল বারো ভূইয়া রিজু, মোহাম্মদ আলমগীর মিয়া, অধ্যাপক আব্দুর রহমান, নাজিম উদ্দিন, জায়েদুর মোহিত খান, মিয়া মোহাম্মদ আছকির, আব্দুল গফফার চৌধুরী, জয়নাল আবেদিন খান, আবু সাঈয়িদ চৌধুরী কুটি, শুকান্ত দাস হরে, শিমুল হাসান, ফয়সল আহমেদ, মোঃ আবুল কালাম, মোঃ আব্দুল মুকিত, শেখ মোস্তফা কামাল, এডভোকেট আবদুর রহিম শেখ প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।





কানেকটিকাটে বাক'র ম্যাগাজিন প্রকাশিত

কানেকটিকাট: বাংলাদেশী আমেরিকান এসোসিয়েশন অব কানেকটিকাট (বাক) এর উদোগে বাংলাদেশের স্বাধীনতার সুবনজয়ন্তী উপলক্ষে ম্যাগাজিন প্রকাশিত হয়েছে। বাক'র সাংগঠনিক সম্পাদক হুমায়ুন আহমেদ চৌধুরীর সম্পাদনায় সম্পূর্ন কালারফুল চকচকে ছাপানো ম্যাগাজিনটিতে রয়েছে স্বাধীনতার ইতিহাস সহ বাক-এর বিগত দিনের সাংগঠনিক কমকান্ড, করোনাকালীন সময়ে বাক-এর মানব সেবার বিবরণ, বাক প্রতিষ্ঠার ইতিহাস বিভিন্ন ও জাতীয় দিবস পালনের খবর, বিভিন্ন ইভেন্ট সমুহ পালনের রঙ্গীন আলোকচিত্র। বিশিষ্ট লেখক বীর মুক্তিযাদ্ধা ড. নুরুন নবীর লেখা মুক্তি সংগ্রামের ইতিহাস সহ আরও অনেক নবীণ প্রবীন লেখকদের লেখায় সমৃদ্ধ। ম্যাগাজিনের সাবিক তত্ত্বাবধান করেন সংগঠনের সভাপতি ময়নুল চৌধুরী হেলাল ও সাধারণ সম্পাদক সৈয়দ আজিজুর রহমান। ম্যাগাজিনটি বাক-এর স্বাধীনতা দিবসের ভাচুয়াল সভায় মোড়ক উন্মোচন করেন সংগঠনের অন্যতম প্রতিষ্ঠাতা ও বর্তমান উপদেষ্টা ডা. সায়েদুর রহমান। বাক-এর পক্ষ থেকে ম্যাগাজিনটি পড়ার আমন্ত্রণ জানানো হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।



সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

আহলান ওয়া সাহলান মাহে রমাদান


বশীর উদ্দীন আহমেদ

এবারের বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে হয়তো পবিত্র রমাদান আগের মত উৎসব মূখর হবেনা কিন্তু নিয়ত সহি থাকলে প্রতিটি নেক আমলের জন্য আল্লাহ পাক সত্তর থেকে সাতশ' গুণ সওয়াব আপনার আমার আমলনামায় লিপিবদ্ধ করে দেবেন ইনশাল্লাহ! হয়তো আগের মত ইফতার ডিনার হবেনা তবে নিয়ম মেনে (গাইড-লাইন অনুসরণ করে) মাস্ক ও দূরত্ব বজায় রেখে জামাতে শামিল হলে পুরোপুরি রমযানের সওয়াব হাসিল হবে ইনশাল্লাহ! আবার পাড়ায় মহল্লায় ছোট ছোট জামাতও করা যায়! যারা টিকা এখনও নিতে পারেননি তারা পরিবারের সদস্যদের নিয়ে নিজ নিজ বাসগৃহে জামাত করলেও আদায় হবে পূর্ণ সওয়াব পাওয়া যাবে ইনশাল্লাহ! সূতরাং নিরাশ হওয়ার কোন কারণ নেই 'ওইজা মারিদতূ ফাহূয়া ইয়াশফীন'- আল-কোরাণ! রোগ শিফা দুটোই আল্লাহর হাতে! এবার তাহলে পবিত্র রমাদানে করণীয় সম্পর্কে কিছুটা আলোকপাত করা যাক!

রমাদানের গুরুত্ব ও মহাত্মঃ

রমাদান সিয়াম সাধনার মাস! তাক্বওয়াহ অর্জনের মাস! ধর্য্য ধারণের মাস! দ্বীন ইসলামের মূল পাচটি স্তম্ভের অন্যতম স্তম্ভ হচ্ছে রমযানের রোযা পালন! পাক কালামে মহান আল্লাহ পাক ইরশাদ করেন 'ইয়া আয়য়ূহাল্লাজিনা আমানু কুতিবা আলাইকুমুসসিয়াম কামা কুতিবা আ'লাল্লাজিনা মিন ক্বাবিকুম লাআল্লাকুম তাত্তবাকূন'- হে ঈমান্দারগণ তোমাদের উপর রামজানের রোজা ফরক করা হয়েছে যেরূপ ফর্জ করা হয়েছিল তোমাদের পূর্বতীদের উপর, যাতে তোমরা তাক্বোয়াহ বা ফরহেজ-গারী অর্জনে সক্ষম হও! বুঝাই যাচ্ছে রোজা কেবল মাত্র বা শুধুমাত্র উম্মতে মোহাম্মদীর উপরই নয় পূর্ব্বতী নবী রসূলদের উম্মতের উপরও ফরজ করা হয়েছি! সূতরাং ইহা খুবই গুরুত্বপূর্ণ একটি ইবাদত! আল্লাহ পাক আরো ও ইরশাদ করেন 'গণনার মাত্র কয়েক্টি দিনের জন্য! অতপর তোমাদের মধ্যে যে মোসাফের বা অসুস্থ তার বেলায় অন্য সময় সে রোজা পূরণ করে নিতে হবে! আর যাদের জন্য ইহা অত্যন্ত কস্টকর (অপারগ বা অসমর্থ) তারা এর পরিবর্তে একজন মিসকিনকে অন্নদান করবে তবে যে ব্যক্তি খুশী মনে সতকর্ম করবে তার জন্য তা' মঙ্গলময়! আর যদি রোজা পালন কর তবে তা' তোমাদের জন্য অত্যন্ত কল্যাণকর যদি তোমরা বুঝতে পার! (সূরাহ বাক্বারাহ আয়াহ-১৮৩-৮৪)! অন্য আয়াতে বলা হয়েছে 'শাহরু রমাদানাল্লাজি উনযিলা ফিহিল কোরআন হূদাল্লিন্নাস বাইয়য়িনাতিম মিনাল হূদা অয়াল ফূরক্বান' অর্থাৎ পবিত্র রমজান মাসেই সত্য মিথ্যার পার্থক্য নির্ধারণকারী এই মহা গ্রন্থ আল-কোরান নাযেল হয়েছে! ইহাতে সহজেই এই মহান রমজান মাসের গুরুত্ব ও মহাত্ব অনুধাবন করা যায়!

শরিয়তের পরিভাষায় সূহেহ-সাদীক থেকে আরম্ভ করে সূর্য্যাস্ত পর্যন্ত পানাহার এবং স্ত্রী সহবাস থেকে বিরত থাকা এবং সকল প্রকার নাজায়েজ কাজ-কর্ম থেকে নিজেকে



পবিত্র রাখার নাম সওম! এর প্রধান উদ্দ্যেশ্য হচ্ছে তাক্বোয়াহ অর্জনের মাধ্যমে মাবুদের নৈকট্য লাভ! আল্লাহ পাক বলেন, বান্দার যাবতীয় ইবাদত তার নিজের জন্য আর রোজা একমাত্র আমার জন্য আর আমি নিজ হাতেই এর প্রতিদান দেব!' তবে এমন বয়স্ক অসুস্থ ব্যক্তি যার ভীষন কস্ট হয় বা রোগের প্রকোপ বেড়ে যায় কিম্বা যারা মুসাফের সফরে আছেন তারা পরবর্তী সময় সমান সংখ্যাক রোজা পালন করতে হবে! তবে সফর জনিত রুখসত বা অব্যাহতি পেতে হলে সফর দীর্ঘ হতে হবে! বাসস্থান থেকে পাচ/দশ মাইল দূরে গেলেই সফর বলে গণ্য হবেনা!

যারা অতিরিক্ত বার্ধ্যক্ষ জনিত কারণে একেবারেই অপারগ, কিম্বা দীর্ঘ রোগ ভোগের কারণে অতিমাত্রায় দূর্বল বা দূরারোগ্য রোগে আক্রান্ত হয়ে স্বাস্থ্য পূনরুদ্ধারের ব্যাপারে একেবারেই নিরাশ হয়ে পড়েছেন তাদের বেলায় ফিদিয়া প্রদানের হুকুম রয়েছে! যে যে দেশের বাসিন্দা সেদেশের আর্থ-সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে প্রচলিত বাজার দরের ভিত্তিতে এক সের ১২ ছটাক গম অথবা সম পরিমাণ গমের মূল্য কোন নেহায়েত গরীব মিসকিনকে পরিশোধ করিলে এক রোজার ফিদিয়া আদায় হয়েছে বলে বূজুর্গানে দ্বীন অভিমত ব্যাক্ত করেছেন!

মর্যাদা ও ফজিলতঃ- হিজরী বর্ষপঞ্জীর সব চেয়ে গুরুত্বপূর্ণ মাস হচ্ছে মাহে রমাদান! এমাসে মহা গ্রন্থ আল-কোরান নাজেল হয়েছে যা বিশ্ব মানবতার জন্য হেদায়েত স্বরূপ এবং পথ প্রদর্শক! হক ও বাতিল অর্থাৎ সত্য এবং মিথ্যার মধ্যে পার্থ্যক্য সূচনাকারী! বিশ্ব মানবতার মূক্তি সনদ! 'ফামান শাহিদা মিনকুম শাহরা ফালইয়াসূম'- সূতরাং তোমাদের মধ্যে যে ব্যক্তি এই মাস প্রত্যক্ষ করে সে যেন রোজা পালন করে- সূরাহ বাক্বারাহ আয়াহ-১৮৫!

হযরত ইব্রাহীম (আঃ) সহ তামাম নবী রাসূল গণের সহিফা ও আসমানি কেতাবসমূহ এমাসেই নাজেল হয়েছে বলে জানা যায়!

এমাসে আল্লাহ পাক এমন এক বরকতময় রজনী দান করেছেন যা হাজার মাসের চেয়েও উত্তম (৮২ বছরের ইবাদতদের চেয়েও উত্তম)! 'ইন্না আনজালনাহু ফী লাই-লাতীল ক্বাদ্রী!' 'লাইলাতুল ক্বাদ্রী খাইরুম্মীন আলফি-শাহার'- নিশ্চয়ই ইহাকে (এই মহা গ্রন্থ আল-কোরাণকে) ক্বদরের রাত্রে অবতীর্ণ করা হয়েছে! ক্বদরের রাত্র হাজার বছরের চেয়েও উত্তম! এছাড়া এমাসেই বদরের যুদ্ধ সংঘটিত হয়, মুসলমানরা সংখ্যার দিক থেকে স্বল্প হলেও বিশাল বাহিনীর বিররুদ্ধে বিজয়ী হন মহান আল্লাহর ইচ্ছায়! এমাস দোয়া কবুল হওয়ার মাস! বিশেষ বিশেষ সময়ে আল্লাহ পাক দোয়া ফিরিয়ে দেন না!

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) ইফতারের ঠিক পূর্ব মূহূর্তে সবাইকে একত্রিত করা দোয়া করতেন কারণ ইফতারের ঠিক পূর্ব মূহূর্তে রোজাদারের দোয়া কবুল হয়! পবিত্র রমজান মাসকে তিন ভাগে ভাগ করা হয়ঃ- প্রথম দশ দিন রহমতের, দ্বিতীয় দশ দিন মাগফেরাতের এবং শেষ দশ দিন নাজাতের বা দোজকের আগুন থেকে মূক্তির! শেষ দশ দিন এতেক্বাফ করা বিশেষ গুরুত্বপূর্ণ ইবাদত!

এতেক্বাফঃ এতেক্বাফ শব্দের আভিধানিক অর্থ অবস্থান বা আটক! কোরানের পরিভাষায় বিশেষ শর্ত স্বাপেক্ষে আল্লাহর সন্তুষ্টি লাভের আশায়, নির্দৃষ্ট সময় সীমার মধ্যে নির্দৃষ্ট স্থানে, দুনিয়াদারী হতে বিরত থেকে ইবাদত বন্দেগী ও ধ্যানে মগ্ন থাকার নাম এতেক্বাফ! এসময়ের মধ্যে স্ত্রী স্বাম্বিধ্য লাভ নিষিদ্ধ! ইহা আল্লাহর বাধিয়া দেয়া সীমা বা হুদুদুল্লাহ! যে সকল মসজিদে পাঞ্জেগানা (পাচ ওয়াক্ত ফরজ) নামায জামাতে আদায় করা হয় সে সব মসজিদে এতেক্বাফ করাই উত্তম! কোন কোন বূজুর্গানে দ্বীন 'রমাদান' আরবী শব্দকে সন্ধি-বিচ্ছেন করে এভাবে বর্ণনা করতেও শুনেছিঃ- 'র'-রহমত, 'মা'- মাগফেরাত, 'দা'- দামান লিল-জান্নাহ (অর্থাৎ বেহেস্তের নিশ্চয়তা) এবং 'নূন'- নাজাত মিন্নার অর্থাৎ দূজকের আগুণ থেকে মূক্তি!

সূতরাং যে যেভাবেই উপমার সহিত বর্ণণা করুন, একথা বলার বা বুঝার অপেক্ষা রাখেনা যে পবিত্র মাহে রমাদান একাধারে রহমতে মাগফিরাতের ,জান্নাত হাসিলের এবং জাহান্নামের আগুন থেকে আত্মরক্ষার মাস! এই 'সেল' বা সূবর্ণ সুযোগ নিতান্ত হতভাগা ছাড়া কারো হেলায় হারানো উচিৎ নয়!

মহান আল্লাহ এই পবিত্র মাসে কোটি কোটি আত্মাকে ক্ষমা প্রদর্শন করবেন! কবরের আজাব রহিত করবেন! বড় বড় শয়তানকে শৃংখলিত শিকল বন্দী করবেন! বেহেস্তকে নব-রূপে সুসিজ্জিত করে আলোক সজ্জা করবেন! আমরা যেন পবিত্র রমজানের অশেষ রহমত ও বরকত থেকে বঞ্চিত না হই -আমিন!

আটলান্টা, জর্জিয়া!

RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers.

ElderServe Health, Inc, doing business as RiverSpring Health Plans, contracts with both the Centers for Medicare and Medicaid Services and the New York State Department of Health to offer you personalized care coordination and help you remain in your own home and live as independently as possible.

RiverSpring Health Plans offers a care management concierge service that provides our members, their families and caregivers with truly personalized support. **We are the family that families reach out to in times of need**. RiverSpring Health Plans touches the lives of more than 15,000 New Yorkers, bringing care and compassion into the homes of our members 24 hours a day, 7 days a week.

RiverSpring Health Plans operates RiverSpring MAP (HMO-D-SNP), a dual Medicare and Medicaid plan that offers affordable prescription drug coverage, access to the best doctors and hospitals, in addition to a $155 a month over the counter benefit, and more. With RiverSpring MAP, our members will have a "one-stop shop" and receive covered Medicare and Medicaid benefits through a single plan and a trusted care team.

Call 1-800-362-2266 (TTY: 711) from 8am-8pm Eastern Time, 7 days a week and a RiverSpring MAP benefits professional will be happy to answer questions about the services available to you. RiverSpring Health Plans has several plan options and we can help you choose the right one for you.

RiverSpring MAP is an (HMO D-SNP) plan with Medicare and Medicaid contracts. Enrollment in RiverSpring MAP depends on contract renewal.

ElderServe Health, Inc. complies with applicable Federal civil rights laws and does not discriminate on the basis of race, color, national origin, age, disability, or sex.

You can get this information for free in other languages. Call 1-800-362-2266 and TTY/TDD: 711 during 8 a.m. – 8 p.m. Eastern Time, 7 days a week. The call is free.

RiverSpring Health Plans

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা জরুরি

বিশ্বব্যাপী মানবজাতির সামনে সবচেয়ে বড় সংকট এখন জলবায়ু পরিবর্তন। বৈশ্বিক উষ্ণায়নের কারণে মেরু অঞ্চলের বরফ গলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ক্রমেই বাড়ছে। ক্রমেই বেশি করে ডুবছে উপকূলীয় নিম্নাঞ্চল। বাড়ছে জলবায়ু উদ্বাস্তুর সংখ্যা। এই অবস্থায় বৈশ্বিক উদ্যোগ আরো জোরদার করা প্রয়োজন। কিন্তু বাস্তবে বৈশ্বিক উদ্যোগ যেমন কম, সেসবের বাস্তবায়ন আরো হতাশাজনক। এমন পরিস্থিতিতে আগামী ২২ ও ২৩ এপ্রিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন জলবায়ু-বিষয়ক শীর্ষ সম্মেলনের আয়োজন করেছেন। সেই সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানাতে ঢাকায় আসেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের জলবায়ুবিষয়ক বিশেষ দূত জন কেরি। তিনি শুক্রবার বিকেলে গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, যুক্তরাষ্ট্র প্যারিস চুক্তিতে ফিরে আসায় জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বৈশ্বিক উদ্যোগে নতুন করে গতি সঞ্চারিত হবে। প্রধানমন্ত্রী জলবায়ুবিষয়ক ভার্চুয়াল লিডার্স সম্মেলনে আমন্ত্রণের জন্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনকে ধন্যবাদ জানান। আশা করা হচ্ছে, ৪০টিরও বেশি দেশ এই সম্মেলনে অংশ নেবে। ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস জানিয়েছে, আসন্ন জলবায়ু সম্মেলনে জলবায়ু পরিবর্তনের প্রভাবে ঝুঁকিতে থাকা দেশগুলোর নেতৃত্বে বাংলাদেশের অবদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশেষ স্বীকৃতি দেওয়া হবে।

ঢাকায় সংক্ষিপ্ত সফরের সময় জন কেরি বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠকে মিলিত হন। এরপর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বক্তব্য দেন জন কেরি। এ সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে যুক্তরাষ্ট্রের সাবেক এই পররাষ্ট্রমন্ত্রী রোহিঙ্গা ইস্যুতে খোলামেলা বক্তব্য দেন। তিনি বলেন, রোহিঙ্গাদের সঙ্গে যা করা হয়েছে এবং এখন মিয়ানমারের জনগণের সঙ্গে যা করা হচ্ছে, তা বর্তমান বিশ্বে অন্যতম বড় নৈতিক চ্যালেঞ্জ। বি-পুলসংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় প্রদান প্রসঙ্গে বাংলাদেশের প্রশংসা করে জন কেরি বলেন, বাংলাদেশ রোহিঙ্গাদের প্রতি যে অসাধারণ মানবতা প্রদর্শন করেছে, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন সে জন্য বাংলাদেশের প্রতি কৃতজ্ঞ। তিনি বলেন, রোহিঙ্গাদের সম্মানজনক প্রত্যাবাসনে বিশ্বসম্প্রদায়ের উদ্যোগ আরো বাড়ানো উচিত। নিজের অভিজ্ঞতা তুলে ধরে জন কেরি বলেন, 'আমি নিজে নেপিডো গিয়েছি এবং জেনারেলদের সঙ্গে দেখা করেছি। আমরা অনেক চেষ্টা করেছি এমন একটি জবাবদিহি নিশ্চিত করতে, যা সর্বজনীন মান এবং জনগণ ও রাষ্ট্রগুলোর সঙ্গে সংগতিপূর্ণ। তারা আমাদের এ প্রচেষ্টাকে সম্মান করেনি।' তিনি বলেন, যুক্তরাষ্ট্রের নতুন প্রশাসন রোহিঙ্গা ইস্যুতে খুবই সজাগ। সংকট সমাধানে সম্ভাব্য সব কিছুই করা হবে।

প্যারিস সম্মেলনে বড় অর্থনীতির দেশগুলো জলবায়ু অর্থায়নের জন্য ১০০ বিলিয়ন ডলারের যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই প্রতিশ্রুতি পূরণ হয়েছে খুব সামান্যই। প্রধানমন্ত্রীর সঙ্গে একমত হয়ে আমরাও আশা করছি, প্যারিস সম্মেলনে যুক্তরাষ্ট্রের ফিরে আসা নড়বড়ে বৈশ্বিক উদ্যোগকে জোরদার করবে। পাশাপাশি ঝুঁকিতে থাকা দেশগুলো তাদের জনগোষ্ঠীকে রক্ষায় প্রকৃত অর্থেই কিছু



গৌতম দাস

জন কেরির ঢাকা সফর

প্রেসিডেন্ট বাইডেনের ক্লাইমেট-বিষয়ক বিশেষ দূত আমেরিকার এক সাবেক ভাইস-প্রেসিডেন্ট জন কেরি গত শুক্রবার পুরা 'ওয়ার্কিং ডে' বাংলাদেশ সফরে কাটিয়ে গেলেন। এর আগে তার দিল্লি সফর শেষ করে তিনি সেখান থেকে বাংলাদেশে আসেন আর এই অবস্থানের সময় ছিল বেলা ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

প্রথমত কেন একজন সাবেক ভাইস-প্রেসিডেন্ট জন কেরিকে বাইডেন বিশেষ দূত করেছেন? অর্থাৎ তিনি ট্রাম্পের মতো দায়িত্বজ্ঞানহীন নন বরং উল্টা অবস্থানে; ক্লাইমেট ইস্যুতে অনেক সিরিয়াস সেই ম্যাসেজ তিনি দিতে চেয়ে এত সিনিয়র একজনকে নিয়োগ দিয়েছেন। আমেরিকায় দুই প্রধান রাজনৈতিক দল ডেমোক্র্যাট আর রিপাবলিকান– এদের মধ্যে মূল ফারাক মনে করা হয় প্রথমটা যদি তুলনামূলক 'উদার' বলা হয় তবে পরের বা অন্য দলটাকে সেই বিচারে 'রক্ষণশীল' বলবেন অনেক। যদিও পশ্চিমা দেশগুলোতে আদৌ উদার বা লিবারেল বলে কোনো কোনো রাজনীতি আছে কি না এই প্রশ্ন নাইন-ইলেভেনের পর থেকে দুনিয়ায় সব কর্নার থেকেই উঠে গিয়েছে। যদিও সেটা একালে উঠুক আর নাই উঠুক সবসময়ই 'লিবারেল' কথাটার আসল মানে হলো, আমার হাতের ক্ষমতা যতক্ষণ পর্যন্ত না কেউ চ্যালেঞ্জ করছে বা আমি চ্যালেঞ্জড হয়ে যাচ্ছি ততক্ষণ আমি খুবই লিবারেল। অর্থাৎ এর সোজা মানে হলো, 'আমার ক্ষমতা চ্যালেঞ্জ হয়ে গেলে আমি আমার সবার চেয়ে খারাপ ও নৃশংস রূপটাই দেখাব।' এই কোটেট বাক্যটাই হলো, লিবারিজমের প্রকৃত সংজ্ঞা।

তবু আমেরিকান অভ্যন্তরীণ বিচারে উদার বনাম রক্ষণশীলতা, এটাই ডেমোক্র্যাট আর রিপাবলিকান এ দুই দলের আসল ফারাক নয়। এদের মূল ফারাক হলো পাবলিকের ওপর (আসলে বড় অংশটাই মূলত ব্যবসায়ীদের উপর) ট্যাক্স আরোপ করা না করা নিয়ে। সরকারি ট্যাক্স যত কম আরোপ করা যায় রিপাবলিকানরা হলো এমন নীতির পক্ষের দল। এ কারণে অনেকে বলেন এরা প্রধানত ব্যবসায়ী বা বড়লোকদের দল ও সরকার। আসলে ট্যাক্স আরোপ ও আদায় মানে হলো স্বল্প আয়ের মানুষের জন্য স্বাস্থ্য-শিক্ষা ইত্যাদি ধরনের পাবলিক সার্ভিসে অর্থ ব্যয় করার পক্ষে সরকারের সক্ষমতা। তাই ট্যাক্স কথাটার সোজা মানে গিয়ে দাঁড়ায় নানা ধরনের পাবলিক সার্ভিস দিতে সরকার অর্থ ব্যয় করবে কি না বা দায়িত্ব নিবে কি না। ডেমেক্র্যাটরা বলবে হ্যাঁ নিবে আর রিপাবলিকানরা বলবে না নিবে না, যত পারে কম নিবে।

এখন মনে হতে পারে, পাবলিকের থেকে ট্যাক্স সংগ্রহ করে সরকার সে অর্থ ব্যয়ের ব্যবস্থা করবে না এ কথাটা নৈতিক দিক থেকে রিপাবলিকানরা তাদের মূলনীতি এমন কথাটা প্রকাশ্যে বলে কী করে? হ্যাঁ, অবশ্যই এত অনৈতিকভাবে রিপাবলিকানরা তাদের কথা বলে না। তাদের মনের কথা বলতে যদি পুরো সুযোগ দেয়া হয় তবে জানা যাবে তাদেরও একটি শক্ত যুক্তি আছে বলে তারা মনে করে। সেটা হলো, সরকারের হাতে ট্যাক্সের মাধ্যমে সংগৃহীত অর্থ থাকা মানেই সেই অর্থ ব্যবহারের ক্ষেত্রে এক বিরাট অংশ অপচয় করে ফেলার সম্ভাবনা। দুনিয়ার সবচেয়ে দক্ষ সরকারটাও অপচয়ের অভিযোগ থেকে মুক্ত নয়, এই হলো রিপাবলিকানদের সাফাই।

যদিও রিপাবলিকানদের যুক্তিতে সবচেয়ে বড় খুঁত ও ফুটাটা হলো, বাণিজ্য-বিনিয়োগের সোজা মানেই হলো, উদ্বৃত্ত-সঞ্চিত অর্থ কেবল কিছু লোকের হাতেই জড়ো হয়ে যাওয়া; অর্থাৎ যা সমাজে মারাত্মক অর্থনৈতিক অসাম্য তৈরি ও বৈষম্যহীনতা বাড়িয়েই চলবে। এই খারাপ প্রভাব কমাতে চাইলে সরকারের ট্যাক্স আরোপ অন্তত একটি পথ। কারণ এতে সঞ্চিত অর্থ রিডিস্ট্রিবিউট করার একটি উপায় পাওয়া যায়। তাই অপচয় হয় কথা সত্য, তবু এই কথার আড়ালে অর্থ-সম্পদে ধনীদের পক্ষে যুক্তি সাজানো গ্রহণযোগ্য নয়। তবু এরাই আমেরিকায় রিপাবলিকান!

গত ২০০১ সালের প্রেসিডেন্ট বুশ থেকে একালে ট্রাম্প পর্যন্ত রিপাবলিকানরা কখনোই ক্লাইমেট ক্ষতি করার দায় বা পাল্টা পদক্ষেপ নেয়া– এরা রিপাবলিকান কোনো প্রেসিডেন্টই তা করেনি। অর্থাৎ রিপাবলিকান দল ও এদের প্রেসিডেন্টরা অবলীলায় দুনিয়া ধ্বংস করে চলবে, দু'হাতে মুনাফা কামিয়ে চলবে কিন্তু কোনো দায় নেবে না এমনই বেপরোয়া হয়ে



থাকবে– এটাই রিপাবলিক-ইজম। এই আলোকে পাগলামির ভাব ধরে ট্রাম্প এমনই বিজ্ঞানবাদী হয়ে হাজির হয়েছিল যে মানুষ চাইলে প্রকৃতির ওপর যেন সে যথেচ্ছাচার করতেই পারে, তিনি এমনই বেপরোয়া।

সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার সময়কালে ২০১৫ সালের ডিসেম্বরে প্যারিসে কপ-২১ নামের এক সম্মেলনে জলবায়ু চুক্তির ব্যাপারে সম্মত হন বিশ্বনেতারা। যুক্তরাষ্ট্রসহ বিশ্বের ২০০টি দেশ এতে স্বাক্ষর করে। কিন্তু দায়িত্বজ্ঞান লোপ পাওয়া এক দেউলিয়া ব্যবসায়ী প্রেসিডেন্ট ট্রাম্প, তিনি ওই চুক্তি থেকে আমেরিকার নাম প্রত্যাহার করে এনেছিলেন। আর এর বিপরীতে অন্তত তুলনামূলকভাবে দায়িত্ববোধের পরিচয়ে বাইডেন আবার প্যারিস চুক্তিতে আমেরিকাকে অন্তর্ভুক্ত করিয়েছেন।

তবে অন্য আরেক দিক আছে। সময়টা এখন গ্লোবাল অর্থনীতির নেতা বদলের; আমেরিকার বদলে চীনের উত্থান ওই আগমনের। ফলে নেতৃত্বের প্রতিযোগিতায় ট্রাম্পের কারণে দায়ীত্বজ্ঞান লোপ-পাওয়া এক নেতা হিসেবে তিনি আমেরিকাকে পরিচিতি দিয়েছিলেন ও তাতে আমেরিকা পিছিয়ে পড়েছিল। ফলে বাইডেনের বিজয়ে ক্লাইমেট ইস্যুতে পরে যেন চীন ও আমেরিকা না কোনো অশুভ-ক্ষতিকর প্রতিযোগিতায় মেতে উঠে যে কে ক্লাইমেট ইস্যুতে মূল নেতা হবে– আমেরিকান থিংকট্যাংকগুলো থেকে এ নিয়ে সতর্ক করা হচ্ছিল। তাদের পরামর্শ ছিল এটি হলে তা বিরাট ভুল হবে। বাইডেন মনে হচ্ছে সে পরামর্শ আমল করেছেন। যেমন বড় অর্থনীতির দেশগুলো আর ক্লাইমেট ইস্যুতে কার্বন-নিঃসরণ প্রায় না ঘটিয়েও বাংলাদেশের মতো বেশি ক্ষতিগ্রস্ত দেশগুলো– এমন ৪০ দেশকে আমন্ত্রণ জানিয়ে বাইডেন এই ভার্চুয়াল গ্লোবাল সম্মেলন আয়োজন করেছেন আগামী ২২-২৩ এপ্রিল। তবে বাইডেনের এই আয়োজনে ইতিবাচক দিক থেকে অনেক কিছুই পদক্ষেপ নেয়া হয়েছে যেখানে, ক্ষতিকারক প্রতিযোগিতা যেগুলো হতে পারে তা এড়িয়ে চলা হয়েছে। যেমন আমেরিকান প্রধান প্রতিদ্বন্দ্বী চীনকেও বাইডেনের ক্লাইমেট সম্মেলনে আমন্ত্রণ করা হয়েছে। আর এর চেয়েও বড় আরেক তাৎপর্যময় ঘটনা হলো পুতিনের রাশিয়াকেও আমন্ত্রণ জানানো হয়েছে।

এটি অনেক বড় তাৎপর্যপূর্ণ এ জন্য যে, সোভিয়েত ইউনিয়ন রাষ্ট্র ভেঙে ১৬ টুকরা হয় ১৯৯২ সালে। এরপর রাশিয়াকে বড় অর্থনীতির সাত রাষ্ট্রের ক্লাব গ্রুপ সেভেন বা জি-সেভেন-এর মধ্যে রাশিয়াকে ঢুকিয়ে সমতুল্য বড় নেতা করে নেয়া হয়েছিল ১৯৯৭ সালে। এতে তা হয়ে যায় জি-এইট ক্লাব। কিন্তু সোভিয়েত ইউনিয়ন ভেঙে বের হওয়া ছোট রাষ্ট্রগুলোতে রাশিয়ার প্রভাব-সম্পর্ক যেন নিঃশেষ হয়ে যায় আর বিপরীতে যেন আমেরিকা ও ইউরোপের প্রভাব একচেটিয়া হয়ে বেড়ে চলে– পশ্চিমের এই কাড়াকাড়ির নীতির কারণে রাশিয়া-আমেরিকার অবস্থান-সঙ্ঘাত মুখোমুখি হয়ে বাড়তে থাকে। এতে রাশিয়া ক্রিমিয়া দখল করেছে এই অজুহাতে রাশিয়াকে জি-এইট ক্লাব থেকে বের করে দিয়ে বাকি নিজেরা আবার জি-৭ ক্লাব হয়ে যায় আর ২০১৪ সালে আমেরিকা রাশিয়ার ওপর অর্থনৈতিক অবরোধ করে। অন্য ভাষায় বললে, চীনের সাথে ক্রমে পেরে না উঠে ঢলে পড়া আমেরিকার যাকেই প্রতিদ্বন্দ্বী মনে হয় তাকেই সে অর্থনৈতিক অবরোধের অস্ত্র (যা মূলত ডলারে বৈদেশিক বাণিজ্য করতে বাধা দেয়া) অপব্যবহার করে এসেছে, তাতে সেটি ইরান বা রাশিয়া ইত্যাদি যেই রাষ্ট্রই হোক। আর সেই থেকে আমেরিকাই যেন নিজের বিরুদ্ধে চীন-রাশিয়ার বিশেষ অর্থনৈতিক সম্পর্ক জোট গড়ে উঠুক সে দিকে ঠেলে দিয়েছিল। তাই স্বভাবতই চীন রাশিয়ার (প্রথমে রাশিয়া পরে ইরানও) তেল ও গ্যাসের সরবরাহ পাবার বিনিময়ে চীনের বিপুল বিনিয়োগ পায় এ দুই দেশ। আর এভাবেই তারা আমেরিকান অবরোধের প্রভাব মারাত্মকভাবে পড়া ঠেকিয়ে দিয়েছে।

কিন্তু তাৎপর্যপূর্ণ হলো, বাইডেন নির্বাচিত হওয়ার পরও রাশিয়ার সাথে প্রকাশ্যে ও নাম ধরে সঙ্ঘাতময় সম্পর্ক প্রকাশিত করে ফেলেছিল। কিন্তু তা সত্ত্বেও প্রায় আট বছরের ব্যতিক্রম ঘটিয়ে রাশিয়াকেও এবারের ক্লাইমেট সম্মেলনে বাইডেন আমন্ত্রণ জানিয়েছেন। এতে বাইডেন যে ম্যাসেজ দিতে চাইছেন তা হলো, বিভিন্ন প্রতিদ্বন্দ্বী রাষ্ট্রের সাথে আমেরিকার যতই স্ট্র্যাটেজিক বা বাণিজ্যিক বিরোধ থাক না কেন, ক্লাইমেট ইস্যুতে তিনি এসব বিরোধকে পাশে সরিয়ে রেখে হলেও সব রাষ্ট্রের সাথেই কাজ করতে চান।

এর মানে জন কেরির ঢাকা সফরকে আমাদের এই আলোকে দেখতে যেন পরামর্শ দিচ্ছেন বাইডেন! মানে আমেরিকার সাথে আমাদের সরকারের

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

নামাজের সময়-সূচী

এপ্রিল	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
ফজর	৫.০২	৫.০০	৪.৫৮	৪.৫৬	৪.৫৪	৪.৫৩	৪.৫১
সূর্যোদয়	৬.২২	৬.২০	৬.১৯	৬.১৭	৬.১৬	৬.১৪	৬.১৩
জোহর	১২.৫৭	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৬	১২.৫৫	১২.৫৫
আসর	৫.৩৬	৫.৩৭	৫.৩৮	৫.৩৮	৫.৩৯	৫.৪০	৫.৪০
মাগরিব	৭.৩২	৭.৩৩	৭.৩৪	৭.৩৫	৭.৩৭	৭.৩৮	৭.৩৯
এশা	৮.৫১	৮.৫২	৮.৫৩	৮.৫৫	৮.৫৬	৮.৫৭	৮.৫৯

আপনি যে পতনের দ্বারপ্রান্তে তা বুঝবেন কিভাবে?



গোলাম মাওলা রনি

আপনি যদি নিজের পতনের শঙ্কায় আতঙ্কিত অনুভব করেন, আপনার উচিত নিজের উত্থানের বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা। কারণ হাজার বছরের মানবজাতির উত্থান-পতনের একটি সরলসমীকরণ হলো– যার যেভাবে উত্থান হয় সেভাবেই তার জন্য অনিবার্য পতন অপেক্ষা করতে থাকে। আপনার পতনটি যখন আপনার জন্য অপেক্ষা করতে থাকে তখন আপনাকে ঘিরে হররোজ প্রকৃতির কতগুলো লীলাখেলা ঘটতে থাকে। এরপর পতনের ক্ষণ যখন সমাগত হয় এবং আপনার কণ্ঠনালীর কাছাকাছি এসে যায় তখন দুনিয়ার সব মানুষ বুঝতে পারে যে, আপনার অন্তিম সময় সমাগত। কিন্তু নিয়তির নিষ্ঠুর ও নির্মম পরিহাস হলো, সব মানুষ এমনকি আপনার পোষা বিড়ালটি আপনার পরিণতি সম্পর্কে যা বুঝতে পারে তার কিছুই আপনি টের পাবেন না।

আপনার উত্থানটি যদি ভালো হয় সে ক্ষেত্রেও আপনার পতন মন্দ হতে পারে যদি উত্থান ও পতনের মধ্যকার সময়টুকু আপনি নিজেকে দানব-দানবীর মতো ভাবেন এবং সব মন্দ কর্মকে নিজের জন্য অপরিহার্য বানিয়ে নেন, অর্থাৎ আপনার আহার-নিদ্রা ও বর্জ্য ত্যাগের মতোই মন্দ কর্ম যখন আপনার বেঁচে থাকার অনুষঙ্গে পরিণত হয় তখন এটা নিশ্চিত করে বলা যায় যে, এক ভয়ঙ্কর নিয়তি আপনাকে পতনের অন্তিমপ্রান্তে ক্রমাগত টেনে নিয়ে যাচ্ছে। অন্য দিকে, যদি আপনার অবৈধ উত্থান নিশ্চিত ও ঘৃণিত কর্ম দিয়ে জীবন শুরু এবং অন্যের হক নষ্ট করে তা লুণ্ঠন করে সেটাকে নিজের সিংহাসন বানিয়ে যদি আপনার কর্মযাত্রা হয় তবে আপনি নিশ্চিত থাকুন, আপনার কোনো শুভ কর্ম, সৎ প্রচেষ্টা এবং সাঙ্গ-পাঙ্গদের হাজার ফন্দিফিকিরও আপনার নিয়তির গন্তব্যের কোনো হেরফের ঘটাতে পারবে না।

উত্থান-পতনের এ সহজ সরল সমীকরণটি সবার জন্যই সমভাবে কার্যকর। অর্থাৎ একজন প্রান্তিক কৃষক অথবা ভবঘুরে ভিক্ষুকের জন্য যেমন পরিণতি অপেক্ষা করে তদ্রূপ রাজা-মহারাজা, পাইক-পেয়াদা, আমির-ওমরাহ-উজির-নাজির থেকে শুরু করে ধর্মালয়ের সেবায়েত কিংবা জল্লাদ-সবাইকেই নিজ পরিণতি ভোগ করতে হয়। নিয়তির নির্মম পরিণতি কখনো একক ব্যক্তির জন্য এককজনে আবির্ভূত হয়, আবার গোষ্ঠী-দল-সম্প্রদায় অথবা দেশ-জাতি-রাষ্ট্রের জন্য যুগপৎভাবে আসে। আজকের আলোচনায় ব্যক্তির ব্যক্তিগত জীবনের রস ও রসায়নে, সেটিও মননে এবং আচরণে কিরূপে পতনের চিহ্নসমূহ ফুটে ওঠে সে ব্যাপারে আলোকপাতের চেষ্টা করব।

প্রথমেই আপনার বাহ্যিক আচার-আচরণ ও পোশাক-পরিচ্ছদ সম্পর্কে কিছু বলা আবশ্যক। আপনি যখন পতনের দ্বারপ্রান্তে পৌঁছবেন তখন হঠাৎ করেই আপনি অতিরিক্ত স্টাইলিস্ট হয়ে পড়বেন। নিত্যনতুন পোশাক, অলঙ্কার এবং সুগন্ধির জন্য আপনি অঢেল অর্থ ব্যয় করবেন। আপনার এসব সাজসজ্জা প্রায়ই হাস্যকর ও বেমানান হয়ে পড়বে। অর্থাৎ আপনি যদি বুড়াবুড়ি হন তবে যুবক-যুবতীদের মতো রং-চঙের পোশাক পরে আপনি যে ঢঙীপনা শুরু করবেন তা দেখে চার পাশে হাস্যরসের বন্যা বয়ে যাবে। আপনার কথাবার্তা, হাসি-তামাশা, প্রেম-ভালোবাসা, কাম-ক্রোধ, কোনোটিরই ধারাবাহিকতা থাকবে না। সকালে যদি আপনি 'আকাশ' বলেন তা দুপুরে এসে হয়ে যাবে 'বাতাস'। আবার 'বাতাস বাতাস' বলে যে চিৎকার-চেঁচামেচি শুরু করলেন তা বিকাল বেলায় 'বাতাসা' হয়ে যাবে। এভাবে দিনে রাতে আপনি অন্তত পাঁচ-ছয় রকমের কথাবার্তা বলবেন যা আপনার কাছে মনে হবে মেধা ও মননশীলতার উৎকর্ষ কিন্তু সাধারণ মানুষ বুঝে ফেলবে যে, কাজ শেষ হবার পর্যায়ে চলে এসেছে।

পতনের দ্বারপ্রান্তে পৌঁছালে আপনি মনে করবেন, কেবল আপনিই ভালো– বাকিরা খারাপ, আপনার আরো মনে হবে, আপনি হলেন পরশ পার্থ আপনার স্পর্শে সব কিছু স্বর্ণে পরিণত হয়। ফলে পৃথিবীর উর্বর মরুভূমি, দুর্গন্ধযুক্ত ময়লার ড্রেন, দুর্গম শিলাময় পাহাড় ইত্যাদি সব কিছুকে আপনার স্পর্শ লাগিয়ে স্বর্ণে পরিণত করার মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য আপনি হাজার বছর বেঁচে থাকার চেষ্টা করবেন। আপনার মনে হবে– আপনার মধ্যে অলৌকিক বা অতীন্দ্রিয় কিছুর অনুপ্রবেশ ঘটেছে। ফলে আপনি আর নিজেকে সাধারণ মানুষ ভাবতে পারবেন না। এই পর্যায়ে আপনার মধ্যে মনুষ্যজাত সম্পর্কে এক ধরনের তুচ্ছ-তাচ্ছিল্যের ভাব পরিস্ফুট হয়ে উঠবে। আপনি মানুষজনকে অপমান করবেন এবং সবাইকে অবিশ্বাস করা শুরু করে দেবেন। কাউকে বিশ্বাস করা, কারো প্রতি নির্ভর করা এবং কারো সাহায্যের প্রত্যাশা আপনার মন মানসে স্থান পাবে না। আপনার মনে হবে, সবাই আপনার ক্রীতদাস-দাসীর ন্যায়। দাস-দাসীদের যেমন কোনো ইচ্ছা-আকাঙ্ক্ষা-চাহিদা থাকা অপরাধ হিসেবে গণ্য হয় তদ্রূপ আপনিও মনে করতে থাকবেন, আপনার অধীনস্থদের কোনো চাওয়া-পাওয়া, বলা-দেখার অধিকার সেই।

পতন যখন আপনার ঘরের চারদিকে উঁকিঝুঁকি দেবে তখন আপনার মধ্যে অহেতুক এবং অপ্রয়োজনীয় কাজ করার প্রবণতা প্রবল হয়ে উঠবে। আপনি প্রয়োজন বাদ দিয়ে অপ্রয়োজনের পেছনে ছুটবেন এবং মানুষের মুখের অন্ন কেড়ে নিয়ে সেগুলোকে পশু-পাখির খাদ্যে রূপান্তরের মধ্যে একধরনের ফুর্তি ফুর্তি ভাব খুঁজে পাবেন। আপনার প্রাত্যহিক জীবনাচরণে ন্যাকামো বেড়ে যাবে। কিশোর-কিশোরীদের মতো চটুল কথাবার্তা এবং বানিয়ে বানিয়ে অভিনব মিথ্যা কথা বলে সবাইকে অবাক করে দেয়াকে নিজের সফলতা মনে করতে আরম্ভ করবেন। আপনার জীবনে এই সময়ে অপব্যয়ের পরিমাণ মারাত্মকভাবে বেড়ে যাবে। নিজের সহায় সম্পত্তি গোপনে বিক্রি করে অথবা চড়া সুদে ঋণ গ্রহণ করে হলেও আপনার অন্তিম দিনগুলোতে বিলাসিতার পরিমাণ বাড়িয়ে দেবেন। লোকজনকে চমক দেখানোর জন্য আপনি অহেতুক মজমা-মজলিস বা দরবার অনুষ্ঠানের আয়োজন করবেন।

অন্তিম সময়ে আপনার আরেকটি বৈশিষ্ট্য হবে, মন্দ লোকদের 'বাজার মেলানো'। আপনার অধিক্ষেত্রে যত মন্দ লোক রয়েছে আপনি তাদের সেভাবে আকর্ষিত করতে থাকবেন যেভাবে একটি মৌচাকের রানী মৌমাছি হাজার হাজার সাধারণ মৌমাছিকে আকর্ষণ করে থাকে। আপনার আশ্রয় প্রশ্রয়ে থেকে, মন্দ লোকেরা উত্তম লোকদের কিভাবে পরিচালনা করতে হয় সেই নীতিমালা প্রণয়ন করবে। অধার্মিকরা ধার্মিকদের ধর্মগুরু হিসেবে নিয়োগ পাবে। চোরেরা মালখানার দায়িত্ব পাবে এবং ধর্ষকেরা নারী নির্যাতন প্রতিরোধ কমিটির প্রধান হবে। শিশু পাচারকারী ও বলাৎকারকারীরা শিশু অধিকার প্রতিষ্ঠার জন্য পুরস্কৃত হবে এবং মিথ্যাবাদীরা সব শ্রেণীর ওপর প্রভুত্ব করার জন্য নিয়োগপ্রাপ্ত হবে।

আপনি রুচিবোধ এবং পছন্দ অপছন্দের ক্ষেত্রেও বিতর্কিত হবেন। আপনার নিকট ঘোড়ার চেয়ে গাধাদেরই উত্তম মনে হবে এবং গাধার প্রজনন বৃদ্ধি ও ঘোড়া নির্মূল প্রকল্পের জন্য আপনি সর্বশক্তি নিয়োগ করবেন। আপনি বাঘ সিংহের পরিবর্তে বিড়ালের গুরুত্ব সম্পর্কে অভিনব আবিষ্কার করে ফেলবেন এবং বনাঞ্চলে কামান দাগিয়ে বনের রাজাদের নির্মূল করে সেখানে বিড়ালদের অভয়ারণ্য তৈরি করে ফেলবেন। আপনার কাছে কোকিলের চেয়ে কাকের ডাক যুৎসই মনে হবে এবং গরুর পরিবর্তে ছাগল দিয়ে কিভাবে হালচাষ করা যায় তা আবিষ্কারের জন্য বিজ্ঞানীদের নিয়োগ দেয়ার কথা ভাববেন। আপনার কাছে নদীর স্রোত, মেঘের গর্জন, বাতাসের শব্দ ইত্যাদি যেমন অসহ্য মনে হবে তেমনি সূর্যের আলো এবং দিবালোকের কাজকর্মের পরিবর্তে অমাবস্যার নিশুতি রাতের যাবতীয় ক্রীড়া কান্ড শোভন বলে বিবেচিত হবে।

পতন দ্বারা প্রলুব্ধ হয়ে আপনি আপনজনকে চিনতে পারবেন না। অধিকন্তু, জাত শত্রুদের মিত্র বানানোর জন্য পাগলপারা হয়ে পড়বেন। আপনি নিজে যেমন কারো প্রশংসা করতে চাইবেন না, তদ্রুপ আপনার কাছে যদি কেউ অন্য কারো প্রশংসা করে তবে আপনি প্রশংসাকারী এবং প্রশংসিত ব্যক্তি উভয়কেই আপনার শত্রু তালিকায় লিপিবদ্ধ করে ফেলবেন। এই রোগটি আপনার ক্ষেত্রে এত সর্বগ্রাসীরূপে দেখা দেবে যে, নিজের পুত্র-কন্যা, ভাই-বোনদের প্রশংসাও আপনার কাছে অসহ্য মনে হবে। নানা রকমের সন্দেহবাতিক আপনাকে পেয়ে বসবে এবং অজানা শঙ্কায় কেবল সন্দেহের কারণে নিরপরাধ লোকদের ক্ষতি করতে থাকবেন। ব্যক্তিগত জীবনে অশ্লীলতা, উলঙ্গতা, নোংরামি বৃদ্ধি পাবে এবং মাঝে মধ্যে আপনার নিকট নিজের জীবনটিকে বোঝা বলে মনে হবে। নিজের মনের গহিনের বেদনা শঙ্কা ভয়কে আড়াল করার জন্য আপনি মন্দ লোকের সংস্পর্শ এবং অহেতুক বাদ্য-বাজনা আলোকসজ্জার মাধ্যমে ফুর্তি করার ব্যাপারে বাড়াবাড়ি শুরু করবেন। ফলে আপনার নিদ্রা জাগরণ খাওয়া দাওয়া ইত্যাদি প্রাত্যহিক ফর্মে মারাত্মক অসামঞ্জস্য দেখা দেবে। জাগ্রত অবস্থায় আপনি সর্বদা নিজেকে রঙ্গমঞ্চের নায়ক নায়িকার মতোই সাজুগুজুর মধ্যে যত রাখেন না কেন তা সম্পূর্ণ বুমেরাং হয়ে যাবে নিদ্রার সময়ে। শত চেষ্টা করেও প্রকৃতির স্বাভাবিক নিয়মে ঘুমাতে পারবেন না। বড়জোর তন্দ্রাচ্ছন্ন হতে পারবেন। কিন্তু ভয়ঙ্কর সব দুঃস্বপ্নের ভয়ে আপনি দু'চোখের পাতা একত্র করতে পারবেন না। ফলে ক্লান্তি বিষাদ এবং অন্যান্য মানবিক দুর্বলতাজনিত কারণে তন্দ্রাচ্ছন্ন হওয়ার সঙ্গে সঙ্গে দুঃস্বপ্নের করালগ্রাসে আপনার মস্তিষ্কের নার্ভগুলো ছিন্নবিচ্ছিন্ন হতে থাকবে যা আপনাকে শেষ অবধি বুদ্ধিপ্রতিবন্ধী বানিয়ে ফেলবে।

পতনকালে পৃথিবীর যাবতীয় সুস্বাদু খাদ্যের ওপর থেকে আপনার রুচি এবং আকর্ষণ কমে যাবে। আপনার ঘ্রাণশক্তিতেও অদ্ভুত পরিবর্তন আসবে। ভালো ঘ্রাণ অনুভব করবেন না– কিন্তু দুর্গন্ধ দ্বারা প্রতিক্ষণে অত্যাচারিত হবেন। আপনার শ্রবণশক্তিও আপনার সঙ্গে বেঈমানি করবে। পৃথিবীর যাবতীয় শুভ, কল্যাণকর এবং আনন্দদায়ক শব্দলহরী আপনার কর্ণ কুহরে প্রবেশ করবে না। কিন্তু আজেবাজে শব্দ, অপ্রয়োজনীয় ও ক্ষতিকর কথাবার্তা আপনার কানের মধ্যে ঢোকার জন্য ভয়াবহ ট্রাফিক জ্যামের সৃষ্টি করবে। জীবনের এই পর্যায়ে আপনার শরীরের রেকটাম ও রেচনতন্ত্র আপনাকে নিদারুণ ভোগাবে। পরিপাকতন্ত্রও উল্টাপাল্টা আচরণ শুরু করবে। হাঁচি কাশি, ঘাম ইত্যাদি দুর্গন্ধ ছড়াবে। ফলে পৃথিবীর আলো-বাতাস, পরিবেশ প্রতিবেশের জন্য আপনি বিষাক্ত হয়ে পড়বেন।

উল্লিখিত লক্ষণগুলো যদি আপনার শরীর-মন এবং মস্তিষ্কে দেখা দেয় তাহলে আপনি নিশ্চিত ধরে নিতে পারেন যে, পতনের নির্মম পরিণতি আপনাকে হাতছানি দিয়ে ডাকছে। আপনি শত চেষ্টা, বহুরূপী ছলাকলা কিংবা জাদুটোনার অপতৎপরতা দ্বারা নিয়তির অভিযাত্রা রুখে দিতে পারবেন না। অধিকন্তু শেষ সময়ে যত বেশি ভন্ডামিমূলক কাজ করবেন, তত বেশি নির্মম পরিণতি দ্বারা আক্রান্ত হবেন।

লেখক: সাবেক সংসদ সদস্য

পতনের দ্বারপ্রান্তে পৌঁছালে আপনি মনে করবেন, কেবল আপনিই ভালো– বাকিরা খারাপ, আপনার আরো মনে হবে, আপনি হলেন পরশ পার্থ আপনার স্পর্শে সব কিছু স্বর্ণে পরিণত হয়। ফলে পৃথিবীর উর্বর মরুভূমি, দুর্গন্ধযুক্ত ময়লার ড্রেন, দুর্গম শিলাময় পাহাড় ইত্যাদি সব কিছুকে আপনার স্পর্শ লাগিয়ে স্বর্ণে পরিণত করার মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য আপনি হাজার বছর বেঁচে থাকার চেষ্টা করবেন। আপনার মনে হবে– আপনার মধ্যে অলৌকিক বা অতীন্দ্রিয় কিছুর অনুপ্রবেশ ঘটেছে। ফলে আপনি আর নিজেকে সাধারণ মানুষ ভাবতে পারবেন না।

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

জন কেরির ঢাকা সফর

(৪ পাতার পর)

ইস্যুটাকে সব কিছুর উর্ধ্বে দেখতে হবে, এই হলো ম্যাসেজ! কিন্তু তাই কি?

সন্দেহটা প্রকাশ করতে হতো না যদি জন কেরি ক্লাইমেট ছাড়া অন্য ইস্যু তুলেও কথা না বলতেন! যেমন ঢাকার মিডিয়া রিপোর্ট : জন কেরি বলেছেন, '২০ কোটি জনগণকে দেয়ার পর টিকা উন্মুক্ত করবে যুক্তরাষ্ট্র'– মানে আমাদেরও টিকা সরবরাহকারী হতে চায় আমেরিকা। আবার সরাসরি বলেছেন, 'বাংলাদেশ চাইলে করোনার টিকা দিতে পারে যুক্তরাষ্ট্র।'

এর অর্থ জন কেরি বিশেষ দূত হলেও কেবল ক্লাইমেট ইস্যুতে তিনি ও তার কথা আটকে থাকছে না। তিনি সাধারণভাবে বাইডেনের দূত হিসেবেও কাজ-কথাবার্তায় হাজির হচ্ছেন আমরা দেখতে পাচ্ছি! এমনিতে চীনের বেলায় একটু কম হয়তো কিন্তু কোনো দেশকে টিকা সরবরাহ দেয়াটাকে ভারত ও আমেরিকা এ দুই দেশই পুরোদমে সরবরাহকারী ওই দেশের ওপর প্রভাব বিস্তারের হাতিয়ার হিসেবে টিকাকে দেখতে ও ব্যবহার করতে আগ্রহী তা দেখা যাচ্ছে। এমনকি ভারতের সেনাপ্রধান মুকুন্দ নারাভানে যিনি এখন আমাদের সেনাপ্রধানের সাথে সাক্ষাতের সফরে ঢাকায় আছেন; তিনিও এক লাখ ডোজ টিকা সাথে এনেছেন বলে জানাচ্ছেন। অথচ তিনি তো ঠিক কূটনীতিক ব্যক্তিত্ব নন আবার এই টিকা কি চুক্তি অনুযায়ী অর্থ-পরিশোধের পর আমাদেরকে যে টিকা ভারতের এক কোম্পানির সরবরাহ করার কথা তারই অংশ কি না তাও পরিষ্কার নয়। আবার যদি তাও হয় তবে সেনাপ্রধান কী করে এর বহনকারী হন, ইত্যাদি সবই অস্পষ্ট। কেবল বোঝা যাচ্ছে টিকা এখন অন্য দেশের ওপর প্রভাব বিস্তারের হাতিয়ার করতে চাচ্ছে ভারত-আমেরিকা সবাই। যদিও এই টিকা আমরা অর্থ পরিশোধ করে কিনেছি তারা সরবরাহকারী মাত্র, এই হলো সম্পর্ক। তাই এখানে কেউ কাউকে খাতির করছে ব্যাপারটা একেবারেই নয়।

তবে মূল কথা তাহলে জন কেরি কি ক্লাইমেট ইস্যুরও বাইরে, বাইডেনের হয়ে কেবল টিকা-কূটনীতিতে জড়িয়েই থেকে যাবেন, না 'বঙ্গোপসাগর ইস্যু' পর্যন্ত যাবেন! যেমন এক আমেরিকান থিংকট্যাংক ফেলো পরামর্শ রেখেছেন, 'শুধু ভারতের ওপর নির্ভরতা নয়, বাংলাদেশে যুক্তরাষ্ট্রের গ্রহণযোগ্যতার জন্য ইতিবাচক...' এমন কিছু করতে হবে। ... 'বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র দুই দেশেরই উচিত নিজেদের স্বার্থ ও বোঝাপড়ার ভিত্তিতে অগ্রসর হওয়া'। এমন এই পরামর্শ মেনে কোনো দিকে ও কতটা জন কেরি বা বাইডেন এই সুযোগে অগ্রসর হবেন?

বাইডেনের হিউম্যান রাইট ঢলে পড়তে যাচ্ছে

গত ২৭ মার্চ ছিল বার্মা বা মিয়ানমারের সেনাবাহিনীর প্রতিষ্ঠা দিবস। কিন্তু এ দিনটা বার্মার অভ্যন্তরের চেয়েও এক গ্লোবাল গুরুত্বের দিন হয়ে হাজির হয়েছিল। সেটি হলো, বাইডেনের কথিত 'হিউম্যান রাইট নীতি' পুরোপুরি অমান্য করার দিন হয়েছিল সেটি। এ দিন বাংলাদেশ-ভারত-বার্মাসহ ওদিকে চীন-রাশিয়া মিলে মোট আট রাষ্ট্রের এক কমন অবস্থান তুলে ধরার দিন ছিল সেটি। এই আট রাষ্ট্র এদের কমন পরিচয় ছিল সেসব দেশে পাবলিক যাদের মিছিল-মিটিংয়ে সরাসরি গুলি চালানো বা যাকে খুশি গুম-খুন করা ইত্যাদি ধরনের কাজ– এক কথায় রাষ্ট্রের নাগরিক মানবিক অধিকার রক্ষা ও মেনে চলাটা এরা গুরুত্বপূর্ণ বিবেচনা করে না। এই অর্থে এটা তাদের বাইডেনকে কলা দেখানো মানবাধিকার ডিফায়েন্স-এর নীতি বলা যায়। আবার বাইডেন হিউম্যান রাইটের কথা তুলছেন তাই তিনি সাধুপুরুষ নেতা– স্যরি এটাও বিবেচনা করতে পারছি না। কারণ, মূল কথা, হিউম্যান রাইটকে আমেরিকা চীনের বিরুদ্ধে কাজে লাগানো, বাণিজ্যিক সুবিধা পেলে বিনিময়ে হিউম্যান রাইট বেচে দেয়া ইত্যাদি এসবের দিকে প্রবলভাবে আমেরিকা ছুটছে, বিশেষ করে ২০০৭ সালের পর থেকে নির্লজ্জ হয়ে। গত ২০১৭ সালের বার্মায় জেনারেলদের রোহিঙ্গা বিতারণের সপক্ষে কথিত আরসা সন্ত্রাসের গল্প– এটাকে সাফাই হিসেবে হাজির করেছিল আমেরিকার এক উপমন্ত্রী; এসব কথা আমরা সবাই কমবেশি জানি। তবে এবারের বার্মায় আট রাষ্ট্রের সামরিক এটাসেদের সম্মিলনের ম্যাসেজ হলো, ভারত বলতে চাচ্ছে আমেরিকার 'হিউম্যান রাইট নীতি' ভারত ও তার বন্ধুদের বেলায় ছাড় দিতে হবে। না হলে কী হবে?

না হলে যা হবে তা আমরা দেখলাম এবার গত সপ্তাহে কোয়াডের নৌ-সামরিক মহড়ায়। ভারত যদি বাংলাদেশ, বার্মা আর ওদিকে চীন-রাশিয়া মিলে মোট আট রাষ্ট্রের সাথে বাইডেনবিরোধী নীতিতে জোট পাকায় আবার একই সাথে কোয়াডের মধ্যেও থাকে এর সোজা মানে হলো, এবারের কোয়াড আর অন্তত ওই আট-রাষ্ট্রের জন্য কোনো সামরিক হুমকি নয়, হতেই পারবে না! কারণ দুই পক্ষের দিকেই ভারত আছে! কাজেই চীন-রাশিয়ার জন্য কোয়াড কোনো ইস্যুই নয়! এক কথায় এমন ভারত একাই কোয়াডকে অকেজো করে রাখার জন্য যথেষ্ট! মানে সারা এশিয়ায় বাইডেনের ভাত নাই, এমন হয়ে যাবে না কি! এখন এই পরিস্থিতিতে বাইডেন কী করবেন? বাংলাদেশকে কোলে তুলে নিতে চাইবেন! ওয়েট অ্যান্ড সি!

লেখক: রাজনৈতিক বিশ্লেষক

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.
ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন

DR. MAHFUJUL HASAN D.D.S

DR. BORNALI HASAN MD
উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।
মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।
আমাদের শাখা দু'টি
JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)
SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)
General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE

IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com
SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent
SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

৫০ বছরের অর্থনীতি : প্রাপ্তি, প্রত্যাশা ও চ্যালেঞ্জ

মো: মাঈন উদ্দীন

বাংলাদেশের ৫০ বছর পূর্ণ হলো। গত ২৬ মার্চ উদযাপিত হলো স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। স্বাধীন রাষ্ট্র হিসেবে পঞ্চাশ বছরের পথচলা সামান্য নয়। সুবর্ণজয়ন্তীর এই মাইলফলকে পৌঁছে আমাদের অর্থনৈতিক প্রাপ্তি, প্রত্যাশা ও চ্যালেঞ্জের মূল্যায়ন জরুরি। ১৯৭১ সালে বাঙালি জাতি ঔপনিবেশিক শোষণ, লুণ্ঠন থেকে মুক্তি পেয়েছে। অর্থনৈতিকভাবে নানা বৈষম্য, সাংস্কৃতিক গোলামি ও অধিকারহীনতার নানাবিধ বন্দিদশা থেকে মুক্তি পেলেও দেশকে এক নাজুক পরিস্থিতির মুখোমুখি হতে হয়েছিল। অনেকেরই ধারণা ছিল, বাংলাদেশ বিশ্বের দরবারে অর্থনৈতিক দিক থেকে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে না। এমনকি আমেরিকায় তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার বাংলাদেশকে Bottomless basket হিসেবে আখ্যায়িত করেছিলেন। সেই মন্তব্য অসার প্রমাণ করে বাংলাদেশ আজ যে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করেছে তা নিঃসন্দেহ প্রশংসনীয়। স্বল্পোন্নত দেশ থেকে আমরা উন্নয়নশীল দেশে উন্নীত হতে চলেছি। আমাদের মোট জাতীয় উৎপাদন (জিডিপি) বৃদ্ধি, কৃষি সম্প্রসারণ, শিল্পের উন্নয়ন, মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস, বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের পাঠানো রেমিট্যান্সের বৃদ্ধি ও পোশাক শিল্পের ব্যাপক অগ্রগতিসহ রফতানি খাতের উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধির দিকে এগিয়ে চলেছে। তবে এ অগ্রগতি প্রশংসনীয় হলেও প্রত্যাশা অনুযায়ী এগোতে পেরেছে এমন নয়। অর্থনৈতিক ক্ষেত্রে সমৃদ্ধি অর্জনের জন্য প্রবৃদ্ধি ত্বরান্বিত করা একটি বড় চ্যালেঞ্জ। টেকসই প্রবৃদ্ধি অর্জনের পথে আমাদের বেশ কিছু প্রতিবন্ধকতা রয়েছে। তা উত্তরণের জন্য আমাদের প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার, বিরাট জনসংখ্যাকে উৎপাদনশীল কাজে নিয়োগের ব্যবস্থা করা, রাজনৈতিক স্থিতিশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসনের প্রতি সরকারকে নজর দিতে হবে।

স্বাধীনতা পরবর্তী এক দশক আমাদের অর্থনীতি মূলত ছিল কৃষিনির্ভর। যুদ্ধবিধ্বস্ত দেশ হিসেবে অর্থনীতির কাঠামো ছিল নাজুক অবস্থায়। ১৯৭২-৭৩ সালে মাথাপিছু আয় ছিল ১২৯ ডলার। জিডিপি প্রবৃদ্ধির হার ছিল ২.৭৫ ভাগ (১৯৭২-৭৩)। ১৯৮০ থেকে ১৯৮৫ সাল পর্যন্ত বার্ষিক গড় প্রবৃদ্ধির হার ছিল ৩.০৮ শতাংশ। ক্রমান্বয়ে বিভিন্ন পটপরিবর্তন যেমন: গণতান্ত্রিক শাসক, সামরিক শাসক, স্বৈরশাসক অর্থাৎ রাজনৈতিক বিভিন্ন সরকারের আমলে অর্থনীতির গতি উত্থানপতনের মধ্য দিয়ে আজকের অবস্থায় পৌঁছে। বর্তমানে আমাদের অর্থনীতি কৃষির পাশাপাশি শিল্প ও সেবাখাত নিয়ে এগিয়ে যাচ্ছে। কৃষি এখন প্রযুক্তির মাধ্যমে ক্রমান্বয়ে অগ্রগতি লাভ করছে। স্বাধীনতার পর রাষ্ট্র দর্শনে সমাজতন্ত্রের চাপ ছিল, যেখানে ব্যক্তি খাতের অবদান গুরুত্ব পায়নি। আশির দশকের মাঝামাঝি থেকে পরবর্তী সময় ব্যক্তি উদ্যোগে বিনিয়োগ বৃদ্ধির দিকে নজর দেয়া



হয়। ফলে ১৯৮৫ সালে সার্বিক বিনিয়োগের ৩৭ শতাংশের মধ্যে ব্যক্তি খাতের অবদান ছিল ৮০ শতাংশ। তবে আশপাশের দেশগুলোর তুলনায় আমাদের প্রবৃদ্ধি ক্রমান্বয়ে ঊর্ধ্বমুখী বলা যায়। ১৯৮০ থেকে ১৯৮৫ সাল পর্যন্ত আমাদের বার্ষিক গড় প্রবৃদ্ধির হার ছিল ৩.০৮ শতাংশ। ২০০৮ থেকে ২০১০ সালে তা বেড়ে হয় ৫.০৯ শতাংশ। ২০১১ সাল থেকে ২০১৫ সময়কালে বেড়ে হয়েছে ৬.০২ শতাংশ। ২০১৬ থেকে ২০১৮ পর্যন্ত তা বেড়ে দাঁড়ায় ৭.০৪ শতাংশে। এশিয়ার ১২টি দেশের মধ্যে তুলনা করলে দেখা যায়, আমাদের গড় প্রবৃদ্ধির হার ২০১৬ থেকে ২০১৮ পর্যন্ত সবচেয়ে বেশি ছিল। অর্থাৎ আমাদের প্রবৃদ্ধির হার মোটামুটি সন্তোষজনক। স্বাধীনতার ৫০ বছর অর্জনের মধ্যে আমাদের বৈদেশিক মুদ্রায় রিজার্ভ বর্তমানে অনেক দেশের তুলনায় এগিয়ে রয়েছে। ১৯৭৪ সাল থেকে যেখানে আমাদের রিজার্ভ ছিল মাত্র ৪২.৫ মিলিয়ন ডলার, সেখানে ২০২১ সালের ফেব্রুয়ারী পর্যন্ত রিজার্ভের পরিমাণ ৪৪ বিলিয়ন ডলারের মাইলফলক অতিক্রম করেছে। স্বাধীনতা পরবর্তী যে জনসংখ্যা ছিল ৫০ বছরে তা দ্বিগুণেরও বেশি হয়েছে। তখন আমাদের কৃষি ও খাদ্যশস্য উৎপাদন সন্তোষজনক ছিল না। বর্তমানে ব্যাপক জনসংখ্যার মধ্যেও আমাদের খাদ্যশস্য উৎপাদনে অভাবনীয় উন্নতি হয়েছে। ফলে দারিদ্র্য বিমোচনে আমাদের অগ্রগতি লক্ষ করা যায়। বর্তমানে চলমান করোনা মহামারীর সময় অর্থনীতি টিকিয়ে রাখার ক্ষেত্রে অন্যতম অবদান রেখে চলেছে আমাদের কৃষিজ উৎপাদন। ১৯৭২ সালে ধান উৎপাদন ছিল মাত্র এক কোটি ১০ লাখ টন। ২০১৯-২০ অর্থবছরে ধান উৎপাদন হয়েছে পাঁচ কোটি ২৬ লাখ টন, যা বিশ্বের চতুর্থ সর্বোচ্চ। আমাদের ব্যাপক জনসংখ্যার জন্য সারা বছর আলুর অভ্যন্তরীণ চাহিদা ৭০ লাখ টন। সেখানে ২০১৯ সালে উৎপাদিত হয়েছে এক কোটি পাঁচ লাখ টন। বিশ্বে আলু উৎপাদনে আমরা ষষ্ঠ। মিঠাপানির মাছ উৎপাদনেও বাংলাদেশ বিশ্বের তৃতীয়। ইলিশ মাছ উৎপাদনেও বাংলাদেশ বিশ্বের প্রথম। বিশ্বের উৎপাদিত মোট ইলিশের ৮৬ শতাংশ বাংলাদেশ উৎপাদিত হচ্ছে যার পরিমাণ পাঁচ লাখ ৩৩ হাজার টন। সবজি উৎপাদনেও বাংলাদেশ বিশ্বের তৃতীয়। বছরে সবজি উৎপাদিত হয় এক কোটি ৬০ লাখ টন। হাঁস-মুরগি উৎপাদনেও বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ। গরু, ছাগল পালন ও ফল উৎপাদনেও প্রবৃদ্ধি ঊর্ধ্বমুখী। এফএও'র প্রতিবেদন অনুযায়ী, ছাগলের গোশত ও দুধ উৎপাদনে বাংলাদেশ ক্রমাগত ভালো করছে। বিশেষ করে ছাগলের দুধ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে দ্বিতীয়। ছাগলের সংখ্যা ও গোশত উৎপাদনে বাংলাদেশের অবস্থান চতুর্থ। এ ছাড়া আম ও পেয়ারা উৎপাদনে বাংলাদেশ বিশ্বে অষ্টম অবস্থানে আছে। বছরে আম উৎপাদন হয় ২৪ লাখ টন। পেয়ারা উৎপাদন হয় ১০ লাখ ৪৭ হাজার টন। আম ও পেয়ারা উৎপাদন প্রতিবেশী দেশ ভারত প্রথম অবস্থানে আছে। এতে দেখা যায় ৫০ বছরে কৃষি ও খাদ্য উৎপাদনে আমাদের তাৎপর্যপূর্ণ অগ্রগতি সাধিত হয়েছে। ৫০ বছরে আমাদের রফতানি খাতে কিছুটা অগ্রগতি হয়েছে। ১৯৮৫ সালে বাংলাদেশের রফতানি ছিল ৫ শতাংশের নিচে। ২০১৭ সালে তা ১৫% এ দাঁড়ায়। ২০১৯ সালে রফতানি কিছুটা ধাক্কা খেলেও অগ্রগতি হয়েছে। ৫০ বছরের ব্যবধানে মুদ্রাস্ফীতি ৫.৫ ভাগ, ৮৬ টাকা ডলার প্রতি মূল্য এবং রফতানি আয় যেমন বেড়েছে তেমনি আমদানি ব্যয়ও বেড়েছে। স্বাধীনতার পরবর্তী রফতানি খাত ছিল ২-৩টি পণ্যের ওপর নির্ভরশীল। বিশেষ করে পাট, পাটজাতদ্রব্য, চা ও চামড়াজাত পণ্য রফতানি হতো। এখন রফতানিতে স্থান করে নিয়েছে তৈরী পোশাক, জনশক্তি ও ওষুধ। তৈরী পোশাক রফতানিতে বাংলাদেশ বিশ্বে দ্বিতীয়। গত ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ দুই হাজার ৭৫০ কোটি ইউএস ডলার মূল্যের পোশাক রফতানি করেছে, যা বিশ্বের মোট পোশাক রফতানির ৬ দশমিক ৮ শতাংশ। এ ক্ষেত্রে চীন প্রথম স্থান দখল করে আছে। বর্তমানে বাংলাদেশ ১১৮টির দেশে ওষুধ রফতানি করছে। ৫০ বছরে আমাদর শিক্ষার হার বেড়েছে, সাক্ষরতার হার বেড়েছে। ২০০৬ সালে গড় আয়ু যেখানে ছিল ৬৪.৪। ২০১৯ সালে তা বেড়ে হয় ৭২.৪ (বিবিএস রিপোর্ট)। আমাদের দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা ২০.৫ এ কমে এলেও করোনার কারণে তা বেড়ে ৪২ শতাংশে দাঁড়িয়েছে। স্বাধীনতার ৫০ বছরে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়শীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করেছে বাংলাদেশ। গত ২৬ ফেব্রুয়ারী জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিডিপি) বাংলাদেশকে এলডিসি (স্বল্পোন্নত দেশ) থেকে উন্নয়নশীল (বাকি অংশ ১৭ পাতায়)

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়





আমরা বাংলায় কথা বলি

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রাইলো বাংলা নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস সিটিজেনশীপ অ্যাক্ট, ২০২১

ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১ প্রায় ২ মাস আগে কংগ্রেসে উত্থাপিত হলেও তারপর আর বিলটির কোন অগ্রগতি হয়নি। ইমিগ্রেশন এডভোকেট, সমর্থক এবং আমরা সকলেই আশাবাদী। তবে বাস্তবতা হচ্ছে যে, ডেমোক্র্যাটদের সিনেটে বিলটি পাশ করা হলেও সেটা সম্ভব হবে না, যদি রিপাবলিকনরা এই বিল পাশে ডেমোক্র্যাটদের সঙ্গে যোগ না দেন। তবে একটি সুসংবাদ হচ্ছে, ওয়েস্ট ভার্জিনিয়ার রক্ষণশীল সিনেটর যো সানচিন ইউএস ম্যাক্সিকো সীমান্ত সফর করে এসে এক সংবাদ সম্মেলনে ইমিগ্রেশনের পক্ষে তার সমর্থন ব্যক্ত করেছেন।

সংবাদ সম্মেলনে সিনেটর সানচিন বলেছেন, 'আমরা সময়ের অনেক পেচনে পড়ে আছি। এখন সময় হচ্ছে ইমিগ্রশন ব্যবস্থা সংস্কারের যে সংস্কারের ফলে সিটেজিনশীপ লাভের পথ খুলে যাবে। যেসব মানুষ এদেশে আছেন, তারা ভুল পথ আসলেও তাদের আসার কারণ ছিলো যেক্তিক।' তিনি আরও বলেছেন, যেসব শিশুরা এদেশে এসেছেন, তাদের আমেরিকা ব্যতিত আর কোন দেশ নাই। আমাদের এই সব ড্রিমারদের জন্য একটা পথ খুলে দেয়া উচিৎ।'

আমরা আশাবাদী যে, ইউএস সিটিজেনশীপ এ্যাক্ট ২০২১ সংস্কারে রক্ষণশীল ডেমোক্র্যাট এবং রিাপাবলিকানদের প্রস্তাবিত সংশোধনী ইমিগ্রেশন ব্যবস্থায় সহায়ক হবে এবং যারা এদেশে বৈধ কাগজপত্র চাড়া বসবাস করছেন, তাদের আইনগদ স্ট্যাটাস দিতে সক্ষম হবে।

ড্রিম এন্ড প্রমিজ এ্যাক্ট ২০২১ এবং কৃষি শ্রমশক্তি আধুনিকায়ন এ্যাক্ট

গত মাসে হাউজে ২টি ইমিগ্রেশন বিল পাশ হয়েছে। ইমিগ্রেশন বিল দুটি হচ্ছে ড্রিম এ্যাক্ট প্রমিজ এ্যাক্ট ২০২১ এবং কৃষি শ্রমশক্তি আধুনিকায়ন এ্যাক্ট। বিল ২টিতে বাইডেন প্রশাসনের বৃহত্তর ইমিগ্রেশন সংস্কারের ২টি উপাদান বিদ্যামন। যা পৃথক পৃথকভাবে আইন প্রনয়ন কৌশলে প্রতিফলিত হবে। এবং দক্ষতা-ভিত্তিক ইমিগ্রেশন দেশের অর্থনীতিতে ব্যাপকভাবে সহায়ক ভূমিকা রাখবে। প্রেসিডেন্ট বাইডেন কৃষি শ্রমিক বিল কৃষি শ্রমশক্তি আধুনিকায়ন এ্যাক্ট ২০২১ এবং এর সমর্থনে তার বিবৃতি হোয়াইট হাউজ ওয়েব সাইটে পোষ্ট করা হয়েছে। প্রেসিডেন্ট বাইডেন বলেন, 'কৃষি শ্রমিক আমাদের দেশের কল্যাণ ও অর্থনীতিতে গুরুত্বপূর্ণ। কৃষি শ্রমিকরা প্রজন্ম থেকে প্রজন্ম হিসাবহীন কর্মঘন্টা কাজ করে আমাদের দেশ ও কম্যুনিটিকে সবল ও শক্তিশালী করেছেন। এদের অনেকেই হয়তো বৈধ নয়। কোভিড-১৯ মহামারি কালে তাদের এই অবদান স্পষ্ট হয়েছে। এ জন্য তারা অনেকেই জীবন পর্যন্ত দিয়ে আমাদের খাদ্য টেবিলে পাওয়ার নিশ্চয়তা বিধান করেছেন।'

আমেরিকান ড্রিম এবং প্রমিজ অ্যাক্ট, ২০২১ নিয়ে হোয়াইট হাউজও অনুরূপ একটি বিবৃতি দিয়েছে। যাতে প্রেসিডেন্ট বাইডেন বলেন, 'আমেরিকান ড্রিম এ্যাক্ট প্রমিক এ্যাক্ট অব ২০২১ আমাদের ইমিগ্রেশন ব্যবস্থায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং টিপ এসধারী, ড্রিমার্স, তরুণ যারা শৈশবে এদেশে এসেছে এবং যাদের আর কোনর দেশ নেই- তাদের জন্য জরুরী সহায়ক ভূমিকা রাখবে। আমার প্রশান এইসব ব্যক্তির জন্য যারা এদেশে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন, তাতে স্বার্থ রক্ষায় এবং একুশ শতকের ইমিগ্রেশন ব্যবস্থা বিনিময়ে একযোগে কংগ্রেসের সঙ্গে কাজ করবে। যাতে তারা এদেশে মর্যদা, নিরাপত্তার সঙ্গে এবং নির্ভয়ে এদেশর বসবাসের সুযোগ তৈরি করে দেবে। সেই সাথে চুড়ান্তভাবে ইমিগ্রেশনের মূল কারণ দূর করবে এবং একটি সুশৃঙ্খল ও মানবিক ইমিগ্রেশন ব্যবস্থা তৈরি করবে যা আমাদেও জন্য অত্যন্ত জরুরী।'

প্রেসিডেন্ট বাইডেনের সমর্থন তখনই প্রাসঙ্গিক হবে যখন বিল ২টি ইউএস সিনেটেও পাশ হবে। ইসএস সিনেটে বিলটি রিপাবলিকনাদের বিরোধিতার সম্মুখীন হওয়ার সমূহ আশংকা রয়েছে। তাই বিলটি পাশের জন্য



একটি দ্বিদলীয় আইন প্রণেতা গ্রুপ বিলটি রক্ষায় কাজ করছেন।

ইউএস সীমান্ত/ বিমানবন্দর সমূহে আপনার টেলিফোন, ল্যাপটপ এবং অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রাদী পরীক্ষা করা হবে পারে।

আপনি যখন যুক্তরাষ্ট্রে প্রবেশ করবেন তখন আপনার সঙ্গে থাকা সবকিছু পরীক্ষা করে দেখা হতে পারে। ইলেকট্রনিক বিভিন্ন যন্ত্রও এসবের অন্তর্ভুক্ত থাকবে। যদিও যুক্তরাষ্ট্রের চতুর্থ সংশোধনীতে কোন ব্যক্তির অযৌক্তিক তল্লাশী নিষিদ্ধ করা হেয়ছে। তবে সম্প্রতি ফেডারেল কোর্ট আল আসাদ ভার্সেস সায়ারকাস মামলায় বলেছেন- ইউএস ফেডারেল সরকারের কর্তৃত্ব রয়েছে যুক্তরাষ্ট্রে প্রবশেকারী যে কারো ইলেকট্রনিক ডিভাইস তল্লাসী করবে।

উদাহরণ হিসেবে উল্লেখ্য করা যায় আপনি আমেরিকান মাল্টিপলস বি-১/বি-২ ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করছেন। বিমান বন্দরে ইমিগ্রেশন অফিস আপনার ল্যাপটন তল্লাশী করে এদেশে কাজ করার জন্য একটি পে চেক কিংবা কাজের ইতিসা সম্বলিত একটি চিঠি পেল। সে অবস্থথায় ইমিগ্রেশন অফিস তার ভিসা বাতিল করে যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধ করতে পারে। এখানে উল্লেখ্য, গ্রিনকার্ডধারী এমনকি আমেরিকান নাগরিক যারা, তারাও যুক্তরাষ্ট্রে সীমান্তে অতিরিক্ত এই নিরাপত্তা ব্যবস্থার মুখোমুখি হতে পারে।

নিউইয়র্ক থেকে আব্দুর রশীদের প্রশ্নঃ

আমি একজন ইউসএস সিটিজেন। আর ইউএস সিটিজেন হিসেবে আমি দীর্ঘদিন যাবত এদেশে বাস করছি। আমি বাংলাদেশে গিয়ে বিয়ে করে এখানে এসে তার জন্যে আবেদন করেছি। কিন্তু বাংলাদেশ থেকে ফোন পেয়ে জানতে পারি যে আমার স্ত্রী বাড়ির কাউকে না জানিয়ে নীরবে বাড়ি থেকে চলে গিয়েছে। তার থেকে তার কোন খবর জানিনা।

এদিকে আমি এখানে বিয়ে করেছি। আমার স্ত্রীর এখানে ভিসা আছে। আমি এখানে বিয়ে করা আমার স্ত্রীর গ্রিনকার্ডের জন্যে আবেদন করলে ইমিগ্রেশন আমাকে আগের স্ত্রীর ব্যাপারে জিজ্ঞেস করেছে। এদিকে আমি ডাকযোগে ডিভোর্স লেটার পাই তখন ইমিগ্রেশন থেকে আমাকে বলা হয়েছে যে নিউইয়র্কে যখন আমার বিয়ে হয় তারপরে নাকি আমার ডিভোর্স পেপারে সই হয়েছে। আমার দ্বিতীয় বিয়ের আগে আমি বাংলাদেশে ফোনে জেনেছি যে আমার এখানে বিয়ের তারিখের আগে সে আমাকে ডিভোর্স দিয়েছে কিন্তু ডিভোর্স পেপারে সই এর তারিখ বিয়ের পরের ছিলো। এখন এই অবস্থায় আমার কী করণীয়?

আব্দুর রশীদের প্রশ্নের উত্তরঃ

বাংলাদেশ থেকে আপনাকে আবার ডিভোর্সের কপি আনতে হবে। এতে সই এর তারিখ যাচাই করে দেখা হবে। আপনার ডিভোর্সের আগে যদি আপনার দ্বিতীয় বিয়ে হয়ে থাকে তবে আপনার ঐ বিষয়ে বৈধ হিসেবে গৃহীত হবে না।

এই কারণ হচ্ছে নিউইয়র্কে প্রথম বিয়ের ডিভোর্স না হলে দ্বিতীয় বিয়ে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় না। ডিভোর্স যদি বিয়ের পরে হয়ে থাকে তবে প্রথম বিয়ের ডিভোর্সের কাজ সম্পন্ন হয়ে গেলে তারপর আপনাকে আবার দ্বিতীয় বিয়ে করতে হবে। এ ব্যাপারে মনে প্রশ্ন জাগতে পারে যে প্রথম বিয়ের ডিভোর্সের কতদিন পর দ্বিতীয় বিয়ে করা যাবে হ্যাঁ এ ব্যাপারে নির্দিষ্ট কোন সময় বা নিয়ম নেই।

আপনি যদি আপনার প্রথম স্ত্রীর জন্যে আবেদন করে আবার দ্বিতীয় স্ত্রীর জন্যে আবেদন করেন তবে আপনাকে প্রমাণ করতে হবে যে প্রথম বিয়ের ডিভোর্সের পরে আবার দ্বিতীয় বিয়ে হয়েছে। অর্থাৎ আপনাকে প্রমাণ করতে হবে যে আপনার এই বিয়ে বৈধ এবং আস্থাপূর্ণ। এ জন্যে আপনাকে এফিডেভিড এবং অন্যান্য তথ্যাপত্র সরবারহ করে প্রমাণ করতে হবে যে আপনার উদ্দেশ্য সৎ এবং সুন্দর। আপনার প্রথম স্ত্রী ইমিগ্রেশন থেকে কোন কাগজপত্র পান নাই তার এ ব্যাপারে কোন সমস্যা হবার কথা নয়। আপনার প্রথম স্ত্রী যদি আপনার মাধ্যমে গ্রিনকার্ড পান এবং আপনি যদি আবার বিয়ে করেন তার গ্রিনকার্ডের জন্য আবেদন করেন তবে আপনার প্রথম স্ত্রীর জন্যে করা গ্রিনকার্ডের আবেদন উইথড্র করতে হবে যদি এটার কাজ সম্পন্ন না হয়ে থাকে। এ ব্যাপারে প্রয়োজনে একজন এটর্নীও সাথে কথা বলতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

হেফাজতে ইসলাম এবং কদর্য রাজনীতি



ড. আবদুল লতিফ মাসুম

হেফাজতে ইসলাম ইসলামের সম্মান, সৌকর্য এবং নিরাপত্তা বিধায়ক প্রতিষ্ঠান। ২০১৩ সালে বাংলাদেশের রাজনীতির এক সঙ্কটময় মুহূর্তে এর জন্ম। এর কোনো রাজনৈতিক লক্ষ্য ও উদ্দেশ্য ছিল না। অরাজনৈতিক পরিচয় দিয়েই এর যাত্রা শুরু। তবে এরিস্টটলের কথাই সত্য যে, 'মানুষ রাজনৈতিক জীব'। সে অর্থে অবশ্য সব কিছুই রাজনীতি। আর বাংলাদেশে অতিমাত্রিক 'রাজনৈতিক সংস্কৃতি' বিরাজমান। কোনো কিছুকেই আমাদের রাজনীতিকরা সহজ-সরলভাবে দেখতে পারেন না। হেফাজতে ইসলামের কার্যকলাপ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে রাজনীতিকে প্রভাবিত করে। তবে একটি রাজনৈতিক দল বা গোষ্ঠী যেমন ক্ষমতা আরোহণের জন্য কর্মসূচি দেয়, আন্দোলন করে– তেমনটি হেফাজত নয়। যে রাজনীতি ইসলামের মানমর্যাদা ও আদর্শকে কলুষিত করে তা প্রতিহত করাই তাদের উদ্দেশ্য।

২০১৩ সালে নাস্তিক ব্লগারদের অতিমাত্রিক উৎপাত, সরকারের ইসলামবিরোধী কার্যকলাপ নিয়মতান্ত্রিক ও গণতান্ত্রিক উপায়ে বিরোধিতা করা তাদের বিঘোষিত নীতি ছিল। গণজাগরণ মঞ্চের মাধ্যমে দেশের সেক্যুলার গোষ্ঠী আক্রমণাত্মক ভূমিকা নিলে হেফাজতের কর্মসূচিও চ্যালেঞ্জিং হয়ে দাঁড়ায়। দেশজ রাজনীতির অভ্যন্তরীণ সমীকরণ এবং বৈশ্বিক প্রভাব হেফাজতের অনুকূলে ছিল না। দেশে ইসলামের নামে যেকোনো রাজনীতিকে নেতিবাচকভাবে ব্যাখ্যা করা হয়। অপর দিকে মার্কিন যুক্তরাষ্ট্র এবং পাশ্চাত্য ইসলামকে সন্ত্রাসের সমরূপ বিবেচনা করায় পরিস্থিতি ঘোলাটে হয়ে ওঠে। হেফাজতে ইসলাম এই সঙ্কট সময়ে দূরদর্শিতার সাথে লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণে ব্যর্থ হয়। সম্ভবত শীর্ষ নেতৃত্বের দৃঢ়তার অভাব, বহুমাতৃক সম্মিলন ও সরকারের কলাকৌশল তাদের পরাজয়কে অনিবার্য করে তোলে। ফলে বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে বেদনাতুর রক্তাক্ত অধ্যায়ের অবতারণা ঘটে। যে হেফাজত আন্দোলনের সমাপনী হতে পারত সম্মান ও মর্যাদার সাথে তা অবশেষে আত্মসমর্পণের নাটকীতার মাধ্যমে সমাপ্তি ঘটে।

ইসলামের শিক্ষা অসম্মানজনক আত্মসমর্পণ সমর্থন করে না। আলেমদের সুবিধাবাদী অংশ আপস করলেও ন্যায় ও সত্যের পরাজিত হওয়ার ইতিহাস নেই। 'ন্যায়ের আদেশ ও অন্যায়ের প্রতিরোধে' যারা বিশ্বাস করে তারা সজাগ ও সচেতন থেকেছেন সবসময়। জটিলতা, কূটিলতা ও নিপীড়ন নির্যাতন সত্ত্বেও হেফাজতে ইসলাম ঘুরে দাঁড়ানোর চেষ্টা করেছে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সাম্প্রতিককালে বাংলাদেশ সফর দেশের সাধারণ মানুষ স্বাভাবিকভাবে গ্রহণ করতে পারেনি। মুসলমানদের প্রতি তিনি যে ঘৃণা, বিদ্বেষ ও হত্যার রেকর্ড গড়েছেন তাতে বাংলাদেশের জনমত ছিল উত্তপ্ত। সরকারের অভ্যন্তরেও যে টানাপড়েন ছিল তাও বোধগম্য ছিল। বাংলাদেশের স্বাধীনতায় ভারতের অনিবার্য ভূমিকার কারণে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ভারত নেতৃত্বকে আমন্ত্রণ জানানো সরকারের পক্ষে ছিল স্বাভাবিক। তবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আমন্ত্রণ না জানিয়ে রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানালে তা ছিল অধিকতর বাস্তব। এমন মনোভাব প্রকাশ পেয়েছে বাংলাদেশের কূটনৈতিক বিশেষজ্ঞদের ভাষায়।

হেফাজতে ইসলাম বাংলাদেশের মুসলমানদের ঈমানের প্রতিধ্বনি করে নরেন্দ্র মোদিবিরোধী অবস্থান নেয়। সে সময়ের তিন দিনের আন্দোলনে ২০ জন প্রাণ হারান। হেফাজতের আন্দোলন ছিল গণতান্ত্রিক এবং নিয়মতান্ত্রিক। তাদের সে গণতান্ত্রিক অধিকারকে অস্বীকার করে সরকার শক্তি প্রয়োগের মাধ্যমে আন্দোলন দমনের যে সিদ্ধান্ত নিয়েছিল তা ছিল অনৈতিক। দেশের সব মানুষ জানে, নিয়মতান্ত্রিক আন্দোলনে গুলিবর্ষণের প্রতিবাদে আন্দোলন সহিংস হয়ে ওঠে। একটি পত্রিকার প্রতিবেদনে এসেছে, আন্দোলনের সব পর্যায়ে হেফাজতের নিয়ন্ত্রণ ছিল না। সহিংসতা কোনোভাবেই কাম্য নয়। কিন্তু বাংলাদেশে মানুষের রাগ, দুঃখ, ক্ষোভ এতটাই ভেতরে ভেতরে ধূমায়িত রয়েছে যে, তা যেকোনো উপলক্ষকে সামনে রেখে অগ্ন্যুৎপাত ঘটাতে পারে।



এই রক্তপাতের ঘটনা হেফাজত এবং সরকার কারো জন্যই সুখকর ঘটনা নয়। যে কটি প্রাণ গেল তার মূল্য কে দেবে? যে মায়ের কোল খালি হলো তার জবাব কে দেবে? বাংলাদেশ সরকার নরেন্দ্র মোদিকে আমন্ত্রণ জানিয়ে যে কৃতিত্ব নিতে চেয়েছিল– দেশে ও বিদেশে তা বুমেরাং হয়েছে। দেশের মানুষ মনে করছে, প্রতিবেশী শক্তি জনগণের শক্তির চেয়ে সরকারের কাছে গুরুত্বপূর্ণ। সরকারের জনপ্রিয়তা এতে কমেছে বৈ বাড়েনি। অভিজ্ঞ আমলারা মত দিয়েছেন, বাম ও ডানের সম্মিলনে নীরব নেতিবাচক জনঅসন্তোষ মূল্যায়নে সরকার ব্যর্থ হয়েছে। রক্তপাত এড়ানো যেত বলে অভিজ্ঞ মহলের মন্তব্য। এতে নরেন্দ্র মোদির ইজ্জত বাড়েনি। তার সফরটি যে নির্বিঘ্ন করা যায়নি সরকারের জন্য এটি বিব্রতকর। যদিও মোদি বাবু সরকারকে নিখুঁত আতিথেয়তার জন্য ধন্যবাদ জানিয়েছেন। একজন নীতিবান রাজনীতিকের উচিত তার কারণে এই রক্তপাতের জন্য সমবেদনা জানানো। মহাত্মা গান্ধীর দেশ ভারতের অন্য কোনো নেতা হলে হয়তো তাই করতেন। অবশ্য যারা রক্তপাতকে রাজনীতির অংশ মনে করেন তাদের কথা আলাদা। বহির্বিশ্বে এই রক্তপাত বাংলাদেশে মোদি তথা ভারতবিরোধী শক্ত জনমতের প্রমাণ দিয়েছে। বহির্বিশ্বে এই রক্তপাত সেভাবেই প্রচার পেয়েছে।

এ দিকে এই রক্তপাত বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে ব্যাপক ক্রিয়া-প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। বিরোধীপক্ষ হেফাজতের আন্দোলনকে স্বাভাবিক ও স্বতঃস্ফূর্ত বলে বর্ণনা করছে। অপর দিকে সরকারি দল এর কঠোর সমালোচনা করেছে। সরকার বিশেষত বামদের কাছে এটি একটি প্রমাণ যে, ইসলাম বাংলাদেশের রাজনীতিতে এখনো আবশ্যিকভাবে নির্ধারক। মহাজোটের নেতারা হেফাজতের বিষয়ে সরকারের 'আপস' নীতির বিরোধিতা করছেন। হেফাজতে ইসলামের বিষয়ে সরকারের নমনীয় নীতি পছন্দ নয় আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের শরিকদের। জোটের নেতারা মনে করেন, সরকার রাজনৈতিকভাবে না হলেও প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে হেফাজতের সাথে এক ধরনের সমঝোতা করে চলেছে, যা প্রগতিশীল রাজনীতিকে ক্ষতিগ্রস্ত করছে। জোটের অন্যতম নেতা রাশেদ খান মেনন বলেন, 'হেফাজতে ইসলাম রাষ্ট্রকে চ্যালেঞ্জ করে বসে আছে কিন্তু সরকার আপস সমঝোতার নীতিতেই আছে।' জাসদের সভাপতি সাবেক তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, 'ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ছিলেন উপলক্ষ মাত্র। কার্যত হেফাজত '৭১-এর পাকিস্তান সমর্থক রাজাকারের উত্তরসূরি হিসেবে দেশের রাষ্ট্র ও সংবিধানকে অস্বীকার করছে।

এ দিকে জাতীয় সংসদে আলোচনাক্রমে হেফাজতে ইসলামের বিরুদ্ধে কঠোর হতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন আওয়ামী লীগ নেতা শেখ ফজলুল করিম সেলিম। যেসব মাদরাসা থেকে রাস্তায় বের হয়ে মানুষকে হত্যা, বাড়িঘর ও স্থাপনায় আক্রমণ করা হয়েছে সেসব মাদরাসা বন্ধ করে দেয়া এবং ২০১৩ সালের ৫ মে এর ঘটনায় হওয়া মামলাগুলোর তদন্ত শেষ করার দাবি জানান এই সংসদ সদস্য। এসব নেতার কথাবার্তায় মনে হয়, মোদিবিরোধী আন্দোলনে ২০ জন মানুষের প্রাণহানি সরকারের কঠোরতার ইঙ্গিতবহ নয়। তারা হয়তো মিয়ানমারের মতো শত শত মানুষের মৃত্যু চায়। এসব জনবিচ্ছিন্ন নেতা বাংলাদেশের গরিষ্ঠ মানুষের ভাবানুভূতির খবর রাখেন না। বাম নেতারা সেই সে অতীতে মার্কসবাদের যে ট্যাবলেট খেয়েছেন তাতে আজো তারা ধর্মকে আফিমের মতো মনে করেন। আর আওয়ামী লীগ স্বাধীনতার চেতনার কথা বলে ইসলামের বিরোধিতা করে। মনে হয় যেন ইসলাম পাকিস্তান নামক রাষ্ট্রের নিজস্ব সম্পত্তি। অথচ তারাই ঠেকলে মদিনা সনদের কথা বলে। প্রয়োজনে রক্তপাত করে আবার গণভবনে ডেকে নেয়। বাম ঘরানার ইসলামবিরোধিতা আদর্শিক। সরকারের ইসলামবিরোধিতা রাজনৈতিক।

উদাহরণ হিসেবে বলা যায়, আওয়ামী লীগ ২০০৬ সালে খেলাফত মজলিসের সাথে পাঁচ দফা চুক্তি করে। তরিকত ফেডারেশনকে ১৪ দলে অন্তর্ভুক্ত করার সময়ও বামরা বিরোধিতা করে কিন্তু আওয়ামী লীগ তরিকতকে লুফে নেয়। এখনো সরকারি দল আওয়ামী উলামা লীগ লালন করে। প্রয়োজনে কাজে লাগায়। বিপাকে পড়লে অস্বীকার করে। এ ছাড়া আরো দু-একটি ইসলামী প্লাটফর্মকে তারা ব্যবহার করে। ইসলামী পরিভাষায় এদেরকে 'ওলামায়ে ছুঁ' বা সুবিধাবাদি আলেম শ্রেণী বলা হয়। হেফাজতের মোদিবিরোধী আন্দোলনে এদের সরব হতে দেখা গেছে। বাংলাদেশের সাধারণ মানুষের স্বাভাবিক অনুভূতিকে তারা কোনো একটি বিশেষ দলের বিশেষ আয়োজনের লেবাস দিতে চায়। মনে হয় যেন ওই দল ও গোষ্ঠী বাংলাদেশে ইসলামের সোল এজেন্সি নিয়েছে। আসলে এ জ্ঞানপাপীরা জেনে অথবা না জেনে প্রভুর আদেশে মূল ইসলামের বিরোধিতা করছে। সাম্প্রতিক সময়ে আর একটি ইসলামী দল ও গোষ্ঠী ক্রমেই জনপ্রিয়তা পাচ্ছে তখন এরা পুরনো ভাষায়ই তাদের বিরোধিতা করছে।

হেফাজতের আন্দোলনের রেশ মুছে যেতে না যেতেই আরেকটি ঘটনা আলোড়ন তোলে। একটি নিছক ব্যক্তিগত ঘটনা কিভাবে রাজনীতিকে কতটা কদর্য করতে পারে এই ঘটনা তার প্রমাণ। হেফাজতে ইসলামের কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হক সোনারগাঁওয়ের একটি রিসোর্টে বেড়াতে গিয়েছিলেন। সাথে ছিলেন তার দ্বিতীয় স্ত্রী। এ খবর পায় আওয়ামী লীগের লোকেরা। ছাত্রলীগ ও যুবলীগের ছেলেরা লাঞ্ছিত করে এই হেফাজত নেতাকে। তাকে তারা অবরুদ্ধ করে রাখে। যারা যেমন মানুষ তেমন তারা ভাবে। বাংলাদেশের সাম্প্রতিক সময়ে সারা দেশে মেয়েদের লাঞ্ছনা, গঞ্জনা ও ধর্ষণের ঘটনায় এরা ব্যাপকভাবে অভিযুক্ত। মাওলানা মামুনুল হক কসম কেটে তার দ্বিতীয় স্ত্রীর পরিচয় দিলেও তারা বিশ্বাস করতে চায়নি। পরে হেফাজতের লোকজন তাকে উদ্ধার করে। সেখানে অবরোধ ও বিক্ষোভের ঘটনা ঘটে। পরে পুলিশের হস্তক্ষেপে মামুনুল হক ও তার স্ত্রী মুক্তি পান। এ ঘটনায় হেফাজতে ইসলাম নিন্দা ও প্রতিবাদ জানায়।

পরে তারা সংবাদ সম্মেলনে প্রমাণ দেন, ওই মহিলা মামুনুল হকের দ্বিতীয় স্ত্রী। (বাকি অংশ ১৭ পাতায়)

MITU DISABILITY CENTER





ROMJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office:
686 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



মাননীয় প্রধানমন্ত্রীকে খোলা চিঠি

১০০ কোটি টাকার বই ক্রয় করে প্রকাশকদের রক্ষা করুন

ওসমান গনি

মাননীয় প্রধানমন্ত্রী আপনি বাংলাদেশের সর্বজন শ্রদ্ধেয় অভিভাবক। এদেশের অর্থনৈতিক, রাজনৈতিক উন্নয়নের পাশাপাশি সাংস্কৃতিক উন্নয়নেও আপনার সরকার অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। করোনা ভাইরাসজনিত মহামারীতে সমগ্র বিশ্ব যেখানে দিশেহারা, সেই রুদ্ধশ্বাস পরিস্থিতি অত্যন্ত দক্ষতার সঙ্গে মোকাবিলা করে বাংলাদেশকে আপনি সমৃদ্ধিশালী করেছেন, বাংলার মানুষের সুখীজীবন নিশ্চিত করতে সর্বদা তৎপর থেকেছেন। আপনার সুদৃঢ় নেতৃত্ব, অকৃত্রিম দেশপ্রেম সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' গড়ে তুলবে– এ কথা এদেশের প্রতিটি মানুষের মতো এদেশের প্রকাশকসমাজও বিশ্বাস করেন।

মাননীয় প্রধানমন্ত্রী, আমি একজন বীর মুক্তিযোদ্ধা ও আপনার সর্বাধিক গ্রন্থের প্রকাশক। বাংলাদেশের প্রকাশনাশিল্পের উৎকর্ষ-সাধনে আপনার প্রকাশক বান্ধব সরকার নানামুখি পদক্ষেপ গ্রহণ করলেও প্রকাশনাশিল্পের রুগ্‌ণ চেহারায় কিছুতেই হাসি ফুটছে না। সরকার ঘোষিত 'মুজিববর্ষ' কেন্দ্র করে এদেশের প্রকাশন-াশিল্প আশার আলো দেখেছিল। একই সঙ্গে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন বাংলার মানুষের মনে অভূতপূর্ব সাড়া ও আনন্দ জাগিয়েছিল। এই আনন্দ-আয়োজনে মহাসমারোহে যোগ দিতে বাংলাদেশের প্রকাশক সমাজও তাদের যথাসাধ্য বিনিয়োগ করেছিল প্রকাশনা-শিল্পে। কিন্তু কোভিড-১৯ এর আকস্মিক ছোবল দেশের অন্যান্য শিল্পের মতো প্রকাশন-াশিল্পেও গভীর ক্ষত সৃষ্টি করে। আপনি অবগত আছেন, অমর একুশে গ্রন্থমেলা এদেশের প্রকাশনাশিল্পে নবপ্রাণ সঞ্চার করে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে বইপ্রেমী মানুষ এসে কোটি কোটি টাকার বই ক্রয় করে। এবার অমর একুশে গ্রন্থমেলা নানান প্রতিকূলতার মধ্য দিয়ে শুরু হলেও তাতে লাভের চেয়ে প্রকাশকদের ক্ষতিই হয়েছে বেশি। কোভিড-১৯ এর প্রথম আঘাতেই এদেশের অনেক প্রকাশক তাদের প্রকাশনা প্রতিষ্ঠান বন্ধ করে দেন। অনেকগুলো অভিজাত বইয়ের দোকানও বন্ধ হয়ে যায় অর্থনৈতিক সংকটের কারণে। এমতাবস্থায় বাংলাদেশের প্রকাশনাশিল্প কঠিন এক সমস্যার মুখোমুখি হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী,

বিশ্বের সর্বত্র ত্রিশ কোটি বাঙালী পাঠক ছড়িয়ে ছিটিয়ে আছে। এই ত্রিশ কোটি পাঠকের চাহিদা পূরণ করার জন্য বাংলাদেশের প্রকাশকগণ নিরলসভাবে চেষ্টা করে যাচ্ছেন, কিন্তু তারা সরকারি কোনো সাহায্য-সহযোগিতা পাচ্ছেন না। জ্ঞানভিত্তিক সমাজ গঠনের পূর্বশর্তই হলো বই পাঠে দেশের সকল নাগরিককে উদ্বুদ্ধকরণ, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে উন্নয়নের ছোঁয়া অন্যান্য খাতে ব্যাপক পরিবর্তন সূচিত করলেও গ্রন্থাগারগুলো অযত্ন-অবহেলায় দিনে দিনে ধ্বংস হচ্ছে। বইয়ের প্রতি মানুষের আকর্ষণ বাড়াতে না পারলে– এ জাতি এক সময় মস্তিষ্কহীন জাতিতে পরিণত হবে বলেই শিক্ষাবিদ মহল আশঙ্কা প্রকাশ করছেন।

কোভিড-১৯ এর প্রথম ধাক্কা কাটিয়ে উঠতে না উঠতেই দ্বিতীয় ধাক্কা এসে সবকিছু এলোমেলো করে দিয়েছে। মুখ থুবড়ে পড়েছে প্রকাশনাশিল্প। নিশ্চিত বিপর্যয়ের হাত থেকে প্রকাশনাশিল্পকে বাঁচাতে হলে কয়েকটি পদক্ষেপ গ্রহণ করা জরুরি। যেমন– ১. বইকে জরুরি পণ্য হিসেবে ঘোষণা দিয়ে লক-ডাউনের মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে বইয়ের দোকান খোলা রাখা, ২. এবারের অমর একুশে বইমেলায় যেসব প্রকাশক ক্ষয়ক্ষতি মেনেও মেলায় স্টল দিয়ে আর্থিক সংকটের সম্মুখীন হয়েছেন তাদের সবার ক্ষয়ক্ষতি পূরণ করার জন্য ১০০ কোটি টাকার বই ক্রয়।

মাননীয় প্রধানমন্ত্রী, সমগ্র বিশ্বই এখন একটি অভিনব যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছে। এই যুদ্ধে আপনার সঙ্গে এদেশের প্রকাশকসমাজও একাত্মতা ঘোষণা করেছেন। আপনি শুধু একজন সফল রাষ্ট্রনায়কই নন, আপনি একজন সফল লেখকও। একজন লেখক হিসেবে এদেশের প্রকাশন-াশিল্পের সুবিধা-অসুবিধা সবকিছুই আপনি সম্যকভাবে অবগত। আপনার হস্তক্ষেপ ছাড়া মুমূর্ষু প্রকাশনাশিল্প বাঁচানো অসম্ভব। আপনার তড়িৎ সিদ্ধান্তের উপর এখন এই শিল্পের ভবিষ্যৎ নির্ভর করছে। আমরা আশা করি, আপনি সময়োচিত সিদ্ধান্তই গ্রহণ করবেন।

প্রকাশক
আগামী প্রকাশনী, ঢাকা।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

যে প্রক্রিয়ায় বাড়ি

(শেষের পাতার পর)

সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্ত্র বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট।





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

মিয়ানমারের 'মুক্তিসংগ্রামে' বৃহত্তর মোর্চা অর্থনীতির রহস্য ধরিয়ে দেয়ার শিক্ষক



গাজীউল হাসান খান

দিন দিন মিয়ানমারের সামরিক জান্তার সর্বব্যাপী স্বেচ্ছাচারিতা ও নির্যাতনের মুখে প্রাণ হারাচ্ছে গণতন্ত্র পুনরুদ্ধারের লক্ষ্যে সংগ্রামরত স্থানীয় ছাত্র-জনতা। গত ফেব্রুয়ারীতে সামরিক অভ্যুত্থানের পর থেকে এ পর্যন্ত প্রায় ৫০০ নিরস্ত্র সাধারণ নাগরিককে হত্যা করা হয়েছে প্রকাশ্যে ও অপ্রকাশ্যে। গণতান্ত্রিক বিশ্বের তীব্র প্রতিবাদের মুখেও থামছে না জান্তার ফ্যাসিবাদী আক্রমণ ও নির্যাতনের মাত্রা। রাজপথে প্রতিবাদী জনতার ওপর হামলা কিংবা রাতের অন্ধকারে ঘরে ঘরে তল্লাশি ও গ্রেপ্তারের পরিমাণ অপ্রতিরোধ্য গতিতে বেড়েই চলেছে। kalerkanthoGi পেছনে মহা শক্তিধর চীনের মদদকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী করেছে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা বিশ্ব এবং গণতন্ত্রমনা অন্যান্য জনগোষ্ঠী। জাতিসংঘের আহ্বানে নিউইয়র্কে গত সপ্তাহে অনুষ্ঠিত সব পরাশক্তি ও অন্য প্রভাবশালী সদস্যদের সভায় মিয়ানমারের কাছে সব রকম অস্ত্র বিক্রির বিরুদ্ধে সুনির্দিষ্ট প্রস্তাব উত্থাপন করা হয়েছিল। যুক্তরাজ্য সে ব্যাপারে বলিষ্ঠ ভূমিকা পালন করলেও চীনের বিরোধিতায় সে প্রস্তাব সম্পূর্ণ ভেস্তে যায়। তাতে বিক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছিল যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও অন্যরা।

মধ্যপ্রাচ্যে বাশার আল আসাদের ফ্যাসিবাদী ও অগণতান্ত্রিক সরকারের প্রতি রাশিয়ার সমর্থনে যেমন সৃষ্টি হয়েছে এক বিপর্যস্ত ও বিপন্ন সিরিয়া, তেমনি চীনের অযৌক্তিক সমর্থনের কারণে এশিয়ার বুকে মিয়ানমারে সৃষ্টি হচ্ছে আরেক সিরিয়া। সিরিয়ার গৃহযুদ্ধে এ পর্যন্ত প্রাণ হারিয়েছে পাঁচ লক্ষাধিক এবং নিজেদের ঘরবাড়ি ছেড়ে তুরস্কসহ বিদেশে আশ্রয় নিতে বাধ্য হয়েছে প্রায় ১৫ লাখ অসহায় বিপন্ন মানুষ। মিয়ানমারেও সে হত্যা ও ধ্বংসযজ্ঞের প্রক্রিয়া শুরু হয়েছে পুরো মাত্রায়। মিয়ানমারের রেঙ্গুন, মান্দালয় ও অন্যান্য ঘনবসতিপূর্ণ এলাকার জান্তাবিরোধী ও গণতন্ত্রমনা মানুষ এখন ফ্যাসিবাদের বিরুদ্ধে আত্মরক্ষার কারণেই আরো ঐক্যবদ্ধ হচ্ছে এবং হাতে তুলে নিচ্ছে বিভিন্ন আগ্নেয়াস্ত্র। নতুন করে জোট বাঁধছে মিয়ানমারের বিভিন্ন সম্প্রদায়ের বিচ্ছিন্নতাবাদী সশস্ত্র গ্রুপগুলো। তাতে একদিকে যেমন বেড়ে যাচ্ছে সামরিক জান্তার বাহিনীর ওপর তাদের সশস্ত্র হামলা, তেমনি অন্যদিকে প্রতিবাদী সাধারণ নাগরিকদের ওপর সেনাবাহিনীর নির্যাতনের পরিমাণও বেড়ে যাচ্ছে। এ ছাড়া ঘরে ঘরে তল্লাশি, গ্রেপ্তার ও বিভিন্ন অত্যাচারের ফলে বিপন্ন ও অসহায় মানুষ এখন প্রতিবেশী রাষ্ট্র থাইল্যান্ড ও ভারতে আশ্রয় নিতে বাধ্য হচ্ছে। এর আগে অর্থাৎ সাম্প্রতিক সামরিক অভ্যুত্থানের অনেক আগেই তাদের সম্প্রদায়গত উচ্ছেদ অভিযানের কারণে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়েছে মিয়ানমারের ১১ লাখ রোহিঙ্গা। তাদের প্রধান অপরাধ রোহিঙ্গারা মূলত ইসলাম ধর্মাবলম্বী একটি দরিদ্র জনগোষ্ঠী।

এশিয়ার বুকে অর্থাৎ মিয়ানমারে যে আরেকটি সিরিয়ার জন্ম হতে যাচ্ছে সে ব্যাপারে লন্ডনের প্রভাবশালী দৈনিক গার্ডিয়ানে সম্প্রতি একটি নিবন্ধ রচনা করেছেন তাদের নিয়মিত লেখক সায়মন টিসডাল। তাঁর লেখায় টিসডাল বারবার শুধু একটি কথাই জোর দিয়ে বলার চেষ্টা করেছেন। আর তা হলো, সময়োচিত পদক্ষেপ এবং বিবদমান গ্রুপগুলোর মধ্যে অর্থবহ কিংবা মূল সমস্যার সমাধানমূলক আলোচনা হলে আজকের সিরিয়ার উদ্ভব হতো না। কিন্তু বাশার আল আসাদের একগুঁয়েমি এবং সিরিয়ার ওপর ইরান ও সব শেষে রাশিয়ার প্রভাব বিস্তারের প্রক্রিয়া শুধু সিরিয়া নয়, সমগ্র মধ্যপ্রাচ্যকে একটি সম্ভাব্য রণক্ষেত্রে পরিণত করেছে। তুরস্কসহ দু-একটি পশ্চিমা শক্তি সিরিয়ার সমস্যা সমাধান করার আপ্রাণ চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। তার প্রধান কারণ মধ্যপ্রাচ্যে প্রভাব বিস্তার ও জ্বালানি তেলসহ অন্যান্য সম্পদ নিয়ন্ত্রণের প্রক্রিয়া বৃহৎ শক্তিগুলোর দীর্ঘদিনের। সেখানে স্থানীয়ভাবে ইরান কিংবা প্রতিবেশী হিসেবে রাশিয়া আর দূরে থাকবে কেন? মিয়ানমারের পরিস্থিতিও ভিন্নপথে এবং ভিন্নভাবে একই গন্তব্যের দিকে যাচ্ছে। মিয়ানমারের সামরিক জান্তা জেনারেল মিন অং হ্লাইং হচ্ছেন সিরিয়ার স্বৈরশাসক বাশার আল আসাদের নিকটতম দোসর। তাঁদের উভয়ের লক্ষ্য হচ্ছে ক্ষমতার নিয়ন্ত্রণ সম্পূর্ণভাবে নিজের হাতে তুলে নেওয়া। তাঁরা গণতন্ত্র বোঝেন না। মানবাধিকারের সঙ্গে তাঁদের দূরতম কোনো সম্পর্ক নেই। মিয়ানমারে সিরিয়ার মতো রাশিয়া নয়, হাত বাড়িয়েছে প্রতিবেশী চীন। মিয়ানমারের প্রশ্নে চীন দ্বৈত ভূমিকা পালন করছে। নিরাপত্তা পরিষদের জরুরি সভায় চীনের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ঝাং জুন গত সপ্তাহে বলেছেন, চীন মিয়ানমারে উভয় গ্রুপের মধ্যে সংলাপ এবং সর্বোপরি স্থিতিশীলতা চায়। তবে মিয়ানমারের কাছে কোনো ধরনের সমরাস্ত্র বিক্রি করার ব্যাপারে তারা আন্তর্জাতিকভাবে নিষেধাজ্ঞা জারির বিপক্ষে। পরিষ্কারভাবে এ ধরনের ভেটো প্রয়োগ করার অর্থ কী? চীন কি তাহলে চায় যে মিয়ানমারের সামরিক জান্তা গণতন্ত্রকামী সাধারণ মানুষকে নিষ্পেষিত করে তাদের স্বৈরশাসন অব্যাহত রাখুক?

মিয়ানমারের সামরিক জান্তা অভ্যুত্থানের পর অং সান সু চিকে বন্দি করেই ক্ষান্ত হয়নি। তারা সু চির বিরুদ্ধে একতরফাভাবে এক বিচারপ্রক্রিয়া শুরু করেছে। তাদের ধারণা, সু চিকে স্তব্ধ করতে পারলে গণতন্ত্রকামী জনতা ক্রমে ক্রমে জব্দ হয়ে পড়বে। কিন্তু সে ধারণা কতটুকু বাস্তবমুখী? বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কারারুদ্ধ করে পাকিস্তানী সামরিক জান্তা কি বাংলাদেশের গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের আন্দোলনকে ঠেকিয়ে রাখতে পেরেছিল? চীনসহ মিয়ানমারের দু-একটি প্রতিবেশী রাষ্ট্র সে সত্যকে এখনো উপলব্ধি করতে ব্যর্থতার পরিচয় দিচ্ছে। বিশ্বব্যাপী এখন ব্যাপক অভিযোগ উঠেছে সেসব প্রতিবেশী রাষ্ট্রের স্বার্থপরতার বিরুদ্ধে। মিয়ানমারের সামরিক জান্তাকে নিয়ন্ত্রণের মধ্যে রেখে আঞ্চলিকভাবে প্রভাব-প্রতিপত্তি ও বাণিজ্য বৃদ্ধি কোনোভাবেই দীর্ঘ প্রক্রিয়ায় ফলপ্রসূ হবে না বলে গণতান্ত্রিক বিশ্ব মনে করে। মিয়ানমারের গণতন্ত্র ও মুক্তিকামী জনতা একদিন তাদের অভীষ্ট লক্ষ্যে উপনীত হতে সক্ষম হবে বলে ওয়াকিফহাল মহল মনে করে। তারা এ ব্যাপারেও আশান্বিত যে মিয়ানমারের সংখ্যালঘু বিভিন্ন সম্প্রদায়ভুক্ত জনগোষ্ঠীও ক্রমে ক্রমে তাদের গণতান্ত্রিক ও নাগরিক অধিকার প্রতিষ্ঠা করতে সক্ষম হবে। তারা অর্জন করবে তাদের স্বাধিকার।

> মিয়ানমারের সামরিক জান্তা অভ্যুত্থানের পর অং সান সু চিকে বন্দি করেই ক্ষান্ত হয়নি। তারা সু চির বিরুদ্ধে একতরফাভাবে এক বিচারপ্রক্রিয়া শুরু করেছে। তাদের ধারণা, সু চিকে স্তব্ধ করতে পারলে গণতন্ত্রকামী জনতা ক্রমে ক্রমে জব্দ হয়ে পড়বে। কিন্তু সে ধারণা কতটুকু বাস্তবমুখী? বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কারারুদ্ধ করে পাকিস্তানী সামরিক জান্তা কি বাংলাদেশের গণতন্ত্র ও মুক্তিকামী মানুষের আন্দোলনকে ঠেকিয়ে রাখতে পেরেছিল? চীনসহ মিয়ানমারের দু-একটি প্রতিবেশী রাষ্ট্র সে সত্যকে এখনো উপলব্ধি করতে ব্যর্থতার পরিচয় দিচ্ছে।

মিয়ানমারের সামরিক জান্তার স্বেচ্ছাচারিতা, নির্যাতন ও নিষ্পেষণের মুখে ব্যাপকভাবে এখন প্রতিরোধ গড়ে তুলতে শুরু করেছে মিয়ানমারের সংগ্রামী জনতা। তারা এখন রাজধানী নগরী থেকে দেশের অভ্যন্তরে বিভিন্ন শহর ও গ্রামাঞ্চলেও বিভিন্ন গ্রুপে বিভক্ত হয়ে অস্ত্র হাতে তুলে নিতে শুরু করেছে। তারা এখন জান্তার রকেট প্রপেলড স্বল্পপাল্লার অস্ত্র কিংবা গ্রেনেড এবং এমনকি মেশিনগানের গোলার মুখেও পাল্টা প্রতিরোধ আক্রমণ শুরু করেছে। হাত মেলাতে শুরু করেছে বিভিন্ন সম্প্রদায়গত মুক্তিকামী মিলিশিয়ার সঙ্গে। এরই মধ্যে ক্যারেন ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে হাত মিলিয়েছে স্থানীয় বিভিন্ন সম্প্রদায়গত সংখ্যালঘু মিলিশিয়া। মিয়ানমারের মুক্তিকামী গেরিলা সংগঠন নর্থ অ্যালায়েন্স আবার সক্রিয় হয়ে উঠেছে তাদের সীমিত অথচ সংগঠিত শক্তি নিয়ে। নর্থ অ্যালায়েন্সের রয়েছে ক্যারেন ন্যাশনাল লিবারেশন আর্মি, কাচিন ইনডিপেনডেন্স আর্মি, তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মি এবং মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি। আরাকান আর্মি নামের একটি গোরিলা গ্রুপও রয়েছে নর্দান অ্যালায়েন্সে, যাতে রয়েছে রোহিঙ্গা জনগোষ্ঠীর যোদ্ধারা। ক্যারেন ন্যাশনাল লিবারেশন আর্মি বহু দশক ধরে তাদের স্বাধিকার আদায়ের জন্য গেরিলা যুদ্ধ চালিয়ে যাচ্ছিল। কিন্তু কেন্দ্রীয় সামরিক জান্তার শক্তিশালী অপারেশনের মুখে তারা খুব বেশি দূর অগ্রসর হতে পারেনি। এবার তারা শামিল হয়েছে বৃহত্তর অ্যালায়েন্স বা মোর্চায়। অং সান সু চির দলের নির্বাচিত সাবেক সংসদ সদস্য ও সমর্থকদের নিয়ে অতি সম্প্রতি গঠিত হয়েছে সামরিক জান্তার বিরুদ্ধে একটি সমান্তরাল সরকার। এ সরকার একটি নতুন কেন্দ্রীয় বা ফেডারেল সংবিধান রচনার পক্ষে। সে সংবিধানে সম্প্রদায়গতভাবে সংখ্যালঘুদের অধিকারের স্বীকৃতি প্রদান করতেও তারা বদ্ধপরিকর বলে জানা গেছে।

মিয়ানমারের জনপ্রিয় নেত্রী অং সান সু চির নির্বাচিত সরকারের বিরুদ্ধে সাম্প্রতিক সামরিক অভ্যুত্থান, সু চির বিরুদ্ধে মিথ্যা মামলা এবং গণতন্ত্রকামী জনতার বিরুদ্ধে নির্যাতন ও নিষ্পেষণের মুখে এবারই প্রথম মিয়ানমারের বৃহত্তর জনগোষ্ঠী অর্থাৎ বিভিন্ন সম্প্রদায়ের অধিকারসচেতন মানুষ ঐক্যবদ্ধ হয়েছে। রাজপথে প্রতিরোধ গড়ে তুলেছে। এবং বৃহত্তর স্বাধিকার আদায়ের দাবিতে হাতে অস্ত্র তুলে নিয়েছে। এশিয়ার জনগণের অধিকার আদায়ের আন্দোলনের ইতিহাসে মিয়ানমারের বর্তমান গণ-আন্দোলন কিংবা ভিন্ন ভাষায় গণযুদ্ধ এক নতুন মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। কিন্তু তাতেও মিয়ানমারের সামরিক জান্তা কিংবা তাদের মদদদানকারী শক্তিশালী চীনের কোনো বোধোদয় হয়েছে বলে মনে হয় না। চীন বাংলাদেশের মুক্তিসংগ্রামেও সমর্থন দেয়নি। কিন্তু তাতেও বাংলাদেশের গেরিলাযুদ্ধ থেমে থাকেনি। মিয়ানমারের ক্ষেত্রে হয়তো বা একই কথা প্রযোজ্য হবে। সব কিছু ঠিক থাকলে, অর্থাৎ স্বাধীনতা বা মুক্তিকামীদের ঐক্য বজায় থাকলে একদিন হয়তো সামরিক স্বৈরাচারকে পরাজিত করে থাইল্যান্ড, বাংলাদেশ কিংবা ভারতে আশ্রিত মিয়ানমারের রোহিঙ্গারা মুক্ত স্বদেশে ফিরে যাবে। তাদের দেশে প্রতিষ্ঠিত হবে গণতন্ত্র, রচিত হবে নতুন সংবিধান এবং সম্প্রদায়গতভাবে সংখ্যালঘু জনগোষ্ঠী অর্জন করবে তাদের স্বাধিকার। কক্সবাজার কিংবা ভাসানচরে ঠাঁই নেওয়া রোহিঙ্গাদের আশ্রয়শিবির হয়তো একদিন শুধুই স্মৃতি হয়ে থাকবে।

রোহিঙ্গা প্রত্যাবর্তন, মিয়ানমারের সামরিক জান্তাদের বিদায়, গণতন্ত্র ও মিয়ানমারের বিভিন্ন জনগোষ্ঠীর ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠার জন্য জাতিসংঘ, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, তুরস্কসহ বিভিন্ন দেশ ও প্রতিষ্ঠান বর্তমানে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। এ ক্ষেত্রে চীনের বোধোদয় হওয়া অত্যন্ত আবশ্যক, যা গণতন্ত্রমনা মুক্তিকামী মানুষের অধিকার আদায়ের সংগ্রামকে অনেক সহজ করে তুলবে বলে ধারণা করা হচ্ছে। অতীতের বর্মা কিংবা বর্তমানের মিয়ানমারে সামরিক শাসন নতুন নয়। সে শাসন গণতন্ত্রকামী সভ্য বিশ্বের মুখে কালিমা লেপন করেছে, যার দ্রুত অবসান বাঞ্ছনীয় বলে অধিকারসচেতন মানুষ মনে করেন। মিয়ানমারের জনগণের বৃহত্তর মুক্তির সংগ্রাম শেষ পর্যন্ত শুরু হয়েছে। এ সংগ্রাম যতই তীব্রতর হবে, মুক্তির সম্ভাবনাও ততই ত্বরান্বিত হবে বলে বিশ্বাস।

লেখক: বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) সাবেক প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক

রমজানে মসজিদে মসজিদে তারাবির প্রস্তুতি

(৩৭ পাতার পর)

মদিনা মসজিদেও তারাবি নামাজের ব্যবস্থা করা হয়েছে এবং এখানে ইফতারের সময় মুসল্লীদের জন্য ইফতাররি ব্যবস্থা থাকবে।

এএমসি'র কর্মসূচী: করোনার বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় রেখে জ্যামাইকার সার্টফিন বুলেভার্ডে অবস্থিত আমেরিকান মুসলিম সেন্টারের উদ্যোগে পবিত্র রমজান মাস উপলক্ষে মাসব্যাপি বিশেষ কর্মসুচি গ্রহণ করেছে। তারাবিহ, ইফতার, ইসলামি শিক্ষামূলক প্রোগ্রাম (এএমসি মেসেজ) যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অব্যাহত থাকবে।

পবিত্র ঈদুল ফিতর এর জন্য এএমসি-র সম্মুখস্থ ময়দানে বিশাল জামাতের আয়োজন হবে। এই জন্য প্রয়োজনীয় কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এএমসি রামাদান প্রজেক্ট সেন্টার এর কর্মকান্ড সুন্দরভাবে পরিচালনায়, ইন্টেরিয়র কনস্ট্রাকশন, ওযু এরিয়া সম্প্রসারণ, মাক্তব শিক্ষার্থীদের টিউশন ফি, দাওয়া বই বিতরণ এর জন্য সকলকে আন্তরিক ভাবে অংশগ্রহণের জন্য আকুল আবেদন করেছেন এএমসি পরিচালনা কমিটি ও ইমাম আতাউর রহমান জালালাবাদী এবং ডাইরেক্টর ফয়সাল নেওয়াজ।

আইটিভির উদ্যোগে ব্রঙ্কসে ওয়েলকাম রামাদান অনুষ্ঠান

এদিকে আইটিভি ইউএসএ'র উদ্যোগে গত ৯ এপ্রিল বাদ মাগরিব ব্রঙ্কসের খলিল পার্টি সেন্টারে অনুষ্ঠিত হলো ওয়েলকাম রামাদান অনুষ্ঠান। বিশিস্ট আলেম মাওলানা মইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন মসজিদের ইমাম সহ কমিউনিটির বিশিস্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভিদা। বিশেষ অতিথি ছিলেন আফ্রিকান কমিউনিটি নেতা মোহাম্মদ নাবী। অনুষ্ঠানটি পরিচালনা করেন মাওলানা মো: শহীদউল্লাহ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সিয়াম সাধনার মাস মাহে রমজান। কালের পরিক্রমায় মুসলিম উম্মাহ'র কাছে রহমত, মাগফিরাত ও নাজাতের অমিয় বার্তা নিয়ে



প্রতিবছরই শুভাগমন করে পবিত্র মাহে রমজান। এবার এমন এক সময়ে বরকতের এই মাসটি আমাদের সামনে হাজির হয়েছে যখন বিশ্ব মহামারী করোনায় বিপর্যস্ত। অগণিত বনি আদম এই জীবাণুর থাবায় মৃত্যুবরণ করেছেন। লক্ষ লক্ষ লোক এ রোগে আক্রান্ত হয়েছেন। পবিত্র মাসটিতে দুর্যোগের এই কঠিন সময়ে আমরা যেন ইবাদত বন্দেগি করতে পারি সে প্রার্থনায়ই করছি মহান রাব্বুল আলামীনের কাছে। কামনা করছি আল্লাহ যেন রহমতের এই মাসের বদৌলতে মহামারী করোনা থেকে আমাদেরকে মুক্তি দেন। রমজানের আগমনের কারণে মুসলিম সমাজ ও ইসলামী জীবন ধারায় এক বিরাট সাফল্যের সৃষ্টি হয়।

তাঁরা বলেন, পাপমোচন আর সৎকাজ করার সুবর্ণ সুযোগ নিয়ে আসছে পবিত্র রমজান। এক অনাবিল শান্তি ও চিরস্থায়ী মুক্তির পয়গাম নিয়ে আসছে মাহে রমজান। আর রোজা ইসলামের মৌলিক ইবাদতের মধ্যে অন্যতম। যা আমাদের ওপর ফরজ করা হয়েছে। এ মাসকে আঁকড়ে ধরে পূর্ণ মুমিন হিসেবে নিজেকে তৈরি করার জন্য তারা সকলকে আহ্বান জানান।

অনুষ্ঠানে বক্তব্য রাখেনপার্কচেস্টার ইসলামি সেন্টারের খতিব মাওলানা ওবায়দুল হক,,হাফেজ এবাদুর রহমান, এডভোকেট এন মজুমদার, আবদুস শহীদ, মো: খলিলুর রহমান প্রমুখ।

নিউইয়র্ক মোহাম্মদী সেন্টার এবারও এফবি লাইভস্ট্রিমে তারাবীর ব্যবস্থা

অপরদিকে করোনার ভয়াবহতার কারনে যেহেতু নিউইয়র্কের মসজিদগুলোতে শরীয়ত বিধি মেনে কাঁধে কাঁধ বেঁধে এখনোও কাতার করে নামাজ পড়ার পরিবেশ না হওয়ায় এবং লোক সমাগমে করোনা দ্রুত ছড়িয়ে পড়ার আশঙ্কা বর্তমান থাকায় শুদ্ধভাবে কাতার বেঁধে ঘর থেকেই পরিবারের সদস্যদের নিয়ে তারাবীর নামাজ আদায় করার জন্য নিউইয়র্কের শীর্ষস্থানীয় ধর্মীয় সেবা প্রতিষ্ঠান জ্যাকসনহাইটস মোহাম্মদী সেন্টার এবারও ফেসবুক লাইভস্ট্রিমে নামাজে তারাবী আদায় করার ব্যবস্থা করেছে। আগামী ১২ এপ্রিল সোমবার রাত ১০:০০ টায় ৪৫ মিনিটের প্রথম সালাতুত তারাবী শুরু হবে। প্রতিটি তারাবী নামাজে পুরো এক খতম কোরান শরীফের সাওয়াব লাভের উদ্দেশ্যে ২০ রাকাত সূরা তারাবীর শেষ দুই রাকাতে সূরা ইখলাস তিন বার পাঠ করা হবে। এছাড়াও লাইভস্ট্রিম বেলা জুমুআ: ১:৩০ টায়। যুক্ত হতে অপেন ফেসবুক আইডি Imam Qazi Qayyoom খুলতে হবে।

এবারের ফেতরা জনপ্রতি ইউএস ১৫ ডলার। মোহাম্মদী সেন্টারের জাকাত-ফেতরা ফান্ডে আপনার জাকাত-ফেতরার অনুদান পৌঁছে দিতে পারেন। রামাদান/জাকাত/ফেতরা বা যেকোন ধর্মীয় ব্যাপার কোন জিজ্ঞাসা থাকলে (৭১৮) ৪৯৬-৯৩৭৭ এই ফোন নাম্বারে কল করা যেতে পারে। মোহাম্মদী সেন্টারের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

অ্যাস্ট্রাজেনেকার টিকা নিয়ে ভূ-রাজনীতি

রবিন ম্যাককি

অ্যাস্ট্রাজেনেকার টিকায় কভিড-১৯-এ আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা হ্রাস পাওয়ার সম্ভাবনা সত্ত্বেও মানবদেহে দুর্লভ রক্ত জমাট বাঁধার জন্য টিকাটিকে দায়ী করা হয়েছে। এ কারণে জার্মানি এবং নেদারল্যান্ডসে তরুণদের মধ্যে এর ব্যবহার স্থগিত করা হয়েছে। এসব খবর অস্বস্তির জন্ম দিয়েছে। অ্যাস্ট্রাজেনেকার টিকা হলো আমাদের প্রধান আশা। কারণ এর মাধ্যমে আমরা ব্রিটেনকে কভিডমুক্ত করতে পারব। কিন্তু এটি আবারও বৈরী পরীক্ষা-নিরীক্ষার মধ্যে পড়ে গেল। মূলত টিকাটি একটি ভূ-রাজনীতির বেড়াজালে আটকা পড়েছে এবং এর উপযোগিতা নিয়ে প্রশ্ন তোলা এবারই প্রথম ঘটেনি। এটা এক বেদনাদায়ক গল্প।

টিকাটি প্রয়োগের পর ৩০ জনের শরীরে বিরল রক্ত জমাট বাঁধার (ব্লাড ক্লটস) যে ঘটনা ঘটেছে, তাদের মধ্যে সাতজনের মৃত্যুর সঙ্গে টিকাটির যোগসূত্র থাকতেও পারে। এটা অবশ্যই উদ্বেগের বিষয়। তবে পাটিগণিতের হিসাবে এই ভয়গুলো দৃষ্টিভঙ্গির সঙ্গে সম্পর্কিত। ৩০টি ঘটনা ঘটেছে এক কোটি ৮০ লাখ অ্যাস্ট্রাজেনেকা টিকা গ্রহণকারীর মধ্যে, যার অর্থ হচ্ছে প্রতি পাঁচ লাখের মধ্যে একজনেরও কম লোকের মধ্যে রক্ত জমাট বেঁধেছে। একটি মামুলি প্রশ্ন, আমরা যদি পাঁচ লাখ মধ্যবয়স্ক মানুষকে টিকাটি দেওয়া বন্ধ রাখতাম এবং ধরুন সেটা এক মাসের জন্য, তাহলে কী ঘটত? হিসাবটা হচ্ছে, তাদের মধ্যে কভিড আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হতো প্রায় ৮৫ জন এবং মারা যেত পাঁচজন। এই পরিসংখ্যানই টিকাটির শক্তির কথা বলছে। এর কারণেই যুক্তরাজ্যে ছয় সহস্রাধিক কভিড মৃত্যু ঠেকানো গেছে এবং চলতি বছর লাখো মানুষের জীবন বাঁচানোর সম্ভাবনা রয়েছে।

অ্যাস্ট্রাজেনেকা টিকার সঙ্গে রক্ত জমাট বাঁধার (যেগুলোর বেশির ভাগই সেরিব্রাল সাইনাস ভেনাস থ্রম্বোসিস-সিএসভিটি নামের মস্তিষ্কের রক্ত জমাট রোগ) সাধারণ যোগসূত্র থাকার কারণগুলো পরিষ্কার নয়। যা-ই ঘটুক, যদি এই যোগসূত্রের অস্তিত্ব থেকেও থাকে, তাহলে আমাদের লক্ষ করা উচিত যে কভিডের অনেক পার্শ্বপ্রতিক্রিয়ার মধ্যেও রক্ত জমাটের বিষয়টি রয়েছে। ভেবে দেখুন, ভ্যাকসিন থেকে জমাট বাঁধার আশঙ্কার



চেয়ে কভিডভাইরাসে জমাট বাঁধার আশঙ্কা কয়েক গুণ বেশি। তা সত্ত্বেও ইউরোপীয় বলয় এমন একসময়ে অ্যাস্ট্রাজেনেকা টিকাটির ব্যবহার নিয়ন্ত্রণ অব্যাহত রেখেছে, যখন অনেক দেশই কভিড-১৯ সংক্রমণের তৃতীয় ঢেউয়ে ভুগছে এবং ভ্যাকসিন পেতে মরিয়া হয়ে উঠেছে।

যে মুহূর্তে বিশ্বকে কভিড-দুঃস্বপ্ন থেকে বের করে আনার জন্য ভ্যাকসিনের প্রতি জনসাধারণের আস্থা খুবই গুরুত্বপূর্ণ, তখন জার্মানি, নেদারল্যান্ডস ও অন্যান্য অনেক ইউরোপীয় দেশের অবস্থান অ্যাস্ট্রাজেনেকার টিকায় অনীহা দেখানো তরুণ ও নারীদের সংখ্যা বাড়তেই থাকবে। অথচ এটি এমন একটি অনুমোদিত টিকা, যা সহজেই বিভিন্ন দেশে সরবরাহযোগ্য এবং সংরক্ষণের জন্যও জটিল রেফ্রিজারেশনের প্রয়োজন নেই। এখন ইউরোপ টিকাটির নিরাপত্তাকে ক্রমাগত খাটো করলে উন্নয়নশীল দেশগুলোও দ্বিধাবোধ করবে।

অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনকে ঠিক কী কারণে ক্রমাগত খাটো করা হচ্ছে তা ব্যাখ্যা করা কঠিন। ব্রিটেনের অত্যন্ত সফল ভ্যাকসিন টাস্কফোর্সের নেতৃত্ব দিয়েছেন কেট বিংহাম। তিনি ব্রিটিশ-সুইডিশ কম্পানি অ্যাস্ট্রাজেনেকাকে নিরাপদ, কার্যকর, সহজেই সরবরাহযোগ্য উপায়সংবলিত একটি ভ্যাকসিন উদ্ভাবনের জন্য 'বীর' আখ্যা দিয়েছেন। পরে তিনি আক্ষেপ করে বলেছেন, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে প্রথম উদ্ভাবিত এই টিকাটি 'ভূ-রাজনীতির শিকার হয়ে পড়েছে।' একটি ভ্যাকসিন তার উৎপাদনমূল্যে বিক্রি হচ্ছে এবং বড় ফার্মাসিউটিক্যাল কম্পানিগুলোর স্বভাবসুলভ উচ্চমূল্যে বিক্রির পরিকল্পনা ভেস্তে যাচ্ছে। এটাই হচ্ছে টিকাটির মারাত্মক বিদ্বেষের শিকার হওয়ার একটি কারণ।

বিশ্বের প্রয়োজন মেটানো এখন জরুরি বিষয়। আমাদের এই গ্রহের ৫৮০ কোটি প্রাপ্তবয়স্ক মানুষের জন্য ডাবল ডোজ হিসেবে এক হাজার ১০০ কোটির বেশি ভ্যাকসিন দরকার। আবার ভবিষ্যতেও ভাইরাসটির ভিন্ন ধরনের (কাউন্টার ভাইরাস ভেরিয়েন্ট) কারণে আরো অনেক ডোজের প্রয়োজন হবে। আজ পর্যন্ত মাত্র ৬০ কোটি ডোজ দেওয়া হয়েছে এবং শুধু অ্যাস্ট্রাজেনেকাই এই বছর ৩০০ কোটি ডোজ সরবরাহের প্রতিশ্রুতি দিয়েছে, যা মানবজাতিকে রক্ষায় এক বিশাল ভূমিকা রাখবে। তবু অসাধু উদ্দেশ্য পূরণে টিকাটি পরিহার করা হচ্ছে। প্রথম দিকে ব্রিটেনের কভিড মোকাবেলায় দুর্বলতা নিয়ে উপহাস করা হয়েছিল। সেই যুক্তরাজ্যই যখন ভ্যাকসিন উদ্ভাবনে বিজয়োল্লাস করে, তখন ইইউ বিভ্রান্তিতে পড়ে থাকে।

৪০ বছর আগে যখন এইডস মহামারি প্রথম দেখা দেয়, তখন এর পরীক্ষার উপায় উদ্ভাবন করতে বিজ্ঞানীদের চার বছর সময় লেগেছিল। আর কভিড-১৯-এর ক্ষেত্রে বিজ্ঞানীরা এক মাসেরও কম সময়ের মধ্যে পরীক্ষার প্রযুক্তি উদ্ভাবন করেছেন এবং এক বছরের মধ্যেই টিকার অনুমোদন পেয়েছেন। নাটকীয় বৈজ্ঞানিক উন্নতি এই মহামারি থেকে বেঁচে থাকা সম্ভব করে তুলেছে। এখন বিশ্বের এমন সব রাজনীতিক, স্বাস্থ্য পরিষেবা এবং সিভিল সার্ভিসের প্রয়োজন রয়েছে, যারা এই উপহারগুলো দক্ষতা ও প্রজ্ঞার সঙ্গে ব্যবহার করতে পারে। কিন্তু বেশির ভাগ পশ্চিমা দেশেই এই বৈশিষ্ট্যগুলোর অভাব রয়েছে।

লেখক : দি অবজারভারের (ইউকে) বিজ্ঞান ও পরিবেশ সম্পাদক

সীমান্তের দুই কুকুর ও গণতন্ত্রের উন্নয়ন



আবু রুশ্‌দ

ফিল্ড মার্শাল আইয়ুব খানের আমলের কথা। পাকিস্তানের বাহ্যিক চাকচিক্য, অর্থনৈতিক প্রবৃদ্ধি নজরকাড়ার মতো। বিপরীতে ভারতে দারিদ্র্যের হার তুলনামূলক বেশি। সে সময় লাহোর সংলগ্ন ওয়াগাহ সীমান্তের জিরো লাইনে দুই দেশের দুই কুকুরের দেখা। দু'টিই সীমান্ত প্রহরীদের চোখ ফাঁকি দিয়ে শত্রু দেশে অনুপ্রবেশের ফাঁকফোকর খুঁজছে। পাকিস্তানের কুকুরটি বেশ মোটাতাজা, ভারতেরটি হাড়-জিরজিরে, অপুষ্ট। পাক কুকুর ভারতের স্বজাতির কাছে জানতে চাইল, তুই ভারতের মতো সর্ববৃহৎ গণতান্ত্রিক দেশ ছেড়ে পাকিস্তানে পালিয়ে যেতে চাস কেন? রুগ্ন, অভুক্ত ভারতীয় সারমেয় বাবু বলল, দেখছিস না, আমার কেমন অবস্থা? খেতে পাই না, ডাস্টবিনেও হাড়-হাড্ডি নেই। শুনেছি তোদের দেশে অনেক খাবার, অর্থনীতির অবস্থা ভালো, তাই এসেছি সীমান্ত পাড়ি দিতে। কিন্তু তুই তো বেশ মোটাতাজা, ভালোই খাবার-টাবার পাচ্ছিস মনে হচ্ছে, তা কোন দুঃখে ভারতে পালাতে চাচ্ছিস? পাকিস্তানী কুকুরটি কেউ শুনছে কি না তা পরখ করতে আশপাশ দেখে নিয়ে গলার স্বর নিচু করে বলল, তা তুই ঠিকই বলেছিস, আমাদের দেশে খাবারের অভাব নেই, ফিল্ড মার্শাল সাহেব অর্থনীতির ভালোই উন্নতি করেছেন; কিন্তু তিনি যে আমাদের ঘেউ ঘেউ করতে দেন না! টুঁশব্দটি করলেই সোজা চৌদ্দ শিকের ভেতর চালান করে দেন। কোনো কথা বলার উপায় নেই, সমালোচনা তো দূরের কথা। তাই তোদের ভারতে পালিয়ে গিয়ে ইচ্ছামতো একটু ঘেউ ঘেউ করব ভাবছি। মনে অনেক কথা জমে আছে যে! এরপর পাকিস্তানি কুকুরটি ভারতে চলে গিয়েছিল ঠিকই, তবে তার ভারতীয় জাতভাই পাকিস্তানে ঢুকেছিল কি না জানা যায়নি।

কৌতুকটি দুই কুকুরকে নিয়ে হলেও ফিল্ড মার্শাল আইয়ুব খানের সময় কিন্তু সংযুক্ত পাকিস্তান প্রকৃতই অর্থনৈতিক ও কারিগরি দিকে ঈর্ষণীয় উন্নতি করেছিল। নিবন্ধটিতে সামনে এগোনোর আগে বিনয়ের সাথে বলে নিই যে, এখানে আইয়ুব শাহীর গুণগান করা বা সে সময়কার পাকিস্তান 'স্বর্গ' ছিল এমন কোনো ধারণা দেয়ার জন্য এই লেখা নয়। বরং একটি জটিল আর্থসামাজিক সমীকরণ সহজভাবে বোঝানোর জন্যই এই ক্ষুদ্র প্রয়াস, যার ইঙ্গিত ওই কৌতুকেই দিয়েছি। কোনো একটি দেশে শুধু অর্থনৈতিক উন্নয়নই সব? নাকি সামগ্রিকভাবে গণতন্ত্রের উন্নয়ন প্রয়োজন সেটি আজ গভীরভাবে ভেবে দেখার সময় এসেছে।

যা হোক, সেসময় সমগ্র এশিয়ায় পাকিস্তানকে ধরা হতো শিল্পায়ন ও অর্থনৈতিক অগ্রগতির রোল মডেল হিসেবে। পৃথিবীর নামকরা সব বহুজাতিক কোম্পানি পাকিস্তানে বিনিয়োগ ও কারখানা স্থাপন করে। ইউনিলিভার, কোকাকোলা, ফাইজার, গ্ল্যাক্সো, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোসহ প্রভৃতি কোম্পানির নাম উল্লেখযোগ্য। ইউরোপ, আমেরিকার বিখ্যাত সব বিলাস সামগ্রী ও ইলেকট্রনিক্স তখন পাকিস্তানে সহজলভ্য। পক্ষান্তরে, ভারতে জওয়াহেরলাল নেহরু মুক্তবাজার অর্থনীতি অনুসরণ করতে অস্বীকৃতি জানান ও



অনেকটা সমাজতান্ত্রিক ধাঁচে অর্থনীতি গড়ে তোলেন। সেখানে বলতে গেলে কোনো বিদেশী কসমেটিকস, গাড়ি, বিলাস দ্রব্য পাওয়া যেত না। পাকিস্তানের মানুষ যখন ৫৫৫ বা বেনসন অ্যান্ড হেজেস সিগারেট পান করত তখন ভারতের সবচেয়ে ভালো সিগারেট ছিল স্থানীয়ভাবে তৈরি চারমিনার। বেশির ভাগ ভারতীয় ধূমপান করত টেন্ডু পাতার বিড়ি দিয়ে। করাচি, লাহোর, ঢাকায় যখন জার্মানির গ্রুনডিগের মতো বিশ্বখ্যাত কোম্পানির রেডিওগ্রাম, টেপরেকর্ডার পাওয়া যেত তখন ভারতীয়দের কাছে এসব ছিল স্বপ্নের মতো। এমনকি তখন দক্ষিণ কোরিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুরের মতো দেশগুলো অতটা উন্নতি লাভ করেনি। ওই সব দেশ থেকে সরকারি বিশেষজ্ঞরা পাকিস্তানে আসতেন উন্নয়নের গূঢ় রহস্য জানার জন্য। পাকিস্তান কিভাবে অত দ্রুত ব্যাপক শিল্পায়ন ও জিডিপি বৃদ্ধি করতে সক্ষম হলো তা নিয়ে এসব দেশের ছিল বিস্ময়। দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর আইয়ুব খানের অর্থনৈতিক পলিসি প্রায় হুবহু অনুসরণ করে বলে জানা যায়। আর মালয়েশিয়া পুত্রজায়ায় যে প্রশাসনিক শহর তৈরি করেছে তা ছিল ইসলামাবাদের মডেল। যে কেউ সেই সময়ে এসব দেশের অর্থনৈতিক অবস্থার বিপরীতে সাম্প্রতিককালে তাদের অবস্থা বিশ্লেষণ করলে অবাক হবেন।

১৯৪৭ সালে যখন ভারত ও পাকিস্তান দু'টি স্বাধীন দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভ করে তখন পূর্ব বাংলা ছিল সবচেয়ে অনগ্রসর এলাকা। এর রাজধানী ঢাকায় শুধু একটি আধা পাকা ইট বিছানো (হেরিংবোন) সড়ক ছিল পুরনো বিমানবন্দর থেকে শাহবাগ পর্যন্ত। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকান সেনা প্রকৌশলীরা ওই সড়কটি ও বিমানবন্দর অবকাঠামো তৈরি করে। সেসময় ঢাকায় কোনো পেট্রল পাম্পও ছিল না। ১৯৪৭-এর পর তড়িঘড়ি করে রমনা পেট্রল পাম্পটি স্থাপন করা হয়, যা এখনো আছে। পুরো পূর্ব বাংলায় শিল্প কারখানা বলতে ছিল মাত্র তিন কী চারটি অবকাঠামো। সেগুলোর মালিকও ছিল হিন্দু সম্প্রদায়ের যারা দেশভাগের পর ভারতে চলে গিয়েছিলেন। এখানে ছিল না কোনো সামরিক শিক্ষা স্কুল বা ক্যাডেট কলেজ। পাটের কারখানাগুলো ছিল সব পশ্চিম বাংলায়। পাকিস্তান হওয়ার পরও তদানীন্তন শাসকরা পূর্ব বাংলার উন্নয়নে খুব একটা গা করেননি। যে পরিমাণ বিনিয়োগ ও প্রকল্প গ্রহণ করলে অর্থনীতির চাকা দ্রুততর করা যেত, তা উপেক্ষিত থেকে যায়। পাকিস্তানি রাজনীতিবিদরা একটি শক্তিশালী গণতান্ত্রিক কাঠামো তৈরি তো দূরের কথা, এমনকি সংবিধান প্রণয়নেও ব্যর্থ হন। এ অবস্থায় ১৯৫৮ সালে সামগ্রিক একটি হতাশাজনক পরিস্থিতিতে সামরিক শাসন জারি করা হয়। একপর্যায়ে পাক সেনাবাহিনীর তদানীন্তন কমান্ডার ইন চিফ জেনারেল আইয়ুব খান ক্ষমতার মসনদ কুক্ষিগত করতে সক্ষম হন। পৃথিবীর প্রায় সব এক-নায়ক যা করেন তিনিও তাই করেছিলেন। তার মাথায় চেপে বসে সব ছেড়ে ছুড়ে কেবলমাত্র দ্রুত অর্থনৈতিক অগ্রগতির চিন্তা। তিনি অন্য সব টাইরান্টের মতো অবসেশনে ভুগতে শুরু করেন। ইগো চেপে বসে অস্থি মজ্জায়। সারাক্ষণ এক কথা, অর্থনৈতিক উন্নয়ন। আর রাজনীতি, গণতন্ত্র, সমাজ-নীতি, সংস্কৃতির অবাধ বিকাশ, মতপ্রকাশের স্বাধীনতাকে গণ্য করা হয় অর্থনৈতিক অগ্রগতির অন্তরায় হিসেবে। তার কথিত থিওরি ছিল দ্রুত অর্থনৈতিক অগ্রগতি করতে পারলে মানুষ এমনিতেই রাজনীতির কথা ভুলে যাবে, দেশ শক্তিশালী হবে। গণতন্ত্র তার কাছে ছিল অস্থিতিশীলতা সৃষ্টির উপকরণমাত্র। তাই খেয়ে না খেয়ে তিনি পুরো প্রশাসনকে নিয়োগ করেন অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করার কাজে। এখানে আইয়ুব আমলে পাকিস্তান ও ভারতের মধ্যে কয়েকটি তুলনামূলক তথ্য উপাত্ত তুলে ধরা হলো :

১. আইয়ুব খানের সময় কেবল পূর্ব-পাকিস্তানে ৭৭টি পাটকল প্রতিষ্ঠা করা হয় যার মধ্যে আদমজী জুট মিল ছিল পৃথিবীর সবচেয়ে বড় পাটকল। ১৯৪৭ সালে পূর্ব পাকিস্তানে কোন পাটকল ছিল না। এ ছাড়া ফিল্ড মার্শাল সাহেবের আমলে পাকিস্তানের জিডিপি প্রবৃদ্ধি ১০-এর ঘরও ছাড়িয়ে গিয়েছিল। অন্য দিকে সেসময় ভারতের ডিডিপি প্রবৃদ্ধি ছিল ৩-এর মতো।

২. আজকের প্রজন্মের অনেকেই হয়তো অবাক হবেন জেনে যে, আইয়ুব খানের আমলেই আমেরিকান সহায়তায় পূর্ব-পাকিস্তানের ঢাকায় টেলিভিশন স্টেশন বসানো হয় ১৯৬৪ সালে। এশিয়ায় জাপানের পর এখানে টেলিভিশন দেখতে সক্ষম হয় পূর্ব-পাকিস্তানের নাগরিকরা। পরে পশ্চিম-পাকিস্তানে টেলিভিশন কেন্দ্র বসানো হয়। ভারতে টেলিভিশন আসে আরো অনেক পরে। সেসময় বায়তুল মোকাররম, স্টেডিয়াম মার্কেটের পাশাপাশি নিউ মার্কেট তৈরি হয়। এসব মার্কেটে বিদেশী সব পণ্য পাওয়া যেত যা ভারতে নব্বই দশক পর্যন্ত কল্পনাও করা যেত না।

৩. ১৯৬৪-৬৫ সালে জার্মানি ও ফ্রান্স থেকে এয়ারকন্ডিশন্ড বগি এনে পাকিস্তান রেলওয়েতে সংযুক্ত করা হয়। ঢাকা থেকে চট্টগ্রামগামী চিটাগাং মেইল ট্রেনে সেই বগিগুলো সম্ভবত প্রথম সংযুক্ত করা হয় পূর্ব-পাকিস্তানে। গ্রিন অ্যারো নামের একটি দ্রুতগামী ট্রেন যেটা ঢাকা থেকে চট্টগ্রাম পথে চলাচল করত তাতেও সংযুক্ত হয় ওই সব বগি। সেই বগিগুলো অবাক ব্যাপার হলেও এখনো বাংলাদেশ ও পাকিস্তানে চলছে। ভারতে শীতাতপ নিয়ন্ত্রিত রেল বগি আসে কয়েক বছর পর।

৪. আজ অবিশ্বাস্য মনে হলেও পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইনস-পিআইএ আইয়ুব খানের সময় পৃথিবীখ্যাত বিমান সংস্থায় পরিণত হয়। এর কেবিন ক্রুদের পোশাক ফ্রান্সের বিখ্যাত ফ্যাশন ডিজাইনার সদ্য প্রয়াত পিয়েরে কার্ডিন স্বয়ং ডিজাইন করেছিলেন। পিআইএ পৃথিবীতে প্রথম ইন

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





Payment : As per wage parity $19.09

CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও HHA সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি HHA অথবা PCA হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP
প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

৫০ বছরের অর্থনীতি : প্রাপ্তি,

(৯ পাতার পর)

দেশে উত্তরণের জন্য চূড়ান্তভাবে সুপারিশ করেছে। মাথাপিছু আয়, মানবসম্পদ ও অর্থনৈতিক ভঙ্গুরতা এই তিন সূচকের মানদণ্ডে জাতিসংঘ একটি উন্নয়নশীল দেশের তালিকাভুক্ত হওয়ার যোগ্যতা নির্ধারণ করে। বাংলাদেশ ওই তিন সূচকেই কাঙ্ক্ষিত যোগ্যতা অর্জন করেছে। এখন সব কিছু ভালোভাবে চললে ২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের গ্রুপ থেকে বেরিয়ে আসবে। গত ৫০ বছরে বাংলাদেশ অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে উন্নতির অনন্য দৃষ্টান্ত তৈরি করেছে। যদিও বর্তমানে আমরা এমন এক সময় অতিক্রম করছি যখন বৈশ্বিক অর্থনীতি করোনার মহামারীতে আক্রান্ত। বিশ্ব অর্থনীতি যখন নানা সূচকে নিম্নমুখী তখনো বাংলাদেশের অর্থনীতি তুলনামূলকভাবে খুব খারাপ অবস্থানে আছে বলা যাবে না। আমাদের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তরা (এসএমই), গার্মেন্ট শিল্প ও অপ্রতিষ্ঠানিক সেবা খাত মারাত্মক ক্ষতির সম্মুখীন হয়েছে। সরকার এই মহামারী সময়ে প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছে ঠিকই, কিন্তু তার অনেকটাই এখনো বিতরণ সম্ভব হয়নি। তবে এর সুফল বেশির ভাগ ক্ষেত্রে বড় উদ্যোক্তারা পাচ্ছেন। ফলে ক্ষুদ্র উদ্যোক্তারা এখনো নানা সমস্যার মধ্যে হাবুডুবু খাচ্ছে। ক্ষুদ্র মাঝারি ও অপ্রাতিষ্ঠানিক সেবা খাতগুলোহর অর্থনৈতিক পুনরুদ্ধার না হলে সামগ্রিক অর্থনীতির পুনরুদ্ধার অনেক পিছিয়ে যেতে পারে।

৫০ বছরে অর্থনীতি অনেক ক্ষেত্রে সফলতা অর্জন করলেও এতে তুষ্টির অবকাশ নেই। এখনো অনেক চ্যালেঞ্জ আমাদের সামনে। আমাদের দীর্ঘ পথ চলা আশানুরূপ না হলেও সন্তোষজনক ছিল। তবে সম্ভাবনা ছিল অনেক বেশি। এগুলো আলোচনা-পর্যালোচনার প্রয়োজন। ঠিক কোন কারণে আমরা সম্পদের যথাযথ ব্যবহার করতে পারিনি, দেশকে দ্রুত এগিয়ে নেয়ার সম্ভাবনাও কাজে লাগাতে পারিনি, সেসব বিষয় পর্যালোচনায় আসতে হবে। বর্তমানে ব্যাংকিং খাত বড় ধরনের সঙ্কটের মধ্য দিয়ে যাচ্ছে। এ খাতের খেলাপি ঋণ বৃদ্ধি, ঋণ আদায়ের হার হ্রাস ও বাংলাদেশ থেকে বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হয়ে যাওয়া অর্থনীতিকে মারাত্মক ঝুঁকির মধ্যে ফেলতে পারে। দ্রুত সঙ্কট উত্তরণে কেন্দ্রীয় ব্যাংককে শক্ত হাতে, ভয়ভীতির উর্ধ্বে থেকে সময়োচিত ও দৃশ্যমান পদক্ষেপ নিতে হবে। প্রায় ১২ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে মানবাধিকারের এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করলেও এ সমস্যার সমাধান না করতে পারলে আগামী দিনে অর্থনীতি কোন দিকে যাবে তা ভেবে দেখতে হবে। স্বাস্থ্য খাতের অনেক দুর্বলতা রয়েছে। আমরা এ খাতের কাঙ্ক্ষিত উন্নয়ন ঘটাতে পারিনি। শিক্ষাব্যবস্থা এখনো ঢেলে সাজাতে পারিনি। ক্ষতিগ্রস্ত অর্থনীতির পুনরুদ্ধারের জন্য সরকারকে প্রণোদনা বাড়ানো ও তা কার্যকরভাবে প্রয়োগ করা উচিত। আমাদের বিশাল জনগোষ্ঠী নতুন করে দরিদ্র হয়েছে। তা ছাড়া করোনার আগে যারা দরিদ্র ছিল ও করোনার কারণে আরো দরিদ্র হয়েছে তাদের জন্য সরকারের যে সামাজিক সুরক্ষা কর্মসূচি ও কার্যক্রম আছে তার ব্যাপ্তি, পরিধি ও বরাদ্দ বাড়ানো উচিত। এ ক্ষেত্রে কাঠামোগত দুর্বলতা দূর করা উচিত।

প্রাকৃতিক সম্পদের অপ্রতুলতা, অবকাঠামোর অভাব ও জনসংখ্যার ঘনত্ব বেশি হওয়ার পরও জনগণের টিকে থাকার সক্ষমতা বাংলাদেশকে সাফল্য এনে দিয়েছে। তবে তার মধ্যে যেসব দুর্বলতা যেমন বেকারত্ব বৃদ্ধি, হাতেগোনা রফতানি পণ্য, পোশাক শিল্পের কাঠামোগত দুর্বলতা, কৃষিকে আধুনিকীকরণের ঘাটতি, কৃষকের ন্যায্যমূল্য না পাওয়া, মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম্য বৃদ্ধিসহ মানবাধিকার লঙ্ঘন, গণতন্ত্রের অবনতি এবং সুশাসন ও জবাবদিহিতার মতো সমস্যাগুলো দূর করার কার্যকর পদক্ষেপ নিতে হবে। ৫০ বছরে অর্জিত উন্নয়ন কি টেকসই হবে, জনগণের জীবনমান উন্নত ও বৈষম্যের অবসান ঘটবে? জবাব ইতিবাচক হতে পারে যদি অংশগ্রহণমূলক টেকসই অর্থনীতির ভীত তৈরির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নেয়া যায়।

বর্তমানে নতুন বিনিয়োগ না হওয়া, কর্ম সংস্থানের অভাব, শিক্ষার নাজুক অবস্থা, কোনো প্রকল্প যথাসময়ে শেষ না হওয়া ইত্যাদি, ২০৩০ সালের মধ্যে এসডিজির শর্ত বাস্তবায়নে বড় বাধা হয়ে থাকবে। স্বাধীনতার ৫০ বছরে নিজেদের অর্জন ও ব্যর্থতাগুলোর বিশ্লেষণ ও দুর্বলতাগুলো চিহ্নিত করে সামনে এগিয়ে যেতে হবে। জবাবদিহিতা ও স্বাধীন মতপ্রকাশ সঙ্কুচিত হচ্ছে। দেশের বিপুল জনগোষ্ঠী এখনো দারিদ্র্যসীমার নিচে বসবাস করছে। আয় ও সম্পদের বৈষম্য বেড়েছে। এ সময় দুর্যোগকালীন সঙ্কট মোকাবেলায় আমাদের প্রস্তুতির বিষয়গুলো নিয়েও ভাবতে হবে।

আমাদের এসডিজির যাত্রা শুরুর সময় ২০১৬-২০ সময়কালে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা চলমান ছিল। বর্তমানে অষ্টম পঞ্চবার্ষিক (২০২১-২৫) পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আগামীতে নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করে মানুষের জীবনমান উন্নয়ন ও অর্থনৈতিকভাবে উন্নত দেশ হিসেবে বাংলাদেশ আবির্ভূত হবে এটাই আমাদের প্রত্যাশা।

লেখক: অর্থনীতি বিশ্লেষক

হেফাজতে ইসলাম এবং

(১১ পাতার পর)

তারা বলেন, 'দেশের যেকোনো নাগরিক তার স্ত্রী পরিবার নিয়ে যেকোনো স্থানে যাওয়ার অধিকার রাখে কিন্তু মামুনুল হকের মতো সম্মানীত ব্যক্তির ওপর সন্ত্রাসীরা যেভাবে ঝাঁপিয়ে পড়েছে আমরা তার তীব্র নিন্দা জানাচ্ছি এবং অভিযুক্তদের বিচারের আওতায় আনার জোর দাবি জানাচ্ছি।' তারা আরো বলেন, 'জাতীয় সংসদে একজন নাগরিকের ব্যক্তিগত বিষয়কে যেভাবে উপস্থাপন করা হয়েছে সেটা জনগণ কখনোই আশা করেনি। তারা সংসদে প্রদত্ত বক্তব্য প্রত্যাহারের দাবি জানান।' উল্লেখ্য, সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা হেফাজতে ইসলামের কেন্দ্রীয় নেতা মামুনুল হকের নাম উল্লেখ না করে বলেন, 'ধর্মের পবিত্রতার কথা ও এত কিছু বলে অপবিত্র কাজ করে ধরা পড়েন। এই বিনোদনের এত অর্থ কোত্থেকে আসে? এটা দেশবাসী বিচার করবে। আইন আইনের গতিতে চলবে'। তিনি আরো বলেন, 'হেফাজতে ইসলাম ধর্মকে কলুষিত করছে। তাদের চরিত্র কেমন তা মানুষ দেখেছে। পার্লারে কাজ করা এক মহিলা, তাকে বউ হিসেবে পরিচয় দেন আবার নিজের বউয়ের কাছে বলেন যে, অবস্থার পরিপ্রেক্ষিতে আমি এটা করে ফেলেছি। যারা ইসলাম ধর্মে বিশ্বাস করেন, তারা এ রকম মিথ্যা বলতে পারেন? অসত্য তারা বলতে পারেন? তারা তো মিথ্যা বলতে পারেন না। তারা মানুষকে কী ধর্ম শেখাবেন? কিছু লোকের জন্য ইসলাম ধর্মে বদনাম হবে এটা কখনোই মেনে নেয়া যায় না।'

প্রধানমন্ত্রী বলেন, 'হেফাজতের সদস্যদের অনুরোধ করব, তারা যেন বুঝে নেন কোন নেতৃত্ব তাদের। জ্বালাও পোড়াও করে তিনি বিনোদন করতে গেলেন সোনারগাঁওয়ের একটি রিসোর্টে একজন সুন্দরী মহিলা নিয়ে, এরা ইসলাম ধর্মের নামে কলঙ্ক। ইসলাম ধর্মকে ছোট করছেন, কিছু লোকের জন্য আজ এই ধর্ম জঙ্গির নাম, সন্ত্রাসের নাম। এখন তো যে চরিত্র দেখালো তাতে দুশ্চরিত্রের নামও জুড়ে দিচ্ছে।' তিনি আরো বলেন, 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আগমনকে ঘিরে যে সংঘাত সহিংসতা হয়েছে তাতে হেফাজতে ইসলাম নয়, তাদের সাথে জামায়াত-বিএনপিও রয়েছে।' তবে বিএনপি এ অভিযোগ অস্বীকার করেছে। হেফাজতে ইসলামের আন্দোলনের সাথে বিএনপিকে কেন জড়ানো হচ্ছে সংসদে এই প্রশ্ন তুলেছেন বিএনপির সংসদ সদস্য হারুনুর রশিদ। তিনি বলেছেন, 'ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফর নিয়ে বিএনপি কোনো বিরোধিতা করেনি।' তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, 'এই সুবর্ণজয়ন্তীতে আমরা লাশ উপহার দিলাম।' সরকারের উদ্দেশে বিএনপির এই সংসদ সদস্য বলেন, 'প্রতিবাদ বিক্ষোভ যারা করল তাদের সাথে আলোচনা করা যেত। যখন ভাস্কর্য-মূর্তি নিয়ে দেশে একটি সঙ্কাতের পরিবেশ সৃষ্টি হলো তখন হেফাজতের সাথে সরকার আলোচনা করেছে।'

এখন সরকার মনে হচ্ছে আলোচনা বা শান্তির পরিবেশ থেকে বেরিয়ে এসেছে। দেশের বিভিন্ন স্থানে গত ২৬ থেকে ২৮ মার্চ সহিংসতা ও হামলায় যারা জড়িত তাদের সবাইকে চিহ্নিত করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। তিনি বলেন, 'সবাইকে আইনের আওতায় নিয়ে আসা হচ্ছে। ইতোমধ্যে ২২ জনকে আটক করা হয়েছে।' সংবাদপত্রে খবর এসেছে, হেফাজতের শীর্ষ স্থানীয় ব্যক্তি ও প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব তলব বা জব্দ করা হয়েছে। মামুনুল হকের বিষয়টি পরিবেশকে আরো ঘোলাটে করে তুলেছে। তবে দেশের মানুষ ওলামায়ে কেরামকে নবী-রাসূলদের উত্তরসূরিই বিবেচনা করে। আর তাদের থেকে সেরকম আচরণই আশা করে।

ঘটনাবলি পর্যালোচনা করলে বোঝা যায়, হেফাজতে ইসলাম বাংলাদেশের জটিল ও কূটিল রাজনীতির আবর্তে নিপতিত হয়েছে। হেফাজতকে তাদের কুশলতা ও সৎ সাহস দিয়ে রাজনীতির ঘূর্ণাবর্ত থেকে বেরিয়ে আসতে হবে। তাদের লক্ষ্য ও উদ্দেশ্য সুনির্দিষ্ট হতে হবে। তাদের স্বকীয়তা ও নিরপেক্ষতা নিশ্চিত হতে হবে। সব জাতীয় বিতর্ক থেকে নিজেদেরকে দূরে রেখে স্বমহিমায় ও স্বমর্যাদায় প্রতিষ্ঠিত হতে হবে। তাদের বিশ্বাস করতে হবে, বাংলাদেশের কোটি কোটি ঈমানদার মানুষের আস্থা ও বিশ্বাস তাদের প্রতি রয়েছে। জাতির জরুরি প্রয়োজনে হেফাজতে ইসলাম যাতে সুপরিকল্পিতভাবে অগ্রসর হতে পারে সে জন্য তাদের দেশের সর্বত্র সাংগঠনিক মজবুতি ও গতিশীলতা প্রয়োজন। পারিপার্শ্ব ও দেশের সামগ্রিক অবস্থান সম্পর্কে পরিপূর্ণ ধারণা থাকতে হবে। তাদের লক্ষ্য ও উদ্দেশ্যের একাগ্রতা তাদেরকে পৌঁছে দেবে কাঙ্ক্ষিত মঞ্জিলে মাকসুদে।

লেখক: অধ্যাপক, সরকার ও রাজনীতি বিভাগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

যুক্তরাষ্ট্রে মাস্ক পরলে বাঁচবে ১৪ হাজার প্রাণ!

(শেষের পাতার পর)

তবে যদি ৯৫ শতাংশ মার্কিনি মাস্ক পরেন তাহলে প্রাণহানি হবে ৬ লাখ ৪ হাজার ৪১৩ জনের। অর্থাৎ, মাস্ক পরার ওপরে নির্ভর করছে ১৪ হাজার প্রাণ।

গবেষণাটি চালিয়েছে ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর হেল্থ মেট্রিক্স অ্যান্ড ইভালুয়েশনস। তারা আরো জানিয়েছে, যদি ভ্যাকসিন নেয়ার পর মানুষ মনে করে যে আগের মতো চলাচল করা যাবে তাহলে ভয়াবহ অবস্থা ধারণ করবে যুক্তরাষ্ট্রের। বলা হয়েছে, এরকম অবস্থা হলে ১লা আগস্ট নাগাদ প্রাণ হারাবেন ৬ লাখ ৯৭ হাজার ৫৭৩ জন। অর্থাৎ অতিরিক্ত প্রাণ হারাবেন প্রায় ৯৩ হাজার মানুষ!

ফক্স নিউজে পম্পেও

(শেষের পাতার পর)

সেখানকার কন্ট্রিবিউটর হিসেবে যোগ দিচ্ছেন বলে গত বৃহস্পতিবার প্রতিষ্ঠানটি জানিয়েছে। খবর নিউইয়র্ক পোস্ট। পম্পেও ছাড়াও সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনে কাজ করা অনেকেই মিডিয়া মোগল রুপার্ট মারডক নিয়ন্ত্রণাধীন এ নেটওয়ার্কে যোগ দিচ্ছেন। তাদের মধ্যে রয়েছেন- হোয়াইট হাউসের সাবেক প্রেস সেক্রেটারি কেইলি ম্যাকএনানি ও ট্রাম্পের শীর্ষ অর্থনৈতিক উপদেষ্টা ল্যারি কাডলো। ফক্স জানিয়েছে, পম্পেও তাদের বিজনেস নেটওয়ার্কসহ ফক্স নিউজের সব প্ল্যাটফর্মেই তার বিশ্লেষণ ও পর্যালোচনা দেবেন।

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SECI

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।

ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস


DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

KARNAFULLY TAX SERVICES INC

ENTAL



আমার পরিবারের সবার জন্য দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

We Do
Implant & Veneers

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

AUTHORIZED e-file PROVIDER

7 DAYS OPEN

718-475-5686



87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

KARNAFULLY TAX SERVICES INC

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent

এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

IRS ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation
fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street. 2nd Floor. Jackson Heights



প্যারিসে ফেনী সমিতির পরিচিতি সভা অনুষ্ঠিত

ফয়সাল আহাম্মেদ দ্বীপ, ফ্রান্স থেকেঃ ফ্রান্সের রাজধানী প্যারিসে ফেনী সমিতির কর্মকর্তাদের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৪ এপ্রিল রোববার স্থানীয় একটি পার্কে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি কুতুব উদ্দিন জিকো। সভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আলাউদ্দিন আল মামুন।

সভায় বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি বেলায়েত মেম্বার, মাঈনুদ্দিন খোকন, মোহাম্মদ মজনু, সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দিন, সহ-সভাপতি রেজাউল করিম মাসুদ, খান মনির উল্লাহ, সাইফুর রহমান বিপুল, যুগ্ম সম্পাদক আসিফুল হাসান, প্রচার সম্পাদক সাফায়েত জামিল, দপ্তর সম্পাদক মাসুদ আল আজাদ, মোহাম্মদ ওসমান গনি সহ আরো অনেকে।

বক্তারা বলেন, ফেনী সমিতি আঞ্চলিকতার উর্ধ্বে উঠে প্রবাসী বাংলাদেশীদের পাশে থাকবে, এছাড়াও ফ্রান্সে আসা ফেনী জেলার নবাগতদের যেকোনো ধরনের সহযোগিতা এবং প্রবাসে কেউ মারা গেলে তার মরদেহ দেশে প্রেরণ, আর্থিক ও প্রশাসনিক সব ধরনের সহযোগিতা করা হবে।

সংগঠনের সাধারণ সম্পাদক বলেন, ফ্রান্সে অবস্থানকৃত বাংলাদেশের সংগ্রামী সাধারণ মানুষদের প্রতি এবং অনুষ্ঠানে উপস্থিত আমাদের প্রিয় সংগঠন ফ্রান্সস্থ ফেনী সমিতি প্যারিসের সভাপতি প্রিয় কুতুবউদ্দিন জেকো ও কমিটির অন্যান্য দায়িত্বশীল ব্যক্তিবর্গ উপস্থিত রয়েছেন। তিনি সবার প্রতি তার অন্তরের অন্তস্থল থেকে অফুরন্ত ভালোবাসা ও আন্তরিক অভিনন্দন সহ লাল গোলাপের শুভেচ্ছা জানান।


তিনি বলেন, আজকে ফ্রান্সস্থ ফেনী সমিতি প্যারিসে একটি পরিবার। এই পরিবারে মিলিত হওয়ার উদ্দেশ্য একটাই আমরা ফেনীবাসী যারা প্যারিসে বসবাস করি তারা সকলে মিলেমিশে, সুখে-দুখে একাকার হয়ে সকলের সহযোগিতায় এগিয়ে যাবো, সকলের পাশে থাকব, ইনশাআল্লাহ। তিনি উপস্থিত সকলকে আস্বস্ত করে বলেন, ফেনীরসমিতির মাধ্যমে আমরা সকল সদস্য ও ফেনীবাসীর জন্য দল, মত, নির্বিশেষে নিজেদের সর্বোচ্চটুকু দিয়ে সেবা করব আপনাদের সাথে থেকেই। আমরা আপনাদের সেবক হয়ে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করছি। তিনি তার দায়িত্ব পালন

পেনসেলভেনিয়ার আপার ডার্বী'র নির্বাচন

পেনসেলভেনিয়াঃ পেনসেলভেনিয়ার আপার ডার্বী কাউন্টির কাউন্সিল ডিষ্ট্রিক্ট-৫ এর ডেমোক্যাট দলীয় প্রাইমারী নির্বাচনে বাংলাদেশী-আমেরিকান এবিএম আলতামাস বাবুল কাউন্সিলর পদে নির্বাচন করতে যাচ্ছেন। আগামী ১৮ মে অন্যান্য প্রাইমারী নির্বাচনের সাথে এই আসনের নির্বাচনও অনুষ্ঠিত হবে। আপার ডার্বী কাউন্টির নির্বাচনে এলাকার সকল নিবন্ধিত ডেমোক্রেট ভোটারা এতে ভোট প্রদান করবেন। তার নির্বাচনী এলাকার বাংলাদেশী কমিউনিটির ভোটার তাে ভোট প্রদানের মাধ্যমে নির্বাচিত করার আহ্বান জানানো হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।







এখন আপনাদের আরো কাছে এবং ব্যাপক পরিসরে কাবাব কিং এর পার্শ্বে

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

Bangla Travel

JACKSON HEIGHTS NEW YORK

আপনার নিশ্চিত ভ্রমনের বিশ্বস্ত আয়োজক

আমরা IATA অনুমোদিত | আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত

KUWAIT AIRWAYS | Biman BANGLADESH AIRLINES

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

$৬৪৯+

JFK-Dhaka-JFK Return

Emirates | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | DELTA AIR LINES | AmericanAirlines



ঢাকা এয়ারপোর্টে আমাদের রয়েছে নিজস্ব Help Office
যারা ইমিগ্রেশন, লাগেজ পিকআপ সহ সকল সহযোগিতা করবে।

Mohammad B Hossain (Belal)
President & CEO



আমরা সকল এয়ারলাইন্সের টিকেট সরাসরি আমাদের অফিস থেকে ইস্যু করে থাকি।

বাংলাদেশ থেকে আসার টিকেট
সবচেয়ে কম দামে
আমাদের কাছেই পাবেন।

উত্তর আমেরিকার ট্রাভেল ব্যবসায়
সবচেয়ে অভিজ্ঞ ট্রাভেল টিম
শুধুমাত্র ডিজিটাল ওয়ান ট্রাভেল-এ
পাবেন, যারা সর্বদা আপনাদের সেবায় প্রস্তুত



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



পুষ্প
ট্রাভেল কনসালটেন্ট
৫ বছরের অভিজ্ঞ

7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.



নিউ ইয়র্ক সিটিতে
শিক্ষার ভবিষ্যৎ
রূপায়নে সহায়তা করুন

আপনার পরবর্তী
এডুকেশন কাউন্সিল
প্রতিনিধিদের ভোট দিন

schools.nyc.gov/elections2021

NYC Department of Education | NYC EDUCATION COUNCILS



SPECIAL FARE

Fly to Dhaka With
Emirates Via Dubai

From
New York | Chicago
Washington | Houston
Boston | Los Angeles

718-200-2655
718-406-9745

World Tours and Travel
MD. Shamsuddin, MBA CEO

37-12 75th Street, 2nd Floor, Suite # 206
Jackson Heights, NY 11372



COVID-19 টিকা পাওয়ার উপযুক্ত?

যদি আপনি 60 বছর বা তার বেশি বয়স্ক, একজন TLC নিবন্ধিত ড্রাইভার, একজন গৃহ স্বাস্থ্য সেবা কর্মী, একজন রেস্তোরাঁ বা ডেলিভারি কর্মী, একজন মুদিখানা বা মদের দোকানের কর্মচারী হন, তাহলে আপনি একটি COVID-19 টিকা পাওয়ার উপযুক্ত।

বীমা অথবা অভিবাসন স্থিতি নির্বিশেষে, নিউ ইয়র্কবাসীদের জন্য COVID-19 টিকাসমূহ বিনামূল্যে উপলভ্য।

আজই একটি অ্যাপয়েন্টমেন্ট খুঁজে নিন!

nyc.gov/vaccinefinder ভিজিট করে অথবা 877-829-4692 নম্বরে ফোন করে শহর-পরিচালিত একটি টিকাদান কেন্দ্রে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন।

NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY

NYC Health
Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার







ব্রঙ্কসে খলিল পিজা এন্ড গ্রীল

(শেষের পাতার পর)

উদ্বোধন করেন নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভিদা। এ সময় বাংলাবাজার বিজন্যাস এসোসিয়েশনের প্রেসিডেন্ট আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি, সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, কোষাধ্যক্ষ সাইয়েদ শারফিন মোর্শেদ, সহ বিজন্যাস এসোসিয়েশনের অন্যান্য নেতৃবন্দসহ এডভোকেট এন মজুমদার, মির্জা মামুনসহ কর্মিউনিটির অন্যান্য গন্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

সিনেটর সিপুলভিদা অত্র এলাকার ব্যবসা সম্প্রসারনে দক্ষ ও জনপ্রিয় শেফ খলিলুর রহমানের ভূয়সী প্রশংসা করেন এবং তার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান সমূহের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

বিজন্যাস এসোসিয়েশনের সভাপতি আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি বলেন, শেফ খলিলুর রহমান অতীতেও তার নতুন নতুন রেসিপি দিয়ে গ্রাহকদের আকৃস্ট করেছেন। তেমনি তার হালাল পিজা স্টোর এলাকার সকলের রসনা তৃপ্ত করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

পরে প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধিকল্পে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়। মিলাদে অংশ নেন আইটিভি ইউএসএর পরিচালক মাওলানা শহীদউল্লাহ, আল আমান মসজিদের ইমাম ও খতিব মাওলানা শাহানশাহ ইয়াহিয়া। দোয়া পরিচালনা করেন বাংলাবাজার জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা আবুল কাসেম ইয়াহিয়া।

প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী খলিলুর রহমান, কাউন্সিলম্যান পদপ্রার্থী এডভোকেট এন মজুমদার ও মীর্জা মামুন, সাংবাদিক হাবিব রহমান, রাজনীতিক নুরে আলম জিকু। এ সময় স্টোর ব্যবস্থাপক আবুল কালাম আজাদ, কামরুজ্জামান বাবু, সুমন চৌধুরী, বিল্লাল ইসলাম, মনজুর চৌধুরী জগলু, স্বপন তালুকদার, সাংবাদিক দিদার চৌধুরী, এ ইসলাম মামুন, বিল্লাল ইসলাম সহ কমিউনিটির বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ব্রঙ্কসের বাংলাবাজারের ১৪৪৯ ওমস্টেড এভিনিউতে এটি খলিল গ্রুপের ৫ম ব্যবসা প্রতিষ্ঠান। এর পাশেই রয়েছে তার আরো ৪টি ব্যবসা প্রতিষ্ঠান। এগুলো হচ্ছে খলিল হালাল চাইনিজ, খলিল বিরিয়ানি হাউজ, খলিল সুপার মার্কেট এবং খলিল পার্টি সেন্টার।

প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী খলিলুর রহমান বলেন, এখানে ওয়ান ডলার পিজা বিক্রি হবে। এছাড়া স্যান্ড উইচ, বার্গার ছাড়াও থাকবে অন্যান্য স্পেশাল আইটেম। চা কফি ব্যবস্থাও থাকবে। দোকানের সামনে রয়েছে বসার ব্যবসস্থা। তার দোকানের সেবা গ্রহনের জন্য খলিল প্রবাসী বাংলাদেশীদের আমন্ত্রণ জানিয়েছেন।





নিরবেই চলে গেলো কামাল আহমেদের মৃত্যুবার্ষিকী

(শেষের পাতার পর)

সোসাইটির কার্যকরী সদস্য আজাদ বাকিরেরও প্রথম মৃত্যুবার্ষিকী। তিনিও করোনায় আক্রান্ত হয়ে গত বছর ইন্তেকাল করেন। উল্লেখ্য, আজাদ বাকিরও একই হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন এবং ৬ এপ্রিল মৃত্যুবরণ করেন। তবে কামাল আহমেদ-এর পরিবার তার মৃত্যুবার্ষিকীতে পারিবারিকভাবে দোয়ার আয়োজন করেছেন বলে পারিবারিক সূত্রে জানা গেছে। এব্যাপারে বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদামের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, মরহুম কামাল আহমেদ আমাদেও সর্বজন শ্রদ্ধেয়। তাকে আমরা ভুলতে পারবো না। তবে করোনা পরিস্থিতির প্রেক্ষাপট আর সোসাইটির উদ্যোগে কভিট ভ্যাকসিন প্রোগ্রাম থাকায় কামাল আহমেদের মৃত্যুদিনে সোসাইটির উদ্যোগে কোন কর্মসূচী নেয়া হয়নি। তবে আমরা সোসাইটি সভাপতি কামাল ভাইসহ সোসাইটির অন্যান্য কর্মকর্তাদের মধ্যে যারা করোনায় আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন তাদের স্মরণে আমরা আচরেই দোয়া মাহফলের আয়োজন করবো।

এদিকে এবিটিভি চ্যানেল সীমিত আয়োজনে গভীর বিষাদ জাগিয়ে পালিত হল যুক্তরাষ্ট্রে বাংলাদেশী কমিউনিটির অকৃত্রিম বন্ধু, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি কামাল আহমেদের প্রথম মৃত্যুবার্ষিকী। দেশ ও প্রবাসে জনপ্রিয় টিভি চ্যানেল এবিটিভি দিনটি উপলক্ষে বিশেষ আলোচনা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান 'স্মৃতিতে অম্লান' অনুষ্ঠানের আয়োজন করে। এছাড়া অনুষ্ঠিত হয় বিশেষ দোয়া মোনাজাতও। উল্লেখ্য, কামাল আহমেদ ছিলেন এবি মিডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতা পরিচালক। বেদনাময় এই দিনে 'মানবতার ফেরিওয়ালা' এবং প্রবাসীদের প্রিয়মুখ কামাল আহমেদ স্মরণে আবেগাপ্লুত হয়ে পড়েন বক্তারা। তারা বলেন, কামাল আহমেদ তার কর্মে যুগ যুগ বেঁচে থাকবেন মানুষের হৃদয়ে। বিশেষ এই আলোচনা অনুষ্ঠানে বক্তারা বলেন, নিউইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের সুখ-দুঃখে সবসময় সবার আগে যে মানুষটিকে পাওয়া যেত তিনি ছিলেন সর্বজন শ্রদ্ধেয় সিলেটের বিয়ানীবাজারের কৃতিসন্তান কামাল আহমেদ। দীর্ঘ ৪০ বছর ধরে মানবসেবায় নিজের সকল স্বার্থকে জলাঞ্জলি দিয়ে প্রবাসীদের কাছে একজন 'কামাল ভাই' হয়ে উঠেছিলেন। বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের প্রাদুর্ভাবের সময়ও আক্রান্ত মানুষের সহযোগিতা করেছেন নির্ভয়ে। সেই ভাইরাসে আক্রান্ত হয়েই সম্মুখসারির যোদ্ধা হিসেবে পৃথিবী থেকে চিরবিদায় নেন গত বছরের ৫ এপ্রিল।

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গণমাধ্যম ব্যক্তিত্ব মুহাম্মদ শহিদুল্লাহ'র উপস্থাপনায় অনুষ্ঠানে স্মৃতিচারণ করেন কামাল আহমেদের দীর্ঘদিনের সহযোদ্ধা এবি মিডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতা পরিচালক ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট আজিমুর রহমান বুরহান, সাপ্তাহিক ঠিকানার চেয়ারম্যান সাবেক, এমপি এম এম শাহীন, সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, এবি মিডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতা পরিচালক ও সমাজসেবক মাসুদুল হক ছানু, এবি মিডিয়া গ্রুপের প্রতিষ্ঠাতা পরিচালক ও সমাজকর্মী মোস্তফা কামাল, এবি মিডিয়া গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ও মূলধারার রাজনীতিক ফখরুল ইসলাম দেলোয়ার, এবি মিডিয়া গ্রুপের পরিচালক মোহাম্মদ রহমান সায়েম, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আবদুর রহিম হাওলাদার, সাবেক সভাপতি আজমল হোসাইন কুনু ও সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল, সাবেক সভাপতি বদরুল খান, পেনসিলভেনিয়া বিয়ানীবাজার সমিতির সভাপতি মাশুক খান এবং কামাল আহমেদের পরিবারের পক্ষ থেকে তার ভগ্নিপতি, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট ফারুক চৌধুরীসহ বিশিষ্ট ব্যক্তিরা।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন বাংলাদেশ থেকে আন্তর্জাতিক পুরস্কারে ভূষিত কারী আব্দুলাহ আল মামুন। এসময় ইসলামের দৃষ্টিতে সমাজকর্ম এবং এর প্রতিদান বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আহমদ আবুল কালাম এবং জ্যামাইকা মুসলিম সেন্টারের ইমাম ও খতিব মাওলানা মির্জা আবু জাফর বেগ। অনুষ্ঠানে 'পৃথিবী আমাদের আসল ঠিকানা নয় মরণ একদিন মুছে দেবে জীবনের সকল রঙ্গিন পরিচয়' শিরোনামে ইসলামিক সংগীত পরিবেশন করেন বিয়ানীবাজারের শিল্পী মো. মাহমুদ হাসান। আবেগঘন এই অনুষ্ঠানে বক্তারা মরহুম কামাল আহমেদের সঙ্গে তাদের পথচলার স্মৃতিচারণ করে বলেন, তিনি ছিলেন কমিউনিটির বটবৃক্ষের মত। তিনি আজীবন সবাইকে ছায়া দিয়ে গেছেন, দিকনির্দেশনা দিয়েছেন, পথ দেখিয়েছেন, সুখে-দুখে প্রবাসী বাঙালীদের আত্মার আত্মীয় হয়েছেন। তিনি ছিলেন আলোর দিশারী, মানবতার ফেরিওয়ালা, একজন দক্ষ ও পরিশ্রমী সংগঠক। সকল গুণের অধিকারী একজন নেতা। বক্তারা কামাল আহমেদের আত্মার মাগফেরাত কামনা করে বলেন, তিনি চিরকাল বেঁচে থাকবেন মানুষের ভালবাসায়, মানুষের শ্রদ্ধায়, মানুষের হৃদয়ে।

অনুষ্ঠানের বিশেষ দোয়া মাহফিলে কামাল আহমেদসহ বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সভাপতি আব্দুল খালিক খায়ের ও কার্যকরী সদস্য আজাদ বাকিরসহ দেশ ও প্রবাসে করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারীদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। এছাড়া এবিটিভি'র সিএফও এম সিন উদ্দিন (আহাদ) এর আশু রোগমুক্তির জন্য বিশেষ দোয়া করা হয়। মুনাজাত পরিচালনা করেন ফ্লোরিডা মসজিদ তাওহিদের ইমাম ও খতিব ক্বারী ফখরুল ইসলাম আলমগীর। অনুষ্ঠানে মরহুম কামাল আহমেদের বর্ণাঢ্য কর্মজীবনের ওপর একটি তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

হেইট ক্রাইমের শিকার এক বাংলাদেশী



(শেষের পাতার পর)

হাসপাতালে চিকিৎসা নেয়ার পর এক বাসায় বিশ্রামে আছেন। গত ৬ এপ্রিল মঙ্গলবার সিটির কুইন্সের জামাইকা এভিনিউ এবং মেট্রোপলিটান এভিনিউ-তে এই ঘটনা ঘটে। এব্যাপাওে পুলিশ প্রিসেক্টটে অভিযোগ করা হয়েছে।

হেইট ক্রাইমের শিকার বাংলাদেশী দেলোয়ার হোসেন এক লিখিত বক্তব্যে জানান, আমি একজন নিয়মিত উবার ড্রাইভার, প্রতিদিনের ন্যায় কাজ করছিলাম। ঘটনার দিন সন্ধ্যায় আমি একজন যাত্রী গাড়িতে তুলে জামাইকা এভিনিউ এবং মেট্রোপলিটন এভিনিউর কর্ণার থেকে যাত্রীর গন্তব্যে স্থানে রওনা দিয়েছিলাম এমতাবস্থায় আমার পিছনের গাড়িটি আমার গাড়িকে হিট করে। এতে আমার গাড়িটি ক্ষতিগ্রস্ত হয়। ফলে আমি ৯১১ এ কল করে পুলিশের জন্য অপেক্ষা করি। এমতাবস্থায় যে গাড়িটি আমার গাড়িকে হিট করে, সেই গাড়ির ড্রাইভারের বয়ফ্রেন্ড কোথা থেকে এসে আমাকে কোনো কিছু না জিঙ্গাস করে পিছন থেকে আমাকে গলা চেপে ধরে শ্বাঁস রোধ করে হত্যা করার উদ্দেশ্যে গ্রাউন্ডে চেপে ধরে এবং আমার মুখে ও চোখে এলোপাথারী ঘুষি (পাঞ্চ) মারতে থাকে। সে আমার জাতিগত নাম ধরে অকথ্য ভাষায়ও গালিগালাজ করে। তার আঘাতে আমার মুখমন্ডল হতে প্রচুর পরিমানে রক্তক্ষরণ হয়। এসময় আমি জীবন বাঁচাতে এক পর্যায় আর্তচিৎকার করলে অ্যাম্বুলেন্স কর্মিরা এসে আমাকে তার থেকে উদ্ধার করে। পরবর্তীতে পুলিশ এসে তাকে গ্রেপ্তার করে নিয়ে যায়। এরপর আমাকে অ্যাম্বুলেন্স করে জামাইকা হাসপাতালে নিয়ে চিকিৎসা দেয়া হয়।



ঈদ উদযাপন করুন বাড়িতে যেন COVID-19 ছড়িয়ে পড়া বন্ধ থাকে

- আপনাদের জমায়েত সীমিত রাখুন এবং শুধু পরিবারের সদস্যদের সাথে ঈদ-উল-ফিতর উদযাপন করুন।
- দলবদ্ধভাবে জমায়েত হলে, বয়স্ক ও দুর্বলদের রক্ষা করতে মুখে একটি আঁটসাঁট আবরণ পরুন।
- কোন গ্রুপগুলো বর্তমানে টিকা পাওয়ার যোগ্য, তা সহ **COVID-19** টিকাসমূহ সম্পর্কে আরো জানুন।

ঈদ মুবারাক!

আরো তথ্যের জন্য, **nyc.gov/health/coronavirus** দেখুন।

আপনি যদি একটি COVID-19 টিকা পাওয়ার যোগ্য হন, **877-829-4692** নম্বরে ফোন করে অথবা **nyc.gov/vaccinefinder** এ গিয়ে আপনার অ্যাপয়েন্টমেন্ট নিন।

NYC Health

Bill de Blasio
মেয়র

Dave A. Chokshi, MD, MSc
কমিশনার



সাহিত্য সাময়িকী

তোড়ায় বাঁধা বসন্ত

দিলীপ কির্ত্তুনিয়া

পলাশ ফুটেছে - একেবারে তোড়ায় বাঁধা বসন্ত ।
কোকিল ডাকছে - একেবারে প্যাকেট ভরা আনন্দ ।
চারিদিকে সবুজের হাসি - ঝাঁকে ঝাঁক ।
বলছে ডেকে কানের কিনারে সব ধূসর নিভে যাক ।

জানলায় সাজানো মিষ্টি বাতাস ।
মিষ্টি মোহন এসে কোথাকার এক বসেছে পাশে
- রঙের সুলেখা গাছে গাছে ।
এই তো সেদিন ফুরোলো শীত কাল ।
এর মধ্যে এতো কিছু ঘটে গেছে বিশাল ।
জেগে শ্রিয়মাণ - গায় গান । ভেঙে গেছে হৃদয়ের বাঁধ ।

ভ্রম অথবা বিভ্রম

জসীম উদ্দীন মুহম্মদ

কোনো প্রকার গাছ-পাথর না করেই বলতে চাইছি....
ভ্রম আর বিভ্রমের মাঝামাঝি কিছু একটা হউক
এই যেমন দেশান্তরী সুতীব্র আলোর নাচন হউক
জোনাকির পাখায় ভর করে ব্রহ্মান্ড পরিভ্রমণ হউক!

সাশ্রয়ী মূল্যে পরিসমাপ্তি হউক জীবনের সকল দেনা
যেখানে আমি নিজের কাছেই নিজে অচেনা
সেখানে কীভাবে সম্ভব বল.. অন্যজনকে চেনা?

তারচেয়ে মুখ থুবড়ে পড়ে থাক আমার বুক আর মুখ
ওরা যেন পরস্পর বিভুঁই-বিদেশ, চোখও কম না,..
খাড়া খাড়া ভ্রু কুঁচকে উপেক্ষা করে নিয়তির আদেশ!

তবুও এগিয়ে যেতে চাই ভুল আর ভ্রান্তির বেড়াজাল
তবুও বারংবার কুমির ডেকে আনি..লোহার কোদাল
স্বহস্তে কাটি.. কাটতেই থাকি আমার সোনার খাল!!

মৃত্যু

শাকিল রিয়াজ

এখন একটুতেই মাটিতে পড়ে যাই
হু হু বাতাসের টানে হুমড়ি খেয়ে পড়ি
পাথরে হোঁচট খেয়ে উল্টে পড়ি
ভারসাম্যহীন দেহে বিকেলের শেষ রোদ এসে পড়েছে
আমি বারবার নৈসর্গের বিপদে পড়ি ।

এখন একটুতেই ভেঙে পড়ি
স্বদেশের জন্য কান্নায় লুটিয়ে পড়ি
সন্তানের আদরে বিগলিত হয়ে পড়ি
মৃত পিতার জান্নাত কামনায় অথবা
জননীর দীর্ঘায়ু চেয়ে সেজদায় লুটিয়ে পড়ি ।

আরও কিছু পড়ে যাওয়া অবিচ্ছেদ্য হয়ে যায় খুব
তোমার নীলবর্ণ চোখে খুব সহজেই পড়ে যাই
তোমার নিস্পৃহতার গভীরে পড়ে যাই
অস্পষ্ট হাতছানির প্রেমে পড়ে যাই
কিছু অদ্ভুত ঘোরের ফাঁদে পড়ে যাই
মুগ্ধ শৈশবের স্মৃতিতে পড়ে যাই
অতীতের কিছু বিক্ষত রমণীর মনে
দগদগে ঘায়ের মতো পড়ে থাকি
তোমাদের মনে পড়ে যাই ক্রমাগত ।

সিঁড়িতে নামতে গিয়ে পড়ে যাই
বাসে উঠতে গিয়ে কিংবা
রিকশা থেকে পিছলে পড়ে যাই
পড়ে যাই নিজেরই দুঃসহ বেদনার ভারে
ভারসাম্যহীন জীবনের অসীম পথের ধাক্কায়
চূর্ণময় ভেঙে পড়ি সড়কগুলোতে ।

দু'ফোঁটা আদরের মোহে পড়ি
এক পঙক্তি আলিঙ্গনের মোহে পড়ি
ব্যর্থতার চূড়ায় দাঁড়িয়ে ক্রোধে ফেটে পড়ি
আমি ঘুমিয়ে পড়ি আমি ঘুমিয়ে পড়ি ।

এখন একটুতেই আমি পড়ে যাই ।
এই পতনের আর কি মানে আছে দয়াল?

মাটি ডাকছে ।

বোতামের নিচে রুদ্ধশ্বাস

সাজ্জাদুর রহমান

একটি দেয়াল হাতছানি দেয়, ডাকে
দেয়ালটার নাম দূরবর্তী জ্যোস্না
তার গায়ে শেওলা হরিদ্রা জামা
কয়েকটি দুঃখের বোতাম আঁকড়ে আছে
সকাল, দুপুর, রাত -
সেই বোতামের ফাঁসে আটকেছে ধুম্র কঙ্কাল ।

সামনে গরাদের কার্ণিশে ঝুলে আছে হৃৎপিন্ড
পেছনের ভিড় ছুঁয়ে দেখবার জন্য
জীব কসরৎ দড়ি বেয়ে ওপরে ওঠে
ছুঁতে ছুঁতে নেমে যায় হাবিয়া দোযখে
হিংস্র অবিশ্বাসী সরিসৃপ কাটাকুটি করে,
বিস্মিত হাত ভরে রক্ত পান করে পথিক হই!

চিড়িয়াখানায় কথা না রাখার গিনিপিগ
সাকরাইন খেলে মাঠ ঘিরে
তাদের উল্লসিত মিছিলে পিষ্ট হয় ভবিষ্যৎ
জেলখানার দেয়ালের ওপাশে ভবিষ্যৎ পুড়ছে
আমি তাকে বাঁচাবার জন্য তড়পাই ।

এক নদী হাহাকার গিলে গিলে
বোতামের নিচে রুদ্ধশ্বাস ভাংতে থাকে
আমার্জিত সুরার গ্লাসে বিরহের বুদ্বুদ
বুক খুলে হাতড়ায় বহ্নিমান স্টেশন;
ধূসর ধুলায় বোতাম খোলা জামাটি একা!

জ্যোৎস্না বিরহ

আনোয়ার রশীদ সাগর

নূপুরের শব্দে জ্যোৎস্না জেগে থাকে
নদীও সাঁতার কাটে মনের গভীরে
নূয়ে পড়ে যৌবনের উত্তাপে সোহাগী সময়
বসন্ত পূর্ণিমায় ।

ঘাসের নাকফুল শিশির সেজেছে স্তনের বোটায় বোটায়
ঘুঙুরের সাজ আজ দিকে দিকে, সুঘ্রাণ ছড়িয়েছে আম্রমুকুল
নদী তুমি ঘুমিয়ে থেকো না-
সাঁতার কাটো দুপুরের পূর্ণিমায়, দেখো সজনেফুলের জেগে উঠা বসন্তরাত ।

আমার দীর্ঘশ্বাস পড়ে আছে কলেজ রোডের বারান্দায়
নদী এ রাতে একবার মনে মনে হাঁটো সে পথে,
জীবনের নিরুদ্দেশ হওয়া সময়গুলো ধীরে, অতি ধীরে হাঁটছে বুকের খাঁচায়;
সবুজ ঘাসের চত্বর জেগে আছে রাতের প্রহরে
শুধু তোমারই জন্য,
নদী একবার সুর তুলে কলকল রবে এসো আমার আঙিনায়-
এ আনন্দ যাত্রায় কত যে বিরহ রয়েছে, তা দেখবে
পাড়ভাঙা শব্দে
জ্যোৎস্না শুধু হাসে না, কাঁদেও মেঘের কোণায় কোণায় ।

মায়ায় জড়ানো এরাত স্মৃতিময় রোমাঞ্চ শুধু নয়, নির্ভুল বিরহও ।
পৃথিবীর আজকের রাত ফুটন্ত গোলাপ হলেও
গোলাপের পাপড়ি ঝরারও শব্দ তোমার আমার ।

ফেলে আসা ভুল

গাফফার মাহমুদ

বিন্যাসিত বন্ধুতা, চারই বেদ
শিমুল, কিশোর, আমি এবং সীমা

শিমুলের পাঠদান রোজ কলেজের ক্লাসে
কিশোর শিখছে গণিতের পাঠ
ক্লাসের পড়াতে আমার নেই পরিসীমা
এবং আমাদের সীমা, অদৃশ্য শূন্যতায় ...
দুই দু'গুনে চার হলে, তিন দু'গুনে ছয়
সরলী নামতার পাঠ মুখস্ত শিখে নিতে হয় ।

কোথায় আছো সীমা, কিশোর, শিমুল?
রাফখাতার পৃষ্ঠা ছেঁড়া, কাটাকুটি
রোজ দু'পসলা হাততালি, ঝগড়াঝাঁটি
কি সব লিখছি রোজ, ফেলে আসা ভুল!



প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি সৌজন্য সাক্ষাৎ শেষে অসমাপ্ত আত্মজীবনীর ইংরেজি সংস্করণসহ কয়েকটি বই উপহার হিসেবে তুলে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ছবি: ফোকাস বাংলা

জন কেরিকে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' উপহার দিলেন প্রধানমন্ত্রী

ঢাকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি সৌজন্য সাক্ষাৎ করেছেন। এসময় জন কেরির হাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনীর ইংরেজি সংস্করণসহ কয়েকটি বই উপহার হিসেবে তুলে দেন প্রধানমন্ত্রী। শুক্রবার (৯ এপ্রিল) বিকেল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারি বাসভবন গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ শেষে জন কেরির হাতে এ বই তুলে দেন।

এসময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জলবায়ু পরিবর্তন সম্পর্কিত প্যারিস চুক্তিতে যুক্তরাষ্ট্রের প্রত্যাবর্তন জলবায়ু পরিবর্তন কূটনীতিতে নতুন গতি সঞ্চার করবে। তিনি বলেন, 'প্যারিস চুক্তিতে যুক্তরাষ্ট্রের ফিরে আসা জলবায়ু কূটনীতির ক্ষেত্রে নতুন গতির সঞ্চার করবে।'

ঢাকা আগমন: যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের জলবায়ুবিষয়ক দূত জন কেরি এর আগে শুক্রবার সকাল সাড়ে ১১টার দিকে এক সংক্ষিপ্ত সফরে ভারতের দিল্লি থেকে যুক্তরাষ্ট্রের বিমানবাহিনীর একটি বিশেষ বিমানে ঢাকায় হযরত শাহ-জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। জন কেরিকে বিমানবন্দরে স্বাগত জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। এসময় সঙ্গে ছিলেন তার স্ত্রী সেলিনা মোমেন এবং ঢাকায় আমেরিকান রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। পরে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠকের পর এক প্রেস ব্রিফিং করেন।

ঢাকা ছাড়লেন জন কেরি: এদিকে সাত ঘন্টার সফর শেষে আমেরিকান প্রেসিডেন্ট জো বাইডেনের জলবায়ু-বিষয়ক বিশেষ দূত জন কেরি সফর শেষে ঢাকা ত্যাগ করেছেন। শুক্রবার (৯ এপ্রিল) সন্ধ্যা ৬টার দিকে তিনি ঢাকা ত্যাগ করেন। এসময় বিমানবন্দরে জন কেরিকে বিদায় জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। ঢাকা ছাড়ার আগে গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন তিনি। এ সময় ক্লাইমেট লিডার্স সামিটে অংশ নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে প্রেসিডেন্ট জো বাইডেনের আমন্ত্রণপত্র হস্তান্তর করেন জন কেরি।

উল্লেখ্য, আগামী ২২ এপ্রিল অনুষ্ঠিত হবে জলবায়ু শীর্ষ সম্মেলন। আমেরিকান প্রেসিডেন্টের পক্ষে জলবায়ু-

TIZARAH
Grocery
Flowers
Halal Meat
110-24 Merrick Blvd, Jamaica NY 11433
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
তিজারাহ্ গ্রোসারী এন্ড হালাল মিট
জ্যামাইকায়, ম্যারিক ব্লুবার্ডে গ্রোসারীর জগতে এক ঐতিহ্যবাহী নাম
প্রতিদিনই সবকিছু ফ্রেশ
Tel: 631-791-3072
BEST PRICE GUARANTEE
DELIVERY AVAILABLE
এখানে সর্বদাই তাজা হালাল মাংস ও চিকেন পাওয়া যায়
প্রতি সপ্তাহে প্লেনে আনা তাজা মাছ পাওয়া যায়
এখানে পাবেন সকল প্রকার মশলা, বাংলাদেশী তাজা ও ফ্রোজেন মাছ,
টাটকা শাক-সবজি এবং নিত্য প্রয়োজনীয় গ্রোসারী সামগ্রী

১৭ ই মে ট্যাক্স ফাইলিং-এর শেষ দিন
সময় শেষ হবার আগেই দ্রুত ট্যাক্স ফাইল করুন.....
আপনাদের ট্যাক্স ফাইলিং সুষ্ঠু ও নিখুঁতভাবে
সম্পন্নের জন্য আমাদের সাথে রয়েছেন
সার্টিফাইড পাবলিক একাউন্টেন্ট।
কোনো প্রফেশনালকে দিয়ে ট্যাক্স ফাইল করান
তাহলে সর্বাধিক রিফান্ড পাবেন এবং
ভবিষ্যৎ জটিলতা থেকেও রক্ষা পাবেন।
Steven M. Levy CPA
AUTHORIZED IRS e-file PROVIDER
FILING A FALSE FEDERAL TAX RETURN COULD SEND YOU TO PRISON FOR 5 YEARS
আইআরএস-এর গাইড লাইন অনুসারে যা অবৈধঃ
Report Suspected Tax Fraud Activity 1-800-829-0433 www.irs.gov
We are Top 500 intuit Company
Southeast USA Income Tax Services
জ্যাকসন হাইটস:
74-09 37th Avenue, Suite# 206
Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207
Cell: 917-566-1612
জ্যামাইকাঃ
168-16 Hillside Avenue
Jamaica, NY 11432
Phone:718-487-4507
Cell:646-464- 5944
ব্রংক্স:
1445 Unionport Road, Bronx, NY.
পার্কচেস্টার ফ্যামিলি ফার্মেসির ভিতরে
Phone: 347-621-0378
718-427-5919
e-mail: usa.bd54@gmail.com

শ্রাবন্তীর বিরুদ্ধে এফআইআর



বিনোদন ডেস্ক: মিঠুন চক্রবর্তীর পর এবার রোড শো করতে গিয়ে 'বাধা' পেলেন শ্রাবন্তী চট্টোপাধ্যায়। বিনা অনুমতিতে রোড শো করার অভিযোগে বেহালা পশ্চিমের বিজেপি প্রার্থী-সহ বেশ কয়েকজনের বিরুদ্ধে পর্ণশ্রী থানায় এফআইআর দায়ের করা হচ্ছে। প্রথমবার বেহালা পশ্চিম থেকে লড়বেন 'ভূমিকন্যা' শ্রাবন্তী। যার কঠিন লড়াই পার্থ চট্টোপাধ্যায়ের সঙ্গে। আর ভোটের আগে বেহালায় শেষদিনের প্রচারে বেরিয়ে বাধা পেয়ে মেজাজ হারালেন শ্রাবন্তী। অভিযোগ, আগেই সুবিধা অ্যাপে এ দিনের রোড শোয়ের জন্য অনুমতি চাওয়া হয়েছিল। কিন্তু ইচ্ছাকৃতভাবেই বারবার বিজেপিকে প্রচার করা থেকে আটকানো হচ্ছে। কলকাতা ও শহরতলি, সব জায়গাতেই বাধার মুখে পড়তে হচ্ছে বিজেপি প্রার্থীদের।

উলটোদিকে পুলিশের দাবি, অশান্তি এড়ানো-সহ একাধিক কারণেই শ্রাবন্তীর রোড শোয়ের অনুমতি দেওয়া হয়নি। তা সত্ত্বেও বিনা অনুমতিতে ভোট প্রচারে নামায় তার বিরুদ্ধে পর্ণশ্রী থানায় এফআইআর দায়ের করা হচ্ছে। আর এতেই ক্ষুব্ধ বিজেপি প্রার্থী। পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন তিনি। গোটা ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। রিপোর্ট ইতিমধ্যে জমাও পড়েছে বলে খবর। এদিনই সকালে হাই ভোল্টেজ বেহালা কেন্দ্রে শেষ মুহূর্তে তারকা মিঠুন চক্রবর্তীকে নিয়ে প্রচারে ঝড় তোলার পরিকল্পনা করেছিল গেরুয়া শিবির। তাই বেহালার পর্ণশ্রী থেকে নতুন পল্লি পর্যন্ত রোড শো করার কথা ছিল বিজেপির। কিন্তু পুলিশি অনুমতি না পাওয়ায় শেষমেশ বাতিলই হয়ে যায় সেই কর্মসূচি। এর পর মহাগুরু ও প্রার্থীদের নিয়ে ডোর-টু ডোর ক্যাম্পেনের অনুমতি চেয়েছিল তারা। সেই আবেদনেও ছাড়পত্র দেয়নি পুলিশ। এই ঘটনায় সকাল থেকে বেহালার পর্ণশ্রী এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। বেলা বাড়তেই পর্ণশ্রী থানা ঘিরে বিক্ষোভ দেখান বিজেপি সমর্থকরা। থানায় ভিতরেও কর্মীরা ঢুকে পড়েছিলেন বলে অভিযোগ। সেই বিক্ষোভে শামিল হয়েছিলেন শ্রাবন্তী।

বয়ফ্রেন্ডের সঙ্গেই মালদ্বীপে ছিলেন শ্রদ্ধা



বিনোদন ডেস্ক: মালদ্বীপে ছুটির মুডে শ্রদ্ধা কাপুর। একের পর এক পোজে উঠছে ছবি। ক্যামেরার ওপারে কে? প্রশ্ন ছিল নেটিজেনদের। মিলল প্রমাণ! হোয়াইট ক্রপ টপের সঙ্গে হোয়াইট কেপরি, জলের উপর রেস্প-এ হাঁটছেন শ্রদ্ধা। ফ্লোটিং ব্রেকফাস্টের ট্রে ধরা ছবি ইনস্টা স্টোরিতে দিয়েছিলেন নায়িকা। কিছুদিনের মধ্যেই রোহন শ্রেষ্ঠা একই রিসোর্টের ছবি দেন। যদিও তাকে দেখা যায় নি, শুধু ব্রেকফাস্টের ট্রে-র ছবি দেন ইনস্টা স্টোরিতে। ইঙ্গিত পেতে অসুবিধে হয়নি নেটিজেনদের।

সেলফির পাশাপাশি একের পর এক পোজে শ্রদ্ধা সিঙ্গল ছবিও পোস্ট করেন। কে সেই ছবিগুলো তুললেন সে প্রশ্নও উঠে এসেছিল শ্রদ্ধার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে, এবার উত্তর মিলল। কখনও স্যুইমিং পুলে চিল করছেন তো কখনও হলিডে মুডে ছবি তুলছেন। বয়ফ্রেন্ডকে প্রকাশ্যে না আনলেও, তার কথা জনসমক্ষে না বললেও, জীবনের অন্যতম সেরা সময়টা যে কাটাচ্ছেন শ্রদ্ধা, তা সবকটি ছবিতেই স্পষ্ট।

ঈদ পর্যন্ত শুটিং করবো না –শশী

বিনোদন ডেস্ক: টিভি নাটকের সুপরিচিত মুখ শারমিন জোহা শশী। বিভিন্ন টিভি চ্যানেলের ধারাবাহিক নাটকের শুটিং নিয়ে ব্যস্ত সময় পার করছেন। চলতি লকডাউনেও শুটিং বন্ধ করেননি বলে জানান। তাহলে কি শশী নিয়মিত শুটিং করবেন? উত্তরে তিনি বলেন, চলতি মাসের ১৬ তারিখ একটা ধারাবাহিকের শুটিং আছে। তারপর শুটিং করা বন্ধ করে দিবো। ঈদ পর্যন্ত আর শুটিং করবো না। প্রতিদিন আমাদের দেশে করোনা আক্রান্তের সংখ্যা বাড়ছে। শোবিজের অনেক পরিচিত মানুষ এরইমধ্যে করোনায় আক্রান্ত হয়েছেন।



আমাদের সাবধানে চলতে হবে। শশীর বাকী ব্যস্ততা কেমন? তিনি বলেন, টিভি ধারাবাহিক নাটকের পাশাপাশি সম্প্রতি একটি তথ্যচিত্রে কাজ করেছি। প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন নিয়ে এটি নির্মাণ করেছেন নাদিয়া আফরিন। করোনায় ঈদের নাটকে কেমন প্রভাব পড়বে বলে মনে করেন? এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, ঈদের নাটকে কিছুটা প্রভাব তো পড়বেই। যদিও শুটিং বন্ধের ঘোষণা হয়নি। তারপরও এই সময়ে সব শিল্পীই কাজ কম করছেন। যে টিমকে নিরাপদ মনে করবেন হয়তো তাদের কাজ করবেন। সংখ্যার দিকেও এবার ঈদের নাটক কম থাকবে। গেল রমজান ঈদেও একই পরিস্থিতি ছিল আমাদের। সারা বছরই ধারাবাহিক নাটকে ব্যস্ত থাকেন। এই সময়ে ধারাবাহিক নাটকের মান আসলে কেমন হচ্ছে? শশী বলেন, আমাদের নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বেড়েছে। কিন্তু বাড়েনি নাটকের বাজেট। এরমধ্যেও আমাদের পরিচালকেরা ভালো নাটক নির্মাণ করছেন। এখন শুধু বিটিভির ওপর দর্শক নির্ভরশীল নয়। একটা সময় সারা দেশের মানুষ বিটিভির নাটক দেখতো। তাই সেটি নিয়ে আলোচনা হতো বেশি। এখন টিভি চ্যানেলের সংখ্যা বেড়েছে। যার যেটা পছন্দ সে সেই অনুষ্ঠান দেখছেন ৬হাজার বছর ধরে ছবির মধ্য দিয়ে শশী চলচ্চিত্রেও সুনাম কুড়ান। মনের মতো কোনো গল্প ও চরিত্র পেলে আবার চলচ্চিত্রে কাজ

নাদিয়ার অপেক্ষা

বিনোদন ডেস্ক: টিভি নাটকের পরিচিত মুখ সালহা খানম নাদিয়া। তার ভক্তরা সিনেমায়ও তাকে দেখতে চান। তিনি নিজেও জানিয়েছিলেন সিনেমায় তাকে দেখা যাতে পারে এ বছর। বর্তমানে সিনেমায় অভিনয় করা নিয়ে তিনি কি ভাবছেন? পরিকল্পনা কি? নাদিয়া বলেন, আমার একার পরিকল্পনায় কিছু হবে না। পারিপার্শ্বিক আরো ব্যাপার আছে। নির্মাতা বা প্রযোজনা সংস্থা থেকে আমাকে বাছাই করতে হবে। এটাও একটা ব্যাপার। তবে আমি অপেক্ষায় আছি।



যে রকম গল্পে কাজ করতে চাই ওই রকম গল্পের জন্য। এখন সেভাবে তেমন কোনো ভালো গল্পের সিনেমার প্রস্তাব আসেনি। টুকটাক যে প্রস্তাবগুলো পেয়েছি সেগুলো মনের মতো হয়নি। তবে তার মানে এই না যে সিনেমায় আমি কাজ করবো না। আমার ভক্তদের মতো আমিও দেশের সিনেমার ভক্ত। আশা করছি কোনো না কোনো দিন সিনেমা করবো। এদিকে, লকডাউনের এই সময়েও শুটিং নিয়ে ব্যস্ত সময় পার করছেন নাদিয়া। পূর্ব পরিকল্পিত কর্ম পরিকল্পনা থাকায় কাজ করতে হচ্ছে। গত ৭ এপ্রিল বুধবার এফডিসিতে একটি নাটকের শুটিং করেন তিনি। নাদিয়া জানান, সবকিছু মেনেই কাজ করছি। বড় সেট বানানো হয়েছিল অনেক টাকা ব্যয় করে। তাই শুটিং করতে হয়েছে। এর আগে ঈদের কাজও শুরু করে দিয়েছি। 'প্যানিক অ্যাটাক' নামের একটি পারিবারিক ঘরানার নাটকের শুটিং শেষ করলাম। গল্পটা একটু ভিন্নধর্মী ছিল। বাবা, মা, ভাই, বোনের খবর রাখি না, আমরা প্রযুক্তির প্রতি এতোটা ঝুঁকে গেছি। এর কারণে মস্তিষ্কে প্রভাব পড়ে। আরো অনেক সমস্যা হয়। এর ওপর ভিত্তি করেই গল্পটা এগিয়ে যায়। খন্ড নাটকের পাশাপাশি নাদিয়া ধারাবাহিক নাটকেও অভিনয় করছেন। এ ছাড়া মিউজিক ভিডিও এবং বিজ্ঞাপনেও কাজ করে থাকেন তিনি। সবমিলিয়ে ব্যস্ততার মধ্যেই সময় পার করছেন এই অভিনেত্রী। উল্লেখ্য, ছোটবেলা থেকেই নাচ, গান, অভিনয়ের প্রতি আগ্রহ ছিল নাদিয়ার। অল্প বয়স থেকেই শিশুদের ম্যাগাজিনের জন্য মডেল হতেন। এ ছাড়া রেডিওতে আবৃত্তি করতেন। এভাবে শোবিজের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে যান। এখনো কাজের মাধ্যমে দ্যুতি ছড়িয়ে যাচ্ছেন।

বিলিওনিয়ার হলেন কিম কার্দাশিয়ান



বিনোদন ডেস্ক: অতিধনীদের অভিজাত বিলিয়নিয়ার ক্লাবে পা রাখলেন আমেরিকান রিয়্যালিটি শো তারকা কিম কার্দাশিয়ান। বাণিজ্য বিষয়ক আমেরিকান সাময়িকী ফোর্বস জানায়, কিমের সম্পত্তির পরিমাণ এক বিলিয়ন বা ১০০ কোটি ডলার ছুঁয়েছে। যা বাংলাদেশী মুদ্রায় ৮ হাজার ৪শ' কোটি টাকারও বেশি। প্রসাধনী, পোশাক ব্র্যান্ড, টিভি, বিজ্ঞাপন ও বিনিয়োগ থেকে এ আয় হয়েছে তার।

বিবিসি ও আলজাজিরার খবর বলছে, বিশ্বে ২ হাজার ৭৫৫ জন বিলিয়নিয়ারের একজন কিম। এ তালিকায় শীর্ষে আছেন আমাজনের প্রতিষ্ঠাতা জেফ বেজোস। তার সম্পত্তির মূল্য ১৭৭ বিলিয়ন ডলার। বিগত বছরে বেশ কয়েকজন যুক্তরাষ্ট্রের শত কোটির ক্লাবে নাম লেখান। তাদের মধ্যে রয়েছে বাম্বল ডেটিং অ্যাপের প্রতিষ্ঠাতা হুইটনি ওলফ হার্ড, পরিচালক টাইলার পেরি ও ক্যাসিনো ব্যবসায়ী শেলডন আডেলসনের বিধবা স্ত্রী মিরিয়াম আডেলসন।

আগে থেকে এ তালিকায় আছেন কিমের সঙ্গে আলাদা থাকা স্বামী কেনি ওয়েস্ট। তবে প্রসাধনী ব্যবসার মূল্য বেশি দেখানোর কারণে তালিকায় স্থান পেয়েও পরে ছিটকে পড়েন কিমের সৎবোন রিয়্যালিটি শো তারকা কাইলি জেনার।

ফোর্বস জানায়, গত অক্টোবরে কিমের সম্পত্তির পরিমাণ ছিল ৭৮ কোটি ডলার। পরের পাঁচ মাসে প্রসাধনী ও পোশাক ব্যবসা থেকে বড় অঙ্কের টাকা যোগ হয়েছে তার ব্যাংক অ্যাকাউন্টে।

সোশ্যাল মিডিয়ায় কিমের ব্যাপক প্রভাব রয়েছে।

মিস শ্রীলঙ্কা গ্রেপ্তার

বিনোদন ডেস্ক: চলতি বছরের 'মিসেস শ্রীলঙ্কান' বিজয়ী ঘোষণার মঞ্চে ঘটে গেছে এক অদ্ভুত ঘটনা। এ বছরের মিসেস শ্রীলঙ্কান বিজয়ী পুষ্পিকা ডি সিলভার মাথা থেকে মুকুট ছিনিয়ে নিয়ে রানার আপের মাথায় পরিয়ে দেন। এর পরেই ঘটে অদ্ভুত সব ঘটনা।

পুষ্পিকা ডি সিলভার সঙ্গে অসদাচরণের জন্য দুই আসর আগের বিজয়ী ক্যারোলিন জুরিকে গ্রেপ্তার করেছে দেশটির পুলিশ। শ্রীলঙ্কার সবচেয়ে বড় সুন্দরী প্রতিযোগিতার পুরস্কারের মঞ্চে ২০১৯ সালে বিজয়ী হন তিনি।

গত ৮ এপ্রিল বৃহস্পতিবার শ্রীলঙ্কা পুলিশের বরাত দিয়ে এ খবর জানায় বিবিসি। ক্যারোলিন জুরি এবং ঘটনায় জড়িত থাকা আরেক মডেল চোলা পদ্মেন্দ্রকেও গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে রোববার পুরস্কারের মঞ্চে ভুক্তভোগীকে আঘাত এবং অপরাধমূলক আচরণের অভিযোগ রয়েছে।

খবরে বলা হয়, গেল ৪ এপ্রিল রোববার কলম্বোর একটি থিয়েটারে 'মিসেস শ্রীলঙ্কা'র ফাইনাল অনুষ্ঠানে পুষ্পিকা ডি সিলভাকে ২০২১ সালের বিজয়ী ঘোষণা করা হয়। ঘোষণার কয়েক মুহূর্ত পরে ২০১৯ সালের বিজয়ী ক্যারোলিন জুরি তার মুকুটটি ছিনিয়ে নেন। এ ঘটনায় ডি সিলভা মাথায় আঘাত পেয়েছেন।



নিউইয়র্ক প্রবাসী মরহুম আলাল আহমদের স্ত্রী'র ইন্তেকাল

সে এক অন্যরকম বিয়োগ-গাঁথা

আশরাফ হাসান: সে এক অন্যরকম বিয়োগ-গাঁথা। সকরুণ বেদনার সমুদ্রে কঠিন পারাবার। মুহুর্মুহু বজ্রপাতের মতো স্বজন হারানোর ছন্দপতন। আর সেরকম বিয়োগান্তক ঘটনা যদি ঘটে একই পরিবারে একের পর এক তাহলে এ কান্নার অন্ত থাকে না। সে রকমই ঘটে গেলো নিউইয়র্কে দীর্ঘদিন যাবত বসবাসরত কমিউনিটির পরিচিত মুখ আলাল আহমদের পরিবারে।

নিউইয়র্ক প্রবাসী, ছাতক সমিতি ও সুনামগঞ্জ সমিতির প্রাক্তন সদস্য, সজ্জন, সদালাপী, পরোপকারী আলাল আহমদ গত ১৪ ফেব্রুয়ারী হাসপাতালে নিয়মিত চেক আপ করাতে যাওয়ার পথে আকস্মিক হার্ট অ্যাটাকে ইন্তেকাল করেন। তার দেশের বাড়ি সিলেটের ছাতক উপজেলার নুরুল্লাপুর গ্রামে। পিতা ওয়াছিব উল্লাহ ছিলেন এলাকার বিশিষ্ট সালিশ বক্তিত্ব ও সমাজসেবী। অত্যন্ত পরিতাপের বিষয়, আলাল আহমদের মৃত্যুর মাস দেড়েক যেতে না যেতেই বাংলাদেশে অবস্থানরত তার স্ত্রী মনোয়ারা বেগম গত ১ এপ্রিল হঠাৎ মারাত্মকভাবে অসুস্থ হয়ে পড়লে তাকে সিলেটের একটি ক্লিনিকে ভর্তি করা হয়। তিন দিনের মাথায় মনোয়ারা বেগমও চলে যান না ফেরার দেশে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। আলাল আহমদ দম্পতি রেখে যান ৩ মেয়ে ও দুই ছেলে। যদিও দেশে ও প্রবাসে তাদের অগণিত আত্মীয়, শুভার্থীরা রয়েছেন তবুও সন্তানদের এ সীমাহীন বিয়োগব্যথা মুছে দেয়ার মতো সান্তনা যেন কেউই দিতে পারছেন না। মৃত্যুর সময় মনোয়ারা বেগমের সাথে ছিলেন সদ্য কৈশোর পেরোনো এক মেয়ে ও এক ছেলে। তাদের অন্য দুই পুত্র-কন্যা নিউইয়র্কে বসবাস করছেন। মনোয়ারা বেগমের পিতা ছিলেন সিলেটের গোবিন্দনগর এলাকার স্বনামধন্য শিক্ষক বাশারাত চৌধুরী।

চারদিকে কেবলই পত্রপতনের শব্দ! শোকের পাথর একের পর এক গড়িয়ে পড়ছে বুকে! তারপরও তো শোককে স্বাগত জানাতেই হয়! তাদের এই আকস্মিক মৃত্যুতে বাংলাদেশী কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। উল্লেখ্য আলাল আহমদের দ্বিতীয় কনিষ্ঠ ভাই ইকবাল আহমদ মাহবুব নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির স্বনামধন্য অভিভাবক, ছাতক সমিতির সাবেক সভাপতি, ইউএসএ বাংলাদেশী অর্গানাইজেশনের সভাপতি, ম্যানহাটান বাংলা স্কুলের চেয়ারম্যান, আসসাফা ইসলামিক সেন্টারের প্রতিষ্ঠাতা সভাপতি।

মরহুম আলাল আহমদ ছিলেন প্রবাস জীবনের নিদারুন কষ্টতাড়িত সুদীর্ঘ অভিজ্ঞতার এক জীবন্ত অধ্যায়। প্রায় তিন যুগ ধরে প্রবাস জীবন যাপন করেও ইমিগ্র্যাশন জটিলতার কারণে পরিবারের সদস্যদের দেখতে একবারও দেশে যেতে পারেন নি। তার স্ত্রী, দুই কন্যা ও এক পুত্রের জন্য আমেরিকায় আসার আবেদন করলেও তারা আসার আগেই আলাল আহমদ চলে গেলেন না ফেরার দেশে। এ এক নির্মম অধ্যায়, নিভৃত বেদনা। আলাল আহমদের আরো পাঁচ ভাই যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। সবার সাথে সহজেই ঘনিষ্ঠ হয়ে ওঠার অপার গুণ ছিল তার। সদাচারি ও পরোপকারী আলাল আহমদ ও তার স্ত্রীকে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা ক্ষমা করুন এবং জান্নাতের বাসিন্দা হিসেবে কবুল করে নিন। আমীন।

স্বাস্থ্যের জন্য উপাদেয় খাবার

(শেষের পাতার পর

তা শুনতে পাই কম। আসুন, জেনে নেই, কী কী খাবার আমাদের খাওয়া উচিত।

কলা: পাকা কলায় রয়েছে ম্যাগনেসিয়াম ও পটাশিয়াম, যা আমাদের হাড়কে রক্ষা করে। শক্ত রাখে। হার্টের জন্য পাকা কলা অত্যন্ত উপকারী। একটা মাঝারি আকারের কলায় ৪২২ মিগ্রা. পটাশিয়াম বিদ্যমান। আপনার শরীরের ৪৭০০ মিলিগ্রামের শতকরা ১০ ভাগ পূরণ করতে পারে একটি কলা। কলা উচ্চ রক্তচাপ কমায়। কিডনিতে পাথর গঠনে বাধা দেয়। হাড় সবল করে। দৈনিক একটা পাকা কলা খান।

ব্রোকোলি: ব্রোকোলি সবজি আমরা খুব কম খাই। কিন্তু এটা অত্যন্ত পুষ্টিসমৃদ্ধ সবজি। এটা আঁশযুক্ত, লৌহ ও খনিজসমৃদ্ধ। প্রচুর এন্টি অক্সিডেন্ট রয়েছে এতে। বহু পরিমাণে রয়েছে ভিটামিন 'সি'।

আপেল: সবাই জানে, আপেল ডাক্তারকে দূরে রাখে। একটা আপেল হয়তো সারা দিনের পুষ্টি সরবরাহ করতে পারে না, কিন্তু এটা অতি পুষ্টিসমৃদ্ধ ফল। লাল আপেল সর্বাপেক্ষা পুষ্টিসমৃদ্ধ বলে গবেষকেরা বলছেন। এতেও প্রচুর এন্টিঅক্সিডেন্ট রয়েছে। এই এন্টিঅক্সিডেন্ট ত্বকের ওপর বেশি কাজ করে।

শিম বা বিন: শিম হলো আঁশপ্রধান, লৌহ ও প্রোটিনসমৃদ্ধ। গোশতের বিকল্প হিসেবে শিম খাওয়া যায়। এতে আরো রয়েছে ম্যাগনেসিয়াম, পটাশিয়াম ও ফোলেট। গবেষকেরা বলছেন, এ সবই মস্তিস্কের জন্য উপকারী। সর্বপ্রকার শিমই পুষ্টিসমৃদ্ধ। কিডনি বিনস অধিক পরিমাণে লৌহ ও প্রোটিন সরবরাহ করে। এতে ক্যালরি খুব কম। আঁশ বেশি।

চা: কোনো মিষ্টি পানীয় অপেক্ষা এক কাপ তরতাজা চা অনেক শ্রেয়। চা-এ এন্টিঅক্সিডেন্ট আছে বহু পরিমাণে। চা হৃদরোগ কমায়। গ্রীন-টি অধিক স্বাস্থ্যসম্মত।

টুনা: টুনা এক প্রকার ছোট মাছ। এতে আছে প্রচুর ওমেগা-৩ ফ্যাটি এসিড ও উচ্চমাত্রায় ভিটামিন বি-৬ ও বি-১২ এবং প্রোটিন।

আমন্ড: আমন্ডে রয়েছে প্রচুর পটাশিয়াম। অন্যান্য বাদামের মতো এতে খুব স্যাচুরেটেড ফ্যাট রয়েছে। বেশি পরিমাণে আছে আনস্যাচুরেটেড ফ্যাট। বহু ক্যালরি আছে। এতে আরো রয়েছে রিভোফ্লাভিন, ম্যাগনেসিয়াম ও জিঙ্ক।

গাজর: সবাই জানে গাজর উপকারী। কিন্তু জানেন, কত উপকারী? এতে রয়েছে হরেক রকমের ফল ও সবজির গুণ। আধা কাপ গাজরে আছে ১৫০ শতাংশ ভিটামিন 'এ' এবং অন্যান্য ভিটামিন।

টমেটো: আমরা প্রচুর টমেটো খাই। কারণ, এতে রয়েছে বহু লাইকোপেন, যা প্রস্টেট ক্যান্সার প্রতিরোধ করে। সম্প্রতি আরেক গবেষণায় দেখা গেছে, টমেটো পুরুষের অগ্ন্যাশয় ক্যান্সারও প্রতিরোধ করতে সক্ষম। (বাকি অংশ ৩০ পাতায়)

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500
আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।
দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্ণ ইনজুরি
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির 'ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রঙ্কস
ম্যারেজ রেজিস্ট্রার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুপ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

সীমান্তের দুই কুকুর ও গণতন্ত্রের উন্নয়ন

(১৫ পাতার পর)

পদ্ধতির প্রচলন করে যা পরে পিআইএ'র সম্মতিক্রমে আমেরিকান বিমান সংস্থা প্যান এ্যাম তাদের বিমানে যুক্ত করে। করাচি থেকে লন্ডন রুটে বোয়িং ৭০৭ নিয়ে পিআইএ দ্রুতগতির ফ্লাইট পরিচালনার যে রেকর্ড বিগত শতকের ষাটের দশকে স্থাপন করে তা আজো কোনো এয়ারলাইনস ভাঙতে পারেনি। ভারতের কোনো বিমান সংস্থার এমন কোনো জৌলুশ ছিল না সেসময়।

৫. কমলাপুর রেলস্টেশন ও পৃথিবীর অন্যতম বিখ্যাত আর্কিটেক্ট লুই কানের ডিজাইনে করা সেকেন্ড ক্যাপিটাল (আজকের সংসদ ভবন ও পারিপার্শ্বিক এলাকা) সেসময় এশিয়ায় অন্যতম স্থাপত্য হিসেবে স্বীকৃত ছিল। ভারতে এমন কোনো আধুনিক স্থাপত্য সে সময় তৈরি হয়নি।

৬. ঢাকায় প্রথম শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হল হলো গুলিস্তান। এরপর মধুমিতা, আনন্দ, বলাকা, অভিসারসহ অনেকগুলো শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হল স্থাপন করা হয় আইয়ুব শাসনামলে। ভারতে ওই রকম আধুনিক শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হল তখনো ছিল না।

৭. পাকিস্তানের বড় শহরগুলোয় আমেরিকা ও ইউরোপের সব বিখ্যাত ব্র্যান্ড যেমন গ্রুনডিগ, রোলেক্স, ফিলিপস, তোশিবার পণ্য পাওয়া যেত। সড়কে চলত ইতালির ফিয়াট, আমেরিকার শেভ্রলে, জার্মানির ফোক্স ওয়াগেন, জাপানের টয়োটা যা ভারতে সহজলভ্য ছিল না। সেখানে জাপানের পুরনো মডেলের লাইসেন্স নিয়ে তৈরি করা হতো অ্যাম্বাসাডর গাড়ি। বিদেশী কোনো বিলাসী ও চকচকে গাড়ি স্বপ্নেও কেউ ভাবতে পারত না।

৮. পাকিস্তানে তখন বিশ্বখ্যাত পানীয় কোকাকোলা, সেভেন আপের কারখানা ছিল। ইউনিলিভার এই উপমহাদেশে প্রথম কারখানা করে পাকিস্তানে। তখন ভারতে এসব ছিল না। তাদের সবচেয়ে ভালো পানীয় ছিল থামস আপ। নব্বই দশকে মুক্তবাজার অর্থনীতির প্রচলন হওয়ার পরই কেবল এসব প্রতিষ্ঠান ভারতে যাওয়ার সুযোগ পায়।

আরো কিছু উদাহরণ এখানে দেয়া যেত। তালিকা দীর্ঘ করে লাভ নেই। আর পূর্ব ও পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক বৈষম্য এখানে আলোচনার বিষয় নয়। লক্ষণীয়, বিশাল ভারত যার ব্রিটিশের রেখে যাওয়া শিল্প অবকাঠামো ছিল সেই ভারত কিন্তু চাকচিক্য, বিলাসিতা ও বিদেশী দ্রব্যের ওপর নির্ভর করেনি। পন্ডিত জওয়াহেরলাল নেহরুর মতো ঝানু রাজনীতিবিদ ও জ্ঞানী মানুষ জানতেন ও বুঝতেন পাকিস্তান যা করছে তা একনায়কতন্ত্র আশ্রিত দেশ করেই থাকে গণতন্ত্রের অনুপস্থিতি চাপা দেয়ার জন্য। নেহরু জোর দিয়েছিলেন ধীরে হলেও গণতন্ত্রের ভিত্তি জোরদার করার কাজে। তিনি গুরুত্ব দিতেন সিভিলিয়ান কর্তৃত্ব প্রতিষ্ঠার ওপর, পেশাদার সিভিল ও মিলিটারি আমলাতন্ত্র নিশ্চিত করার ওপর, মানুষের দেশীয় পণ্য ক্রয় এবং সাধারণ কিন্তু মর্যাদাসম্পন্ন জীবন ধারণের ওপর। তিনি সমগ্র সশস্ত্র বাহিনীকে এমনভাবে ঢেলে সাজিয়েছিলেন যে তা সে সময় পাকিস্তান মিলিটারির মতো জৌলুসপূর্ণ না হলেও দায়িত্বশীল হয়ে গড়ে উঠেছিল। কম খেয়ে, কম পরে, মানুষ কিভাবে সম্মানের সাথে বসবাস করতে পারে তা শিখিয়ে দিয়ে গিয়েছিলেন নেহরু। গণতন্ত্রের ভিত্তি জোরদার করে দিয়ে গিয়েছিলেন বলেই আজ পর্যন্ত সেখানে কখনো সেনা শাসন আসেনি, সশস্ত্র বাহিনী বিদ্রোহ করেনি, বেসামরিক প্রশাসন নিয়ে কটু কথা হয়নি, একজন সিভিল সার্ভিস অফিসারের যোগ্যতা, মান নিয়ে কেউ প্রশ্ন তুলতে পারেনি।

কিন্তু ফিল্ড মার্শাল আইয়ুব খানের সময় চোখধাঁধানো সব হাজারো 'উন্নয়ন' ও 'অর্জনের' পরও পাকিস্তান স্বাধীনতা লাভের পর মাত্র ২৪ বছরের মাথায় ভেঙে যায়। নেহরুর মেয়ে ইন্দিরা গান্ধী সাফল্যজনক নেতৃত্ব দিয়ে ১৯৭১ সালে পাকিস্তানকে পরাজিত করেন এবং ভারতের শ্রেষ্ঠত্ব কায়েম করেন দক্ষিণ এশিয়ায়। কম চাকচিক্যের অর্থনীতি নিয়ে ভারত টিকে যায়। এখনো কেউ ভারতকে ভাঙতে পারেনি। চীনের মতো মহাশক্তি বহু চেষ্টা করেছে ভারতের ক্ষতি করতে। করোনা মহামারীর সময় লাদাখে চীন যেভাবে আক্রমণ করেছিল, তাতে অনেকেই ভেবেছিলেন যে চীন হয়তো সিকিম পর্যন্ত দখল করে নেবে। ওই যুদ্ধে ভারত অসুবিধায় পড়েছে সত্য, কিন্তু কূটনীতি ও জাতীয়তাবোধ দিয়ে মহাচীনকে নিরস্ত করতে পেরেছে। আইয়ুব খানের আমলে পাকিস্তানিরা ভারতের দারিদ্র্য ও অতি সাধারণ মানের জীবনযাপন নিয়ে ব্যঙ্গ-বিদ্রূপ করত। তাদের আমলাদের মধ্যে তো রীতিমতো একটা ভাব চলে এসেছিল যে, ভারতের দরিদ্র শ্রেণী অর্থনীতির বেহাল দশায় রুখে দাঁড়াবে। কিন্তু তা কখনোই হয়নি। ভারত ভাঙেনি, ভেঙেছে পাকিস্তান। এটিই বাস্তবতা। কেন? ভারতে গণতন্ত্র ছিল। ওয়াগাহ সীমান্তের ওই কুকুরটির মতো সেখানে সবাই মতপ্রকাশ করতে পারত, 'ঘেউ ঘেউ' করতে পারত। সংসদে সরকারের সব কাজের ইতিবাচক, নেতিবাচক দিকের সমালোচনা হতো। সংবাদমাধ্যম, বিচার বিভাগ ছিল স্বাধীন। সুতরাং অবধারিতভাবেই গণতন্ত্র বিকশিত হয়েছে। ভারত এগিয়েছে ধীরে। কথিত অর্থনৈতিক উন্নয়নকেই কেবল প্রাধিকারভুক্ত বা একমাত্র লক্ষ্য নির্ধারণ করেনি। সামাজিক যুথবদ্ধতা, ন্যায়বিচার, জবাবদিহিতা এগুলোকে অগ্রাধিকার দিয়েছে। এরপর গত শতকের নব্বই দশকে মুক্তবাজার অর্থনীতি গ্রহণ করার পর ভারত আজ বিশ্বের অন্যতম দ্রুত বর্ধনশীল অর্থনীতি। এই উপমহাদেশে পাকিস্তান ও ভারতের এই পার্থক্য থেকে আমরা সহজেই যে উপসংহারে আসতে পারি তা হলো– আগে গণতন্ত্র, তার পর অর্থনীতি। অর্থনৈতিক উন্নয়ন প্রয়োজন। তবে আগে দরকার মানুষ ও সমাজের বিকাশ। চাই উন্নত গণতন্ত্র। চাই গণতন্ত্রের উন্নয়ন। অর্থনৈতিক উন্নয়ন এর একটি অংশমাত্র, পুরো সমাধান নয়। মনে রাখা দরকার, গণতন্ত্রই ভারতকে টিকিয়ে রেখেছে। পৃথিবীর কোনো দেশ সামাজিক যুথবদ্ধতা, সামাজিক ন্যায়বিচার, সুশাসন ও গণতন্ত্রের চিন্তা না করে শুধু অর্থনৈতিক উন্নয়ন দিয়ে টিকতে পারেনি, পারবেও না। নৈরাজ্য তাদের গ্রাস করবেই। ইরাক, লিবিয়া, সিরিয়া, ভেনিজুয়েলা তার জ্বলন্ত প্রমাণ। অনেকেই আফসোস করে বলেন, গাদ্দাফির সময় লিবিয়া কত উন্নত ছিল! সাদ্দামের সময় ইরাকে দুধের নহর বইত! সিরিয়ায় কত সুন্দর শহর ছিল! আজ সেসব কোথায়? ভেনিজুয়েলা একসময় ছিল পৃথিবীর অন্যতম ধনী দেশ। তেল রফতানি করে অর্থের পাহাড় গড়েছিল। আজ সেই দেশ থেকে করোনা মহামারীর মধ্যেও মানুষকে পালিয়ে কলম্বিয়াতে আশ্রয় নিতে হয়। চল্লিশ লাখ ভেনিজুয়েলান এ যাবৎ দেশ থেকে পালিয়ে গেছে। সিরিয়া ধ্বংসস্তূপ। সে দেশ থেকেও পালিয়েছে প্রায় চল্লিশ লাখ সিরিয়ান। কেন মানুষ তার নিজ ঘরবাড়ি ছেড়ে ভিন দেশে বনে জঙ্গলে আশ্রয় নেয়? কোনো গণতান্ত্রিক রাষ্ট্র থেকে মানুষ এভাবে পালিয়ে যায় না! গণতান্ত্রিক কোনো দেশে মানুষ কম খেয়ে, কম পরে থাকতে পারে। তার চাই শান্তি, স্থিতিশীলতা, রিজিকের নিশ্চয়তা, নিরাপত্তা, নিজ বিশ্বাসের মর্যাদা। এগুলো না থাকলে শুধু বাহ্যিক চাকচিক্য কোনো সমাধান দিতে পারে ন।

লেখক: সাংবাদিক, সাবেক সেনা কর্মকর্তা, বাংলাদেশ ডিফেন্স জার্নালের প্রধান সম্পাদক

দৃষ্টি আকর্ষণ

গত সপ্তাহে (৫ এপ্রিল, ২০২১) প্রকাশিত বাংলা পত্রিকা'র শেষের পাতায় প্রকাশিত 'সরজমিন রিপোর্ট : এক কাপ চা তিনজনে ভাগাভাগী ॥ ঘন্টা জুড়ে টেবিল দখল' শীর্ষক প্রতিবেদনে কোন কোন পাঠক কষ্ট পেয়েছেন, প্রকাশ করেছেন মিশ্র প্রতিক্রিয়া। মূলত: খবরটি কাউকে কষ্ট দেয়ার জন্য প্রকাশ এবং প্রতিবেদনটির সাথে প্রকাশিত ছবিও উদ্দেশ্যমূলক অর্থে ছাপা হয়নি। জনসচেতনতা বৃদ্ধি আর সিম্বলিক অর্থেই প্রতিবেদন ও ছবি প্রকাশ করা হয়েছে। যে কারণে প্রতিবেদনে কারো নাম বা রেষ্টুরেন্টের নাম প্রকাশ করা হয়নি। প্রতিবেদনটি প্রকাশের পর কেউ কষ্ট পেয়ে থাকলে আমরা আন্তরিকভাবে দু:খিত। -বার্তা সম্পাদক।

স্বাস্থ্যের জন্য উপাদেয় খাবার

(২৯ পাতার পর)

এটা লাইকোপেনের উৎস। একটি মাঝারি সাইজের টমেটোতে সারা দিনের ভিটামিন 'সি'-এর প্রয়োজন মেটাতে পারে।

ওটমিল: দিনের শুরুতে যদি ওটমিল খাওয়া হয়, তাহলে সারা দিনের পুষ্টি চাহিদার ৬০ শতাংশ পূরণ হয়। ওটমিল কোলেস্টেরল কমায়। তবে এতে প্রচুর শর্করা রয়েছে।

ফুলকপি: ব্রোকলির মতো ফুলকপিও ভিটামিন 'সি'-সমৃদ্ধ সবজি। এটা শুধু পুষ্টিসমৃদ্ধ নয়, রোগ প্রতিরোধকও। প্রতিদিনের ভিটামিন 'সি' চাহিদার ৪৫ শতাংশ ফুলকপি মেটাতে সক্ষম। ফুলকপি ক্যান্সার প্রতিরোধক। প্রতিদিন অন্তত আধা কাপ ফুলকপি খাওয়া উচিত।

দই ও দইজাতীয় খাবার: খুবই সুস্বাদু ও উপকারী। ক্যালসিয়াম ছাড়া ইয়োগার্টে প্রোটিন, ম্যাগনেসিয়াম, ভিটামিন 'বি'-সহ হরেক রকম ভিটামিন রয়েছে। এটি স্বাস্থ্য রক্ষা করে। এতে ভিটামিন 'ডি' নেই, তাই এটা দুধের বিকল্প নয়।

স্যামন: স্যামন এক প্রকার মাছ। এতে রয়েছে ওমেগা-৩ ফ্যাটি এসিড। স্যামন সেদ্ধ, তাজা ও গ্রিল করে খাওয়া যায়। এই মাছ যদি কাঁটাসহ পিষে খাওয়া যায়, তাহলে হাড়ক্ষয় রোধ হয় এবং হাড় শক্ত ও সবল হয়।

তরমুজ: গ্রীষ্মকালের পানিসমৃদ্ধ ফল তরমুজ। এতে রয়েছে প্রচুর লাইকোপেন। প্রতিদিনের ভিটামিন 'সি' চাহিদার ২০ শতাংশ চাহিদা মেটাতে পারে মাত্র এক কাপ তরমুজ। ১৫ শতাংশ ভিটামিন 'এ'-এর চাহিদা মেটাতে পারে তরমুজ। এতে ৪৫ শতাংশ ক্যালরি আছে।

বাদামি বা লাল চাল: ভাতের জন্য সাদা অপেক্ষা বাদামি বা লাল রঙের চাল বেশি উপকারী। আমরা যারা ভাত খাই, তাদের লাল চাল বেছে নেয়া শ্রেয়।

মুরগির বুক: মুরগির বুকের গোশত, যাতে চামড়া নেই, হাড় নেই, আপনার দিনের প্রোটিন চাহিদার অর্ধেক মেটায়। এতে প্রায় তিন গ্রাম গোশত থাকে। চর্বি মাত্রা সহনীয় ও প্রচুর ক্যালরি আছে। তবে ভাজলে এতে কিছুই থাকে না, বরং ক্ষতিকর হয়ে যায়।

স্ট্রবেরি: স্টুবেরি এখন আমাদের দেশেই উৎপাদিত হচ্ছে। অন্যান্য বেরির মতো যেমন-আঙুর, প্রুন্স ও স্ট্রবেরিতে রয়েছে শক্তিশালী অ্যান্টি অক্সিডেন্ট, যা আমাদের রক্ত সঞ্চালন উন্নত করে। এতে আরো রয়েছে ফোলেট ও ভিটামিন 'সি'।

লেখক: চিকিৎসক-কলামিস্ট, ঢাকা।
মোবাইল: ০১৭১৬২৭০১২০

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্‌তি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Growing
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433



বাংলাদেশ সোসাইটির কর্মসূচীতে ৫২৫ জনের ভ্যাকসিন গ্রহণ

(শেষের পাতার পর)

প্রদান করা হয়েছে। প্রতিদিন সকাল ৮টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ভ্যাকসিন প্রদান চলে। চারদিনের এই কর্মসূচী রোববার শেষ হয়। নিউইয়র্কে বসবাসরত ১৮ বছর ও তদুর্ধ বয়সের ব্যক্তিরা ভ্যাকসিন গ্রহণ করেন। এজন্য সংশ্লিস্টদের সচিত্র আইডি/পরিচয় পত্র সাথে আনতে হয়।



ওয়াশিংটন স্কয়ারে আনন্দ উৎসব

(শেষের পাতার পর)

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রের ইতিহাসে এই প্রথম আনডকুমেন্টেড এবং বঞ্চিত অভিবাসীদেও নগদ অর্থ সাহায্যেও বিল পাশ হলো। বিল দু'টি গত ৬ এপ্রিল মঙ্গলবার নীতিগতভাবে গ্রহণ করা হয় এবং এতে রাজ্য গর্ভণর এন্ড্রু কুমো, হাউজ স্পীকার কার্ল হিসটি ও মেজরীটি লীডার অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট কাজেন্স ঐক্যমতে পৌছেছেন। এতে আনডকুমেন্টেড অভিবাসীরা রাজ্যবাসী হিসেবে নানা সুযোগ সুবিধা পাবেন। ষ্টেট সিনেটর জেসিকা রামোস ও অ্যাসেম্বলীওম্যান কারমেন ডিলা রোজা এ সংক্রান্ত বিলটি হাউজে উত্থাপন করেন। আর এই বিল পাশে 'এক্সক্লুড ওয়ার্কার্স ফান্ড কোয়ালিশন' নামের সংগঠনের ব্যানারে বুধবার আনন্দ উৎসব হয়েছে। তাদের সাথে যোগ দেয় 'হাউজিং জাস্টিস কোয়ালিশন'। উৎসবে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মীরা ছাড়াও উল্লেখিত দাবীতে হাঙ্গার স্ট্রাইকে অংশগ্রহণকারীরাও অংশ নেয়।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের অনডকুমেন্টেড এবং বঞ্চিত অভিবাসীদের জন্য নতুন বিল পাশ হওয়ায় 'এক্সক্লুড ওয়ার্কার্স ফান্ড কোয়ালিশন' আনন্দ উৎসব করলো। গত ৭ এপ্রিল বুধবার দুপুরে নিউইয়র্কের ওয়াশিংটন স্কয়ারে এই উৎসবের আয়োজন করে। সাউথ এশিয়ান মানবাধিকার সংগঠন ড্রাম এর ডিরেক্টর কাজী ফৌজিয়ার নেতৃত্বে ড্রাম সদস্য সহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মীরা অংশ নেন।

রং বে রং এর ব্যানার, ফেস্টুন, বেলুন নিয়ে অংশগ্রহনকারীরা বিল দুটি পাশে আনন্দে মেতে উঠে। আনডকুমেন্টেদের অধিকার রক্ষার আন্দোলনে অংশগ্রহণকারীরা উৎসবে যোগ দিয়ে তাদের জীবনের নানান কষ্টের কথাও তুলে ধরেন। বিল দুটি পাশে সংশ্লিরা সংশ্লিস্ট সকলে প্রতি কৃতজ্ঞতা জানান এবং অভিবাসীদের জন্য আগামী দিনেও ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রতিশ্রুতি দেন। উৎসবে যোগ দিয়ে ষ্টেট সিনেটর জেসিকা রামোস তার বক্তব্যে অভিবাসীদের অধিকার রক্ষায় কাজ করার অঙ্গীকার পুন: ব্যক্ত করেন।

এমসিএস এর বিয়ানসা গুরেরো ও এঞ্জেলেস সলিস এর যৌথ উপস্থাপনায় ড্রাম এর শামসুন নাহার, এনওয়াইসিসি'র আনা রামিরিজ, মেক দ্য রোড এর ফিলিপ ইদ্রোভ, ডন বোসকো ওয়ার্কাস সেন্টারের পেড্রো পিনা, ৮দিন ধরে হাঙ্গার স্ট্রাইকার এলিয়ানা জারামিললো প্রমুখ বক্তব্য রাখেন। এছাড়াও নৃত্য পরিবেশেনের মাধ্যমে আনডকুমেন্টেড এবং বঞ্চিত অভিবাসীদের অবস্থা তুলে ধরেন দিয়াগো গারিতা ও কাট ডি লা ক্রুজ।

আজ-কালের মধ্যেই যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি!

(শেষের পাতার পর)

তথ্য জানা গেছে।

সূত্র মতে, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু উল্লেখিত কমিটির আহ্বায়ক এবং সাবেক যুগ্ম আহ্বায়ক ও যুক্তরাষ্ট্র জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের সভাপতি মিজানুর রহমান ভুইয়া মিল্টন সদস্য সচিব মনোনীত হচ্ছেন বলে একাধিক সূত্রে জানা গেছে। কমিটির যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সিয়র সহ সভাপতি ও সাবেক কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গিয়াস আহমেদ সহ আরো অনেকেই যুগ্ম আহবায়ক মনোনীত হচ্ছেন বওে সূত্র জানায়। তবে এই কমিটি কত সদস্য বিশিষ্ট হবে তা জানা যায়নি।

দীর্ঘ এক যুগেরও বেশী হতে চললো যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি হচ্ছে না। বছরের পর বছর কমিটি গঠনের মূলা ঝুলেই আছে। ফলে দলীয় নেতা-কর্মীদের মধ্যে চরম হতাশা বিরাজ করছে। সূত্র মতে, মূলত: বাংলাদেশের রাজনীতিতে বিএনপি'র দলীয় নেতা-কর্মীরা হামলা-মামলা, গুম, খুন, হয়রানী-নির্যাতনের শিকার হয়ে অনেকটাই কর্মকান্ডহীন। ঠিক তেমনি কমিটি না থাকায় চুপসে গেছে যুক্তরাষ্ট্র বিএনপি'র রাজনীতি। সেই সাথে প্রবাসে বিশেষ করে যুক্তরাষ্ট্রে দলীয় রাজনীতি ও কমিটির ব্যাপারে কেন্দ্রের উদাসীনতা, ষ্টেট কমিটির মাধ্যমে দলীয় রাজনীতি পরিচালনার সিদ্ধান্তে চরম হতাশা আর সিদ্ধান্তহীনতায় ভুগছেন প্রবাসের দলীয় নেতা-কর্মীরা।

উল্লেখ্য, কয়েক বছর পূর্বে যুক্তরাষ্ট্র বিএনপি'র শীর্ষস্থানীয় কয়েকজন নেতাকে লন্ডনে ডেকে নিয়ে যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি ভেঙ্গে দেন সে সময়ের সিনিয়র যুগ্ম মহাসচিব (বর্তমানে ভারপ্রাপ্ত চেয়ারপার্সন) তারেক রহমান। এরপর থেকেই যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি নেই। এ নিয়ে নানা দেন-দরবারের মধ্যেই অঙ্গরাজ্য সমূহে সাংগঠনিক কমিটি জোরদারের পরিকল্পনা নেয়া হয়ে। সে আলোকে বেশ কটি অঙ্গরাজ্যে নতুন কমিটির অনুমোদন দেয়া হয়। তার অধিকাংশই তেমন তৎপরতা দেখাতে সক্ষম না হওয়ায় ৫ রাজ্যে পূর্ণাঙ্গ/ আহবায়ক কমিটির অনুমোদন দেয়া হয়। তবে সাংগঠনিকভাবে তেমন তৎপরতা পরিলক্ষিত না হলেও মিশিগান, ইলিনয়, ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে পূর্ণাঙ্গ কমিটি এখনও বহাল রয়েছে। স্থানীয় দলীয় সূত্র মতে, কমিটিবিহীন অবস্থায় নামে মাত্র চলছে যুক্তরাষ্ট্র বিএনপি'র রাজনীতি। আব্দুল লতিফ সম্রাট আর জিল্লুর রহমান জিল্লুর নেতৃত্বাধীন সর্বশেষ কমিটি কেন্দ্র কর্তৃক ভেঙ্গে দেয়ার পর আর নতুন কোন কমিটি দেয়া হয়নি কেন্দ্র থেকে। যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি দাবীর পাশাপাশি দলের সর্বস্তরের নেতা-কর্মীরা বিভক্তভাবে দলীয় কর্মকান্ড পরিচালনা করলেও কার্যত: যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি ছাড়া না থাকায় নানা সমস্যা বিরাজ করছে দলীয় নেতা-কর্মীদের মাঝে।

এদিকে লন্ডনে অবস্থানরত দলের সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে কেন্দ্রীয় আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ও সাবেক প্রতিমন্ত্রী এবং যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক এহসানুল হক মিলন কয়েক বছর আগে যুক্তরাষ্ট্র সফরকালে জানিয়েছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি নয়, কেন্দ্রের নির্দেশে ষ্টেট কমিটির মাধ্যমে যুক্তরাষ্ট্রে বিএনপি'র রাজনীতি পরিচালিত হবে। সেই লক্ষ্যে তিনি সেসময় যুক্তরাষ্ট্রের কয়েকটি ষ্টেট ভ্রমণ করে সেখানে কমিটিও গঠন করেন। এর চরম বিরোধীতা করেন দলের শীর্ষস্থানীয় নেতা সম্রাট-জিল্লু সহ ডা. মজিবুর রহমান মজুমদার, গিয়াস আহমেদ, মোস্তফা কামাল পাশা বাবুল প্রমুখ নেতা। অপরদিকে কেন্দ্রীয় নেতা মিলনের পক্ষে অবস্থান নেন শরাফত হোসেন বাবু, জসিম ভূঁইয়া সহ দলের অপরাংশের নেতা-কর্মীরা। তাদের বাঁধা-বিভক্তিতে অঙ্গরাজ্যগুলোর কমিটি গঠনের প্রক্রিয়াও আর আগায়নি। পরবর্তীতে এহসানুল হক মিলন আবার যুক্তরাষ্ট্র সফর করলেও কমিটি গঠনের ব্যাপারে কোন আগ্রহ দেখাননি। অপরদিকে কেন্দ্রীয় বিএনপির একাধিক নেতা বিভিন্ন সময়ে যুক্তরাষ্ট্র সফরকালীন সময় কমিটি গঠনের ব্যাপারে কোন ভূমিকা রাখেননি। বরং তারা বলেছেন, বিষয়টি 'ম্যাডাম' দলীয় চেয়ারপার্সন খালেদা জিয়া ও সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমান সরাসরি তদারকি করছেন। দলীয় নেতা-কর্মীরা মনে করছেন, যুক্তরাষ্ট্র বিএনপিতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে দলীয় নেতা-কর্মীদের ভূমিকা রাখার জন্য যুক্তরাষ্ট্র বিএনপিতে কমিটি দরকার।

অবশেষে যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি আসছে। এই খবরে আমার আলো দেখছেন দলীয় নেতা-কর্মীরা। কমিটি যেভাবে যে নামেই হোক একটি কমিটি হচ্ছে এটাই বড় করে দেখছেন বিএনপির নেতা-কর্মীরা। কেউ কেউ বলছেন 'নাই মামার চেয়ে কানা মামা ভালো'। আবার কেউ বলছেন, আগে একটি কমিটি হোক, এতে সাংগঠনিকভাবে দলের কর্মকান্ড চাঙ্গা হবে এটাই বড় কথা।

এব্যাপারে জিল্লুর রহমান জিল্লুর সাথে রোববার যোগাযোগ করা হলে তিনি বলেন, শুনেছি কেন্দ্র থেকে কমিটি আসছে। দীর্ঘদিন পর কমিটি হচ্ছে এটাই বড় কথা, আশার কথা।

মিজানুর রহমান ভূইয়া মিল্টন বলেন, আমরা দীর্ঘদিন ধরে কমিটি চাচ্ছি। দলীয় নেতা-কর্মীদের দাবীতে কেন্দ্র কমিটি ঘোষণা দেবে বলে শুনেছি। এতে আমরা আশাবাদী। তবে কমিটি না আসা পর্যন্ত বিস্তারিত কিছু বলার সুযোগ নেই।

আরো উল্লেখ্য, কয়েক বছর পূর্বে কেন্দ্র কর্তৃক যুক্তরাষ্ট্র বিএনপি'র ৫ অঙ্গরাজ্যের কমিটি অনুমোদিত হয়। ফ্লোরিডা, জর্জিয়া, ওয়াশিংটন ডিসি, ম্যারিল্যান্ড এবং কানেকটিকাট অঙ্গরাজ্য শাখার অনুমোদন আসায় সংশ্লিস্ট শাখাগুলোর দলীয় নেতা-কর্মীদের মধ্যে স্বস্তি ফিরে আসে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর কর্তৃক স্বাক্ষরিত পত্রে জর্জিয়া রাজ্যের পূর্ণাঙ্গ কমিটি এবং অপর ৪ অঙ্গরাজ্যের আহবায়ক কমিটির অনুমোদন করা হয়।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!
এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত
ইউনাইটেড ট্রাভেলস ইনক
Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন
ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম
UNITED TRAVELS INC.
37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-
Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
Concorde Travels
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ
সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে
সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়
Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD
KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS
37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

---

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড
কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ
সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

INSURANCE
New/ Renewal

- AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
- FOOD-FRUITS VENDOR, LIABILITY
- COMMERCIAL VAN, STORE LIABILITY.
- CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.



BEST PRICE AND SATISFACTION GUARANTEED

TDS Insurance Brokerage Corp.

Tel : 718-483-9310, Fax : 718-483-9311

BROOKLYN OFFICE

118 Beverley Rd. Brooklyn, NY 11218

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁমষ জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎন্ন, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।



Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration




*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
Attorney at Law
(917) 533-1033

Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW
IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Nazmul Chowdhury
Assistant to Mr. Silver
(917) 533-0287

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1242

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

তড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People



Nurul Huda Harun
Real Estate
Associate Broker

118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100



* স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
* জীবানুমুক্ত যন্ত্রপাতি
* সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
* মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
* Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
* সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন ডেন্টাল সার্জন

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health
INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

রমজানে মসজিদে মসজিদে তারাবির প্রস্তুতি

(শেষের পাতার পর)

মসজিদে চলছে তারাবি নামাজের প্রস্তুতি। কোন কোন মসজিদে খতমে তারাবিও আয়োজন করা হয়েছে। এজন্য নিয়োগ করা হয়েছে একাধিক হাফেজ। অপরদিকে ধর্মপ্রাণ মুসলমানগণ রমজান মাস উপলক্ষ্যে নানা প্রস্তুতি নিচ্ছেন। গ্রোসারী আর সুপার মার্কেটগুলোতে ইফতারী সামগ্রী মুজুত করা হয়েছে।

Bronx, NY 10467
2 FAM, Cash $399,000/-
106-38 Guy R Brewer Blvd.
Jamaica, Queens, NY
One Fam + Store. Cash
$499,000/=
234 East 92nd Street, Brooklyn,
3 Fam, $889,000/= Cash
Call: 917-523-4451
mkskarn@gmail.com

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

জামালপুর হাইস্কুল

(শেষের পাতার পর)

বাসা নিয়ে গোছগাছ করতে সময় লাগছিল বলে আমাদেরকে এক বছর ঢাকায় রেখে দেন। বাসার পাশে ওয়েস্ট এন্ড হাইস্কুল। সেখানেই ভর্তি হই। কিন্তু পাঁচ বছর কুষ্টিয়ার সেই মুক্ত দামালজীবন ছেড়ে পীচঢালা পথ আর দালান কোঠার এই শহরে নিজেকে মানিয়ে নিতে সমস্যা হচ্ছিল। স্কুলে ভর্তী ছিলাম থাকতে হয় বলে। ক্লাশও করতাম, তবে লেখাপড়ায় ধ্যান-জ্ঞান কম। এখানে ওখানে ঘুড়ে বেড়াই, বন্ধুদের সাথে আড্ডা, কলোনীর মাঠে খেলাধুলা। ততদিনে রূপালী পর্দার নেশাও ধরে গেছে বেশ ভালভাবেই। কুষ্টিয়ায় শেষের দিকের বছর দুই থেকে মন-মস্তিস্কে সিনেমা। সেই একবার এক বিকেলে 'কি হয় ওখানে' দেখতে রক্সি সিনেমা হলে ঢুকেছিলাম। দিলীপ কুমারের 'আন' দেখে মাথা ঘুড়ে গেছিল! নিম্মি-নাদিরা। দিলীপ কুমারের তলোয়ার যুদ্ধ। সেই সাথে মনমাতানো সব গান আর রঙিন নাচ। অভুতপূর্ব এক শিহরন অনুভুতি। বিনোদন জগতের এক অচেনা দরজা যেন খুলে গেল চোখের সামনে। এরপর 'ইনসানিয়াত', পাক পিকচার প্যালেসে গিয়ে জেমিনির 'নিশান' 'ভাই ভাই'। আরও কি কি যেন!

সে আমলে মফস্বল শহরে ছায়াছবির প্রচার হতো ব্যান্ডপার্টি বাজিয়ে। চারপাঁচটি অল্প বয়সী ছেলের হাতে থাকতো পোস্টারসাঁটা পাকার্ড। একজন থাকতেন বয়সী। ব্যান্ডপার্টি কোন চটুল গানের সাথে বাদ্য বাজাতে বাজাতে হেঁটে চলতো, বয়স্ক লোকটি হ্যান্ডবিল বিলাতো। প্রতিদিন অন্তত: একবার করে পুরো শহর চক্কর দিতো এরা। ব্যান্ডপার্টির আওয়াজ শুনলেই বাচ্চারা ছুটে আসতো। তবে বাচ্চাদেরকে হ্যান্ডবিল দিতে চাইতে না। আমি ওদের সাথে বেশ খানিকটা পথ এগিয়ে ঘ্যানঘ্যান করে কোনমতে একটা বাগাতাম। বাসায় এনে আম্মাকে দেখাতাম। অনেকের আবার এগুলো সংগ্রহ করার শখ ছিল। আমিও অনেকগুলো জমিয়েছিলাম। সেই স্বর্ণালী সাদাকালো যুগের সব ছবি- পথে হলো দেরী, সাগরিকা, হারানো সুর, অপুর সংসার, দ্বীপ জ্বেলে যাই, শ্যামলী, চাঁপাডাঙার বউ, লুকোচুরি- মধ্যবিত্ত বাঙ্গালী রমনীদের কাছে এগুলো ছিল প্রিয় মুভি। আমার পছন্দ হিন্দী আন, ইনসানিয়াত, নাগিন, বারসাত, সোল বা সাল, হলিউডের এ্যাকশন মুভি। এসব সিনেমা একবার কোন হলে লাগলে মাসের পর মাস চলতো। মনে আছে 'সোল বা সাল' কুষ্টিয়ার এক হলে ছয় মাসেরও বেশী সময় ধরে চলেছিল। একই ছবি লোকে বারবার দেখতো। কেউ নায়িকাকে দেখতে কেউ গান শুনতে বা কেউ বিশেষ কোন দৃশ্য দেখতে।

সেই নেশা রয়ে গেছে। ঢাকায় এসে স্কুলের আগে খুঁজে বের করেছিলাম সিনেমা হলগুলো কোথায় কোথায় আছে। গুলিস্তানে টিকেটের দাম বেশী। লায়ন তাজমহল শাবিস্তান নিশাত মুকুল নাগরমহলে থার্ড ক্লাশ ছয় থেকে আট আনা। বড় ছেলে হিসেবে আমার ওপর ছিল বাজার করার ভার। প্রতিদিন এক পয়সা দুই পয়সা করে মেরে একটা শো'র পয়সা জমলেই কিসের স্কুল কিসের ক্লাশ, সোজা ম্যাটিনি শো! তখন পর্যন্ত ভারতীয় বাংলা হিন্দী ছবি সিনেমা হলে চলতো। থার্ড ক্লাশের বেঞ্চিতে বসে ওপর দিকে মুখ তুলে শুধু গিলে যাওয়া! দিল্লাগী, আওয়ারা, সংসার, ভাই ভাই, বারসাত, শ্রী ফোরটোয়েন্টি। লাহোরের হার্টথ্রব নায়িকা নিলো'র খাইবার মেইলের পোস্টারের দিকে কত লোককে যে হা হয়ে তাকিয়ে থাকতে দেখেছি! নীলো দুই পা ফাঁক করে দাঁড়িয়েছিলেন, মাঝখান দিয়ে একটা ট্রেন ছুটে চলছিল!

যাই হোক, বার্ষিক পরীক্ষায় যথারীতি অধিকাংশ সাবজেক্টে ফেল। ভরষা ছিলেন সহকারি প্রধান শিক্ষক রশিদ স্যার। আমাদের ভাড়াটিয়া, বাসার একটা অংশে ভাড়া থাকতেন। জানতাম উনি উদ্ধার করবেন। হালকা বকাঝকা করে সামনের পরীক্ষায় ভাল করার করাল করিয়ে প্রমোশন দিয়ে দেন।

সেই আমি এসে ভর্তী হলাম জামালপুর হাইস্কুলে। স্কুলটা কেবল আগের বছর চালু হয়েছে। কিন্তু ক্লাশ শুরু সম্ভবত: ওই বছর থেকেই। তখন পর্যন্ত বোধহয় ক্লাশ এইট অবধি। নিজস্ব ভবন নাই। ক্লাশ বসে এক সময়ের শিল্পকলা একাডেমির বাংলো টাইপের ঘরটায়। প্রধান উদ্যোক্তা এসডিও বা মহকুমা প্রশাসক নুরুল ইসলাম সাহেব আর প্রধান শিক্ষক হয়ে স্কুল দাঁড় করাতে গলদঘর্ম হচ্ছেন নিজামুদ্দিন স্যার। আব্বা সরকারি চাকুরে, সে হিসাবে সরকারি হাইস্কুলে ভর্তী হওয়াটা ছিল আমার এক ধরনের অগ্রাধিকার। কিন্তু ততদিনে সীট ফাঁকা নাই। অত:পর ওই বছরটা অন্য কোথাও কাটিয়ে পরের বছরে চলে আসবো এই এ্যারেঞ্জমেন্টে নতুন হাইস্কুলে এ্যাডমিশন নেওয়া।

নিজাম স্যার তো আমাকে পেয়ে খুশীতে আটখানা। ঢাকা থেকে এসেছি, তাও যেনতেন স্কুল না, ঐতিহ্যবাহী ওয়েষ্ট এন্ড স্কুলের ছাত্র! যেন আকাশের চাঁদ হাতে পেলেন। ক্লাশ এইটে বোধহয় দশ বারজন ছাত্র। তার মধ্যে আমি মধ্যমনি। আমাকে নিয়ে স্যারের গর্বের শেষ নেই। এই করাবেন সেই করাবেন। তবে যেটা করালেন তার জন্য আমি মোটেও রাজী ছিলাম না। সব স্কুল থেকে বৃত্তি পরীক্ষা দেওয়ানো হবে, স্যার ঠিক করলেন তাঁর স্কুলও বাদ যাবে না। নতুন স্কুল হলেও সেখানেও মেধাবী ছাত্র আছে এটা দেখানোই হয়তো উদ্দেশ্য। আমি হলাম তার সেই 'মেধাবী ছাত্র'! আমাকে নির্বাচিত করলেন বৃত্তি দেওয়ানোর জন্য। আমি কিছুতেই রাজী না। আগের ক্লাশের পড়াই তো পড়ি নাই চলতি ক্লাশের পড়া, তার ওপর বৃত্তি! কিন্তু কোন ওজোর আপত্তি টিকলো না। স্যার বোধহয় আব্বাকেও বললেন। অগত্যা আর কি করা!

ফর্ম ফিলাপ হয়ে যাওয়ার পর স্যার আমাকে নিয়ে মহা দক্ষযজ্ঞে নেমে পড়লেন। কোচিং গাইডেন্স। এই পড়া ওই পড়া, এ নোট সে নোট। কয়েক দিনেই পাগল হয়ে যাবার দশা। কিছুই কিনারা করতে পারছিলাম না। স্যার বললেন অন্যান্য স্কুল থেকে আর যারা পরীক্ষা দিচ্ছে তাদের সাথে যোগাযোগ রাখতে। তাদের কাছ থেকে হেল্প নিতে।

আমি শহরে নতুন। তেমন কাউকে চিনি না। বাসা থেকে কয়েক বাসা পরে সরকারি হাইস্কুল। সেখান থেকে অনেকেই বৃত্তিতে নাম লিখিয়েছে কিন্তু কারও সাথেই পরিচয় নাই। একদিন খবর পেলাম সেকেন্ড অফিসারের মেয়ে কুমকুম একজন ক্যান্ডিডেট। গার্লস স্কুলে পড়ে। বাসা আমাদের বাসা থেকে এক বাসা পর। সেকালে সরকারি কর্মকর্তাদের পরস্পরের সাথে ভাল জানাশোনা থাকতো। কাছাকাছি বাসা হলে মহিলা পর্যায়ে নিয়মিত যাওয়া আসা ছিল। আমরা গৃহকর্ত্রীকে ডাকতাম খালাম্মা আর কর্তা হতেন চাচা। মহিলারা সবাই পরস্পরের আপা আর আপাদের স্বামীরা ভাই। আম্মার সাথে কুমকুমদের বাসায়ও বেড়াতে গেছি। তো বৃত্তি উপলক্ষ্যে একদিন গিয়ে তার সাথে ভাব জমিয়ে এলাম। কিন্তু ক'দিনেই দেখি সে মেয়ে আমার চেয়েও এক ডিগ্রি সরস, মানে লেখাপড়ায় তথৈবচ। মেয়েটা ছিল বেশ সুন্দর। সুন্দরী মেয়েরা বোধহয় লেখাপড়া বিষয়ে একটু উদাসীনই থাকে। যাহোক, কুমকুম থেকে কিছুই পাওয়া গেলো না।

মহকুমা খাদ্য কর্মকর্তা তরফদার চাচার মেয়ে শামিম তরফদারও সম্ভবত: সেবার বৃত্তি দিয়েছিল। পাবলিক লাইব্রেরীর মোড়টায় টীনের বেড়া দেয়া বাসা। শামিম গার্লস স্কুলে পড়ে। কুমকুম আর মন্টি মিলে ওরা তিন বান্ধবী। প্রায় একসাথেই চলাফেরা ওঠাবসা। তিনজনই সুন্দরী। এই ট্রায়োর বন্ধুত্ব এক সময় 'টক অব দ্য শহর' হয়ে যায়। স্বভাবতই তরুন যুবকদের আগ্রহটাই বেশী। মহকুমা আনসার এ্যাডজুট্যান্ড শরিফুল হক চাচার বড় ছেলে বাবলু ভাই (ডাক নাম), শামীমদের বাসার পাশের এসডিপিও সাহেবের বড় ছেলে জামাল, এমন আরও দুইএকজনকে দেখতাম অকারনেই বাসার সামনে দিয়ে ঘোরাঘুরি করছে। একজনকে তো এক দুপুরে বেড়ার ফাঁক দিয়ে ভেতরে উঁকি মারতেও দেখলাম। আর একজন হৈ দিয়ে উঠলে প্রথমজনের ভো দৌড়! যাই হোক, আম্মার সাথে শামীমদের বাসায় আগেও গেছি দুই একবার। যতদুর মনে পড়ে বৃত্তি পরীক্ষার সুবাদে নতুন করে পরিচয় ঝালাই করেছিলাম। কিন্তু শামিমের কাছেও সুবিধা হয় নাই। লেখাপড়ায় বরাবরই ভাল ছিল, হতে পারে আমার বিদ্যার দৌড় দেখে বুঝে গেছিল ভবিষ্যত কি, অথবা চায় নাই গোমড় শেয়ার করতে। ওই বয়সেই মনে হয়েছে বেশ চালাক এবং কৌশলী।

যাই হোক, পরীক্ষায় যথারীতি ডাব্বা। কত নম্বর পেয়েছিলাম সে খবরও নেই নাই কোনদিন, স্যারও জানান নাই। শামিম বা কুমকুম বৃত্তি পেয়েছিল কিনা তা জানারও আগ্রহ হয় নাই। আমি তখন ব্যস্ত কচিকাঁচার মেলা নিয়ে। হাইস্কুল থেকে দেওয়ানপাড়ায় আমাদের বাসায় ফেরার পথে ডানধারে শাহনেওয়াজদের বাসা। ওর আব্বা সিংহজানি হাইস্কুলের শিক্ষক। শাহনেওয়াজ নিজেও ওই স্কুলে পড়তো। একই ব্যাচমেট। অনেকগুলো বোন, সব ছোটটা ভাই। ওদের বাসার সামনে ছোট একটা বৈঠকখানা ঘরের মত ছিল। একদিন স্কুল থেকে ফেরার পথে দেখি ওই ঘরের বারান্দায় পোষ্টারের মত কিছু একটা টাঙানো। সামনে দাঁড়িয়ে দুইএকজন ছেলে কিছু পড়ছে তাতে। আগ্রহ নিয়ে এগিয়ে যাই। না পোষ্টার না, একটা দেয়াল পত্রিকা। ফুল সাইজ আর্ট কার্ডের ওপর হাতে লেখা কবিতা গল্প। মাঝেমাঝে ফুল পাখি সূর্য্য এঁকে ডিজাইন করা। ব্যপারটা বেশ রোমাঞ্চকরই লাগে। ছেলেগুলো জানায় তারা সবাই 'কচিকাঁচার মেলা' করে। শাহনেওয়াজ তাদের লীডার। এই দেয়াল পত্রিকা মেলারই একটি প্রয়াস। কচিকাঁচার মেলা দৈনিক ইত্তেফাকের বাচ্চাদের পাতা। পরিচালক রোকনুজ্জামান খান, বাচ্চাদের কাছে দাদাভাই। সারা দেশে কচিকাঁচার মেলা নামে একটি সংগঠনও গড়ে তুলেছিলেন। শাহনেওয়াজদেরটার নাম 'আগে চল কচিকাঁচার মেলা'।

কালবিলম্ব না করে যোগ দিয়ে ফেলি। এরপর লেখালেখি, আড্ডা বৈঠক। সে আমলে বিনোদনের এত মাধ্যম ছিল না। আমা দের জন্য লেখাপড়ার পর বিনোদন বলতে খেলাধুলা আর বই পড়া। ট্রানজিষ্টার সবে বাজারজাত হচ্ছে, টাকাওয়ালাদের বাড়ীতে রেডিও আর অভিজাতদের ঘরে কলের গান। বাচ্চাদের ওসবে খুব একটা আকর্ষন ছিল না, আমি বইয়ের দিকে ঝুঁকেছিলাম। ওই বয়সেই দস্যু বাহরাম, রোমেনা আফাজের দস্যু বনহুর, স্বপন কুমার সিরিজ, কিরিটি রায় প্রায় শেষ করে এসেছি। মাসকাবারে মাসুদ রানা নতুন আকর্ষন। কুষ্টিয়া থাকতে কলকাতার উল্টোরথ পেতাম। অত্যধিক গল্প উপন্যাস পড়ার পার্শ্ব প্রতিক্রিয়া হিসেবে লেখালেখির হালকা সুপ্ত বাসনা আগে থেকেই ছিল। এখন কচিকাঁচার মেলায় যোগ দেয়ায় প্রতিভা বিকাশের একটা পথ হলো, পূর্ণ উদ্যমে সাহিত্যচর্চায় মন দিলাম। প্রতি মাসে একটা করে দেয়াল পত্রিকা বের করা হতে থাকলো। প্রতিটিতেই আমার কোন গল্প বা কবিতা। আমরা বেশ কয়েকজন ছেলে ছিলাম এই সংগঠনে। প্রায় সবাই সমবয়সী। আতাউর রহমান ডাক নাম মিন্টু (প্রখ্যাত লেখক আতা সরকার) আমার এক ক্লাশ নীচে পড়তো, সেও ছিল আমাদের সাথে। আরও অনেকেই, কারো নামই আজ মনে নাই। এই সংগঠন থেকে আমরা সরকারি দিবসগুলোয় স্টেডিয়ামে মার্চপাস্টও করেছি। পরে স্কুল বদল করেছিলাম কিন্তু শাহনেওয়াজের সাথে বন্ধুত্ব কোনদিন নষ্ট হয় নাই। দু'জন ছাপার অক্ষরে ম্যাগাজিন বের করেছি, নাটক মঞ্চস্থ করেছি।

এই মঞ্চের নেশাটা ধরিয়ে দিয়েছিলেন নিজামুদ্দিন স্যার। কোন এক সরকারি দিবসে পাবলিক লাইব্রেরী মিলনায়তনে সংস্কৃতিক অনুষ্ঠান হবে। স্যার আমাদের স্কুলের নামও লেখালেন। আরও কি কি সব আইটেম ছিল মনে নাই তবে আবৃতির সাথে মুকাভিনয়ের একটা পর্ব রাখলেন। রবীন্দ্রনাথ ঠাকুরের দুই বিঘা জমি। নেপথ্য থেকে কেউ একজন কবিতা আবৃতি করবেন, মঞ্চে অভিনয় হবে। স্যার এই আইটেমে আমাকে একটা চরিত্রে কাষ্ট করলেন। একেবারে কেন্দ্রিয় চরিত্র, উপেন। জীবনে কখনও মঞ্চে উঠি নাই দশজন লোক একসাথে তাকিয়ে থাকলেই ভয় পেয়ে যাই সেই আমাকে শত শত দর্শকের সামনে দাঁড়িয়ে অভিনয় করতে হবে! স্যারের কাছে নিজের অসহায়ত্ব তুলে ধরি। কিন্তু সেই বৃত্তি পরীক্ষার মতই স্যারের প্রচুর কনফিডেন্স আমি পারবো। অগত্যা আর কি করা, রিয়ার্সাল শুরু হলো!

সিনেমা হলের পর্দায় কলকাতা বম্বে লাহোরের ডাক সাঁইটে নায়ক নায়িকাদেরকে অভিনয় করতে দেখেছি। মরেমাঝে মনেও হয়েছে আহা আমি যদি ওদের মত করতে পারতাম। তাই বলে সত্যিসত্যিই মঞ্চে উঠে হলভর্তী দর্শকদের সামনে দাঁড়াতে হবে- এতটা কখনও ভাবি নাই। আবৃতির সাথেসাথে কখন আমাকে কি মুদ্রা কি মুখভঙ্গি করতে হবে স্যার হাতে কলমে দেখিয়ে দিতে লাগলেন। কিন্তু সবচেয়ে বড় সমস্যা হচ্ছিল হাতদু'টো নিয়ে। কোথায় যে রাখি ঠাহর করতে পারছিলাম না। প্রথম প্রথম অভিনয় করতে গেলে যা হয় আর কি! তবে এই সমস্যার একটা সমাধান বের করে নিয়েছিলাম। উপেন একজন দরিদ্র নি-পড়িত মানুষ। সবার সামনে অধিকাংশ সময় তাকে হাতজোর করে থাকতে হয়। ব্যস আমার সমস্যার সমাধান হয়ে গেল! উদোম শরীর কখনও ছেঁড়া গেঞ্জি ধুতি পড়ে বেশ ভালোই অভিনয় করেছিলাম। অনুষ্ঠান শেষে কিছু কমপিমেন্টও পেলাম। স্যার পিঠ চাপড়ে দিলেন! সেবার সেই যে নিজামুদ্দিন স্যার মঞ্চের নেশা ধরিয়ে দিলেন আজ এত বছর বয়স অবধি তা ছাড়তে পারলাম না।

জামালপুর হাই স্কুলে আমি ওই বছরটায়ই পড়েছি। পরের বছর গভর্নমেন্ট হাইস্কুলে চলে এসেছিলাম। স্যারেরা আসতে দিতে চান নাই, নিজামুদ্দিন স্যার আমাকে অত্যধিক স্নেহ করতেন। দোয়া করেছিলেন প্রান ভরে। পরের বছর থেকেই হাইস্কুলের নতুন ভবন তৈরী হতে থাকে। মাঠের ও ধারটার প্রাইমারি স্কুলের (যেখানে আমি এক সময় ছোট ওয়ান পড়েছি) পাশে উত্তর-দক্ষিণ দোতালা ভবন। নীচতলায় বিরাট একটা মিলনায়তন। অল্প দিনেই ভবন নির্মান হলে স্কুল সেখানে শিফট হয়ে যায়। আমি অন্য স্কুলে পড়লেও হাই স্কুলে নিয়মিত যাতায়ত ছিল। ড্রিল মাস্টার ওয়াহেদ স্যারের কথা এখনও মনে আছে। তার ভাতিজা আজিজ ভাই ছিলেন সহকারি শিক্ষক। আমাদের সাথে অনেকটা ইয়ার-বন্ধুর সম্পর্ক। হাইস্কুল মাঠে বিকালে খেল-ধুলা করতাম। স্কুল মিলনায়তনে নাটকও মঞ্চস্থ করেছি।

নিজামুদ্দিন স্যার পরে ঢাকায় আদমজী ক্যান্টনমেন্ট কলেজে প্রিন্সিপাল হয়ে যোগ দিয়েছিলেন বলে শুনেছি। তবে সেই হাইস্কুলের পর তার সাথে আমার আর কোনদিন দেখা হয় নাই। আল্লাহ স্যারের ভাল করুন। হাইস্কুলও উত্তরোত্তর সমৃদ্ধি লাভ করুক।

CHEF WANTED
শেফ আবশ্যক
জরুরী ভিত্তিতে একজন দক্ষ শেফ আবশ্যক। বাফেলোতে মনোরম পরিবেশে নতুন রেষ্টুরেন্টে কাজ করার জন্য, কারী, তান্দুর অভিজ্ঞতা সম্পন্ন। অতী সত্বর যোগাযোগ করুন।
করিম: (917) 435-7084

টাইম ইনকাম ট্যাক্স সার্ভিসেস
আইআরএস অনুমোদিত e-file
• ট্যাক্স সার্ভিসেস
• নির্ভূল ট্যাক্স ফাইলিং
• নূন্যতম ফি
Our Services
> Individual Tax / Business Tax
> Self-employed Tax Include Taxi Driver & Vendor
> Corporate Tax/partnership Tax
> Small Business/vendor License, Individual tax ID Application.
Immigration
> Asylum/Citizenship application
> Petition for Relative/Affidavit of support
> Green Card / Work Authorization Renew
> Re-Entry Permit / travel Documents
All Kinds of Immigration Services
Kaysar Rahman, Tax Practitioner
37-50 74th St, 1st FL, Jackson Heights, NY 11372
Tel: 718-708-2456 Email: timetax2019@gmail.com

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।

Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

মুসলিম কাজী অফিস

নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



চলছে উদ্বোধনী সেল

বাফেলোতে আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট এর উদ্বোধন







বাফেলো (নিউইয়র্ক): নিউইয়র্কের ব্রঙ্কসের সুপরিচিত আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট এখন বাফেলোতে তার শাখা উদ্বোধন করেছে। বর্ণাঢ্য আয়োজনে গত ১ এপ্রিল বৃহস্পতিবার বাঙালী অধ্যুষিত বাফেলোর ১৩৫০ ফিলমোর এভিনিউ এলাকায় সবচেয়ে বড় হালাল সুপার মার্কেটটির উদ্বোধন করেন বাফেলো সিটি মেয়র বায়রন ব্রাউন। গ্রোসারী পণ্য, ডিসকাউন্ট ও রেষ্টুরেন্ট সামগ্রীর সমন্বয় ঘটিয়ে এ স্টোরটি প্রতিষ্ঠা করা হয়েছে। স্টোরটিতে একই ছাদের নিচে রয়েছে নিত্য প্রয়োজনীয় সব ধরণের নিত্য প্রয়োনীয় পণ্য ও খাবার সামগ্রী। বর্ণাঢ্য আয়োজনে বাফেলো সিটি মেয়র বায়রন ব্রাউন কমিউনিটি ও মূলধারার গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে নিয়ে ফিতা কেটে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় সিটি মেয়র আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্টকে প্রক্লেমেশন প্রদান করেন।

প্রতিষ্ঠানটির উদ্বোধন উপলক্ষে বিশেষ দোয়া মাহফিলেরও আয়োজন করা হয়। বাইতুল আমান বাফেলো ইসলামিক কালচারাল সেন্টারের ইমাম ও খতীব মাওলানা এস এম সিরাজুল ইসলাম দোয়া মোনাজাত পরিচালনা করেন। প্রতিষ্ঠানটির শুভ যাত্রাসহ, করোনামুক্ত বিশ্ব ও মানবতার কল্যাণ কামনায় দোয়া করা হয়।

আল আকসার কর্ণধার মো: শাহীনুল হক, মো: হাসনাত আহমেদ জাকির এবং তালহা বখত অনুষ্ঠানে আগত অতিথিদের স্বাগত জানান। স্থানীয় কাউন্সিলম্যানের সহকারী সাহী চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে মেয়র বায়রন ব্রাউন ছাড়াও আরো বক্তব্য রাখেন বাফেলো পুলিশ চীফ আলফানসো রাইট, ক্যাপ্টেন টমি চ্যাম্পিয়ন, কমিউনিটি পুলিশ অফিসার শ্রী সিওয়াকটি, স্টেট ট্রুপার সার্জেন্ট ক্রেজ পাওয়েল, কাউন্টি লেজিস্টেটর হাওয়ার জনসন, জাজ প্রার্থী রেবেকা এল টাউন, মেয়র এক্সিকিউটিভ কেসিকা লেজারিন, ইল্যিকট ডিস্ট্রিক্ট কাউন্সিল প্রেসিডেন্ট ডারিয়স জি প্রিডজেন, মাস্টেন ডিস্ট্রিক্ট কাউন্সিল মেম্বার ইউলাসেস ও. উইঙ্গো সি-নিয়ার, লাভজয় ডিস্ট্রিক্ট কাউন্সিল মেম্বার ব্রায়ান বোলম্যান, ফিলমোর ডিস্ট্রিক্ট কাউন্সিল মেম্বার মিচ নোয়াকাউস্কি, আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট এর কর্ণধার তালহা বখত ও মো: হাসনাত আহমেদ জাকির, স্টোর ম্যানেজার রাসেল প্রমুখ। এসময় বিশিষ্ট রাজনীতিক আব্দুর রহিম বাদশা, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মইজুর লস্কর জুয়েল, কাজী রবি-উজ-জামান সহ কমিউনিটি ও মূলধারার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেয়র বায়রন ব্রাউন তার বক্তব্যে ক্রমবর্ধমান বাংলাদেশী কমিউনিটির উচ্ছ্বসিত প্রশংসা করে বলেন, বাংলাদেশীরা বাফেলোতে ব্যবসা-বাণিজ্যেরপ্রসার ঘটিয়ে কর্মসংস্থান সহ অর্থনৈতিক উন্নয়নে বিরাট ভূমিকা রাখছেন।

প্রতিষ্ঠানটির অন্যতম কর্ণধার তালহা বখত ও মো: হাসনাত আহমেদ জাকির বলেন, বাফেলোতে প্রতিষ্ঠানটি দাঁড় করাতে প্রায় ২ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছেন। ব্যবসা প্রসারে এখানে আরও এক মিলিয়ন ডলার বিনিয়োগ করবেন বলেও জানান তারা।

অন্যান্য বক্তারাও বাংলাদেশী কমিউনিটির প্রশংসা করে এখানে বৃহৎ সুপার মার্কেট ও রেষ্টুরেন্ট গড়ে তোলায় উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। সুপার মার্কেট ও রেষ্টুরেন্ট ব্যবসায় কমিউনিটির জন্য অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে প্রতিষ্ঠানটি। সকলে প্রতিষ্ঠানটির সাফল্য কামনা করেন।

এদিকে, বাফেলোরতে সবচেয়ে বড় হালাল সুপার মার্কেট আল আকসার উদ্বোধনের ঘটনাটি ব্যাপক সাড়া জাগিয়েছে বাঙালী সহ অন্যান্য কমিউনিটিতে। এ এলাকায় এধরণের স্টোর প্রতিষ্ঠার খবরে আর হাতের নাগালে বহু কাঙ্খিত প্রতিষ্ঠান গড়ে ওঠায় ভীষন খুশি প্রবাসী বাংলাদেশীরা। উদ্বোধন উপলক্ষে দেয়া হয় বিশেষ ছাড়।

উদ্বোধনের পরপরই ক্রেতা সাধারণের জন্য খুলে দেয়া হয় সুপার মার্কেটটি। একই ছাদের নিচে সুলভ মূল্যে নিত্য প্রয়োজনীয় সব পণ্য ও খাদ্য সামগ্রী পেয়ে উৎফুল্ল তারা। গভীর রাত পর্যন্ত চলে উৎসবমুখর কেনা-কাটা। তারা বলেন, এ এলাকায় এ ধরণের হালাল সুপার মার্কেট এবং রেষ্টুরেন্টের অভাব বোধ করছিলাম দীর্ঘ দিন ধরে। স্বাচ্ছন্দে ও সুলভমূল্যে কেনা-কাটা করার মত হালাল সুপার মার্কেট ছিল না। এটি পেয়ে তারা ভীষণ খুশি।

কর্তৃপক্ষ বলেন, প্রবাসী বাংলাদেশীদের উন্নতমানের সেবা প্রদানের লক্ষে এ প্রতিষ্ঠানটি গড়ে তুলতে পেরে মহান আল্লাহর নিকট শুকরিয়া আদায় করছি। শুধু ব্যবসায়িক উদ্দেশ্যেই নয়, ব্যবসা যে নবীজীর (স.) সুন্নত সে বিষয়টি লালন করেই কমিউনিটিকে সুলভ মূল্যে সকল হালাল পণ্য সামগ্রী তুলে দিতে বদ্ধ পরিকর বলে জানান তারা। বাফেলোতে আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট এর গ্র্যান্ড ওপেনিং উপলক্ষে সকল পণ্যে বিশেষ ছাড় চলছে।

কর্তৃপক্ষ আরো জানান, সময়ের সাথে তাল মিলিয়ে বাফেলোতে বাঙালীদের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। প্রবাসী বাংলাদেশীদের প্রত্যাশা পূরণে এবং কাস্টমারদের বিপুল চাহিদার প্রতি লক্ষ্য রেখে আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট বাফেলো শাখা খোলার সিদ্ধান্ত নেন। অনেক শুভাকাঙ্খী-কাস্টমার বাফেলো ক্রমবর্ধমান বাংলাদেশী কমিউনিটির সুবিধার্থে বৃহৎ পরিসরে সুপার মার্কেট ও রেষ্টুরেন্ট খোলার অনুরোধ জানিয়ে আসছিলেন। তাদের স্টোরে রয়েছে বাংলাদেশী, ইন্ডিয়ান, আমেরিকান, চায়নিজসহ সকল কমিউনিটির নিত্য প্রয়োজনীয় পণ্য ও খাদ্য সামগ্রী।

আল আকসার বাফেলো শাখার গ্র্যান্ড ওপেনিংয়ে করোনা স্বাস্থ্য বিধি এবং ব্যস্ততার কারণে অনেককেই আমন্ত্রণ জানানো সম্ভব হয়ে ওঠেনি। এতে তারা গভীর দু:খ প্রকাশ করে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

জানা যায়, নিউইয়র্কে প্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠান হিসেবে ঈর্ষণীয় সুনাম অর্জন করেছে আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট। তাদের বাফেলোর নতুন এ স্টোরটি ছাড়াও ব্রঙ্কসে ২১০৭ স্টার্লিং-বাংলাবাজার এভিনিউতে রয়েছে বাংলাদেশী মালিকানাধীন সবচেয়ে জনপ্রিয় আল আকসা সুপার মার্কেট, হাউসহোল্ড ডিসকাউন্ট স্টোর, আল আকসা রেষ্টুরেন্ট, ঢাকা সুইটস ও আল আকসা পার্টি হল, ওয়েস্টচেষ্টার এভিনিউ ও সেন্ট পিটার্স এভিনিউতে রয়েছে আরো দু'টি গ্রোসারী ও সুপার মার্কেট। ব্যবসায় সাফল্যের ধারাবাহিকতায় তাদের গ্রুপ বিজনেসে সর্বশেষ সংযোজন বাফেলোর আল আকসা সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্ট।

কর্তৃপক্ষ জানান, সুপার মার্কেটের পাশাপাশি আল আকসা রেষ্টুরেন্ট তাদের ঐতিহ্য ঠিক রেখে বাফেলোতে ভিন্ন স্বাদ, আধুনিক মান, রুচি ও স্বাস্থ্য সম্মত নানা খাবার পরিবেশন ও উন্নত কাস্টমার সার্ভিসের মাধ্যমে নতুন প্রজন্মসহ সকলের মন জয় করতে বদ্ধ পরিকর তারা। বাংলাদেশী ঐতিহ্যবাহী সব খাবার থাকছে। খাবারকে আমেরিকার মূলধারায় নিয়ে যাওয়ারও প্রয়াস তাদের। অভিজ্ঞ শেফের তৈরী আধুনিক রুচিসম্মত বিশুদ্ধ সব হালাল খাবারের নিশ্চয়তা রয়েছে। তারা জানান, আল-আকসার খাবার এমনভাবে কুক করা হয়, যা সকলেরই ভালো লাগবে। 'কাস্টমার ফার্স্ট' এ প্রত্যয়ে সকল স্তরের গ্রাহকদের কথা বিবেচনা করে কমিউনিটির সেবায় বাফেলো শাখাটি সেভাবে সাজানো হয়েছে। রয়েছে পোলাও, বিরিয়ানি, ঘরে রান্নার স্বাদযুক্ত ডাল-ভাত, ভাজি-ভর্তা, মুখরোচক সকালের নাস্তা, সমোচা, সিঙ্গারা, মোগলাই, পরোটা, নানা পদের মিষ্টি, সন্দেশ, চটপটি, ঝালমুড়ি, টিক্কা মসালা, কাবাব, নান, চাপাতি, পরোটা সহ নানা পদের খাবার। ঘরোয়া নিরিবিলি পরিবেশে বসে খাওয়ার ব্যবস্থা রয়েছে রেষ্টুরেন্টটিতে। ফাইন ডাইন, টেক আউট ও কেটারিং সার্ভিসও রয়েছে।

তারা জানান, শুধু মুখ রোচক নয়, গ্রাহকদের স্বাস্থ্য সম্মত খাবার সরবরাহই তাদের প্রতিষ্ঠানের অন্যতম লক্ষ্য। তাদের টিম সেই লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। অভিজ্ঞ শেফ ছাড়াও রয়েছেন অভিজ্ঞ মিস্টি তৈরির কারিগর। নিয়মিত মিস্টান্ন তৈরির পাশাপাশি ডায়াবেটিক রোগীদের জন্যও থাকছে "ডায়াবেটিক মিস্টি"। বিশেষ করে নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের খাবারের রুচির প্রতি লক্ষ রেখে নানান আইটেমও থাকছে। তারা আরো জানান, সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার এবং মিলাদ-মাহফিল, বিয়ে, জন্মদিন, পিক-নিকসহ বিভিন্ন অনুষ্ঠানে খাবার পরিবেশন ও কেটারিংয়ে থাকছে আলাদা বৈচিত্র। আসন্ন রমজান উপলক্ষে মজাদার ইফতারীসহ নিয়মিত অন্যান্য সকল খাবারই রেষ্টুরেন্ট থাকবে। কর্তৃপক্ষ জানান, সুপার মার্কেট অ্যান্ড রেষ্টুরেন্টটি প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত গ্রাহকদের সেবায় খোলা থাকছে। -সংবাদদাতা।





ড. খন্দকার মোশাররফসহ বিএনপি নেতৃবৃন্দের জন্য বিশেষ দোয়া



নিউইয়র্ক: করোনা বাংলাদেশে ভয়াবহ রূপ ধারণ করেছে। অনেকেই আক্রান্ত হচ্ছে করোনায়। করোনায় আক্রান্ত হয়েছেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য, সাবেক মন্ত্রী এবং কুমিল্লার জনপ্রিয় নেতা ড. খন্দকার মোশাররফ হোসেনসহ তার স্ত্রী। ড. খন্দকার মোশাররফ হোসেন এবং তার স্ত্রীর জন্য বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করে যুক্তরাষ্ট্রস্থ কুমিল্লা জাতী-য়তাবাদী পরিবারের সদস্যদের মধ্যে যুক্তরাষ্ট্র যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক আমানত হোসেন আমান, দেওয়ান আব্দুস সাত্তার, নাজমুল হাসান বাবু, সেলিম আহমদ ইঞ্জিনিয়ার মাইন উদ্দিন, ইকবাল খান এম এ সিদ্দিক।

দোয়া মাহফিলটি গত ২ এপ্রিল জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার এন্ড মসজিদে অনুষ্ঠিত হয় বাদ মাগরিব। দোয়া মাহফিল পরিচালনা করেন জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের ইমাম ও খতিব মাওলানা সাদিক।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রস্থ কুমিল্লাবাসী পক্ষ থেকে অনুষ্ঠানে ড. খন্দকার মোশাররফ হোসেন, তার স্ত্রী ছাড়াও বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রুহুল কবীর রিজভী, হারিছ চৌধুরী, বিএনপি নেতা হাবিবুন নবী সোহেল, তার পরিবার, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা আনোয়ার হোসেনসহ অন্যান্য নেতাদের আশু রোগ মুক্তি কামনা করা হয়। সেই সাথে করোনায় যারা মৃত্যুবরণ করেছেন তাদের রুহের মাগফেরাত কামনা করা হয়। দোয়া মাহফিলের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ড. মোশাররফ হোসেনের প্রিয় অনুসারী এবং যুক্তরাষ্ট্র যুব দলের যুগ্ম সাধারণ সম্পাদক আমাত হোসেন আমান। তিনি উপস্থিত হওয়ার জন্য সকলের কাছে কৃ তজ্ঞতা প্রকাশ করেন এবং যারা তাকে সহযোগিতা করেছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, বিএনপির সাবেক সিনিয়র সহ সভাপতি এবং আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গিয়াস আহমেদ, যুক্তরাষ্ট্র বিএন-পির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিল্টন ভুইয়া, যুক্তরাষ্ট্র যুব দলের সভাপতি জাকির এইচ চৌধুরী, যুক্তরাষ্ট্র যুব দলের সাধারণ সম্পাদক আবু সাঈদ আহমদ, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এবাদ চৌধুরী, আব্দুস সবুর, মাওলানা আবুল কালাম আজাদ, নিউইয়র্ক স্টেট বিএনপির সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সাঈদ, যুবদল নেতা আহবাব চৌধুরী খোকন, বেলাল চৌধুরী, মিজানুর রহমান মিজান, দেওয়ান কাওসার, বিএম বাদশাহ, সাইফুর খান হারুণ, ইঞ্জিনিয়ার মাইন উদ্দীন, নিউইয়র্ক সিটি যুবদলের সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন, দাউকান্দির সাবেক ইউপি চেয়ারম্যান রুহুল কুদ্দুস খোকন, এ আর মাহবুবুর রহমান, আ স ম খালেদুর রহমান সবুজ, জুনায়েদ মিয়াজী, রাজন, ছাত্র নেতা শাহবাজ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন। এ ছাড়াও বিএনপি এবং বিএনপির অঙ্গসংগঠন ছাড়াও কুমিল্লার লোকজন উপস্থিত ছিলেন। -সংবাদ বিজ্ঞপ্তি।

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

যুক্তরাজ্যসহ অন্য দেশ থেকে আসা যাত্রীদের কোয়ারেন্টাইনে রাখতে পারেনি কর্তৃপক্ষ

প্রবাসীদের মাধ্যমে ছড়িয়েছে নতুন ভ্যারিয়েন্ট

আবুল খায়ের: বাংলাদেশে প্রবাসীদের মাধ্যমে দেশে দ্রুত ছড়িয়েছে করোনার নতুন ভ্যারিয়েন্ট। যুক্তরাজ্যসহ অন্যান্য দেশ থেকে আসা যাত্রীদের সঠিকভাবে কোয়ারেন্টাইনে রাখতে পারেনি কর্তৃপক্ষ। যার পরিপ্রেক্ষিতে করোনার যুক্তরাজ্য, দক্ষিণ আফ্রিকা ও ব্রাজিলিয়ান ভ্যারিয়েন্ট এখন রাজধানীসহ সারা দেশে ছড়িয়ে পড়েছে। বিশেষজ্ঞ চিকিসকরা বলেছেন, করোনা



বিশ্বে টিকা সরবরাহ করতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ

জলবায়ু সংকট মোকাবিলায় নেতৃত্ব দিতে যুক্তরাষ্ট্র ফিরে এসেছে : জন কেরি

ঢাকা ডেস্ক: প্রেসিডেন্ট জো বাইডেনের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি বলেছেন, জলবায়ু সংকট মোকাবিলায় বিশ্বে নেতৃত্ব দিতে যুক্তরাষ্ট্র ফিরে এসেছে। ভবিষ্যত প্রজন্মকে রক্ষার জন্য সব দেশকে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় একসঙ্গে কাজ করতে হবে। একক কোনো দেশের পক্ষে এই কাজ সম্ভব নয়। এজন্য আমেরিকান প্রেসিডেন্ট আগামী ২২ ও ২৩ এপ্রিল লিডার্স সামিট অন ক্লাইমেট আহবান করেছেন। শুক্রবার



বিমানবন্দরে জন কেরিকে স্বাগত জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন

(৯ এপ্রিল) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে এক যৌথ সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা বলেন। এর আগে তিনি পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন, সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী, ভালনারেবল ফোরাম প্রেসিডেন্সির বিশেষ দূত আবুল কালাম আজাদসহ অন্যদের সঙ্গে বৈঠক করেন।

যৌথ সাংবাদিক সম্মেলনে বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের শুভেচ্ছা বার্তা দিয়ে কেরি বক্তব্য শুরু করেন। তিনি বলেন, 'আমরা দুঃখিত যে, আগের আমেরিকান প্রেসিডেন্ট জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্যারিস চুক্তি থেকে বের হয়ে গিয়েছিলেন, কিন্তু আমরা আবারও ফিরে এসেছি।' তিনি বলেন, 'আসন্ন সম্মেলনে ধনী ও বড় দেশগুলোর পাশাপাশি ভালনারেবল দেশগুলোরও সুযোগ থাকবে তাদের কথা বলার এবং আমরা তাদের কথা শুনব। জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সমস্যার সমাধান হলে কারো কোনো ত্যাগ স্বীকার করতে হবে না বরং উপকার হবে। অর্থনীতিতে আরো কর্মসংস্থানের সুযোগ হবে।'

তিনি এ সময় নবায়নযোগ্য জ্বালানির জন্য প্রযুক্তি হস্তান্তর, কার্বন নিঃসরণ ও অভিযোজনসহ জলবায়ু সংকট মোকাবিলায় যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সহযোগিতার বিষয়ে কথা বলেন।

এ সময় তিনি বলেন, '১০ কোটি আমেরিকান নাগরিককে করোনা টিকা দেওয়ার পর যুক্তরাষ্ট্র সারা বিশ্বে টিকা সরবরাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ।'

প্রসঙ্গত, প্রেসিডেন্ট জো বাইডেন দায়িত্ব গ্রহণের পর প্রথম ১০০ দিনে ১০ কোটি মার্কিনীর করোনা টিকা নিশ্চিতের প্রতিশ্রুতি দিয়েছিলেন। যুক্তরাষ্ট্রের সিডিসির সর্বশেষ তথ্য অনুযায়ী, ৯ কোটি ৯০ লাখের বেশি আমেরিকান নাগরিক প্রথম ডোজ টিকা নিয়েছেন এবং ৫ কোটি ৬০ লাখের বেশি মানুষ দুই ডোজ টিকা নিয়েছেন। জন কেরি বলেন, 'বিশ্বের অন্যান্য দেশের জন্য যুক্তরাষ্ট্র টিকা উৎপাদন চালিয়ে যাচ্ছে। ১০ কোটি আমেরিকানের টিকা নেওয়া হলেই তা অন্যান্য দেশে পাঠানো হবে।'

পররাষ্ট্রমন্ত্রী মোমেন বলেন, 'জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলার জন্য প্রতি বছর ১০০ কোটি ডলার তহবিলে অর্থায়ন করার কথা উন্নত বিশ্বের। কিন্তু এ বিষয়ে অগ্রগতি খুবই কম। আমেরিকান প্রেসিডেন্টের বিশেষ দূতকে এ বিষয়ে এগিয়ে আসার আহবান জানিয়েছি।' আমি আশা করি, প্রতি বছর ১০০ কোটি ডলার তহবিল সংগ্রহের কাজটি তিনি করতে পারবেন। তিনি বলেন, 'এই অর্থের ৫০ শতাংশ অভিযোজন এবং ৫০ শতাংশ প্রশমনে ব্যয় করতে হবে।'



তিনি বলেন, 'জলবায়ু পরিবর্তনের ক্ষতি মোকাবিলায় বাংলাদেশ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে এবং এ বিষয়ে আমরা জন কেরিকে অবহিত করেছি।' এছাড়া চলতি বছর গ্লাসগোতে কপ-২৬ এ বাংলাদেশ একটি উচ্চ পর্যায়ের ইভেন্ট করতে চায়। এজন্য আমরা যুক্তরাষ্ট্রের সহায়তা চেয়েছি। জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় অর্থ ও প্রযুক্তি প্রয়োজন এবং বাংলাদেশ আশা করে-যুক্তরাষ্ট্র সেটি জোগান দেবে।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'রোহিঙ্গারা কক্সবাজারের বনায়ন ধ্বংস করছে। তাদের টেকসই প্রত্যাবাসনের মাধ্যমে এর সমাধানের জন্য যুক্তরাষ্ট্রের সহায়তা দরকার।' এ সময় কেরি জানান, রোহিঙ্গা সংকটের সমাধানে এবং মিয়ানমারে গণতান্ত্রিক ব্যবস্থা ফিরিয়ে আনতে যুক্তরাষ্ট্র কাজ করবে।

প্রসঙ্গত, লিডার্স সামিট অন ক্লাইমেট-এ অংশগ্রহণে প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানোর জন্য আমেরিকান প্রেসিডেন্টের জলবায়ু বিষয়ক বিশেষ দূত জন কেরি ছয় ঘণ্টার এক সংক্ষিপ্ত সফরে শুক্রবার সকালে ঢাকায় আসেন। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তাকে স্বাগত জানান পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন, তার স্ত্রী সেলিনা মোমেন এবং ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। দুপুরে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক ও সাংবাদিক সম্মেলনের পর বিকালে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাত করেন। শুক্রবারইবিকালেই তিনি ঢাকা ত্যাগ করেন।

জাতিসংঘে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন

নিউইয়র্ক: বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে জাতিসংঘে যৌথভাবে "কোভিড-১৯ অতিমারির সময়ে অটিজম: বৈশ্বিক সাড়াদান ও পুনরুদ্ধারে কীভাবে প্রযুক্তি সহায়তা করতে পারে" শীর্ষক এক ভার্চুয়াল সাইড ইভেন্ট আয়োজন করে জাতিসংঘস্থ বাংলাদেশ, ব্রাজিল, কুয়েত, পোল্যান্ড, কাতার ও কোরিয়া স্থায়ী মিশন এবং জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়াবলী বিভাগ ও অটিজম স্পিক্স। মঙ্গলবার (৬ এপ্রিল) আয়োজিত ইভেন্টটিতে প্যানেলিস্ট হিসেবে অংশগ্রহণ করেন বাংলাদেশের অটিজম ও নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন এবং বিশ্বস্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের শুভেচ্ছা দূত মিজ সায়মা ওয়াজেদ। ভার্চুয়ালভাবে আয়োজিত এই সভায় বক্তব্য প্রদানকালে কোভিড-১৯ অতিমারির সময়ে অটিজম আক্রান্ত শিশু ও তাদের পরিবারবর্গের জন্য বিশেষ সহায়তা পদক্ষেপ গ্রহণ ও তথ্য প্রযুক্তির ব্যবহারসহ বাংলাদেশের উত্তম অনুশীলনগুলো তুলে ধরেন মিজ সায়মা।

অতিমারিকালে শিক্ষা ও চিকিৎসাসেবা বিঘ্নিত হওয়ার ফলে সারাবিশ্বে অটিজমের শিকার শিশুরা



সামঞ্জস্যহীনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, বাংলাদেশে বিদ্যমান সামাজিক সহযোগিতা ও নিরাপত্তা ব্যবস্থা, শক্তিশালী তথ্য-প্রযুক্তি অবকাঠামো এবং বিস্তৃত কমিউনিটি-ভিত্তিক স্বাস্থ্য সেবা অনেক পরিবারকে এই চ্যালেঞ্জ মোকাবিলায় সাহায্য করেছে। বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন সমাজে অটিজমের শিকার পরিবারবর্গ যে সকল সামাজিক চ্যালেঞ্জ ও নিগ্রহের মুখোমুখি হয় তার উদাহরণ টেনে মিজ সায়মা বলেন, এক্ষেত্রে বাংলাদেশ সচেতনতা বৃদ্ধি ও তথ্য আদান-প্রদানের মাধ্যমে টেকসই ও ইতিবাচক সামাজিক পরিবর্তন আনতে পেরেছে। চলমান পরিস্থিতিতে অটিজমের ক্ষেত্রে বাড়তি সচেতনতার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে মিজ সায়মা বলেন, অটিজম ও নিউরোডেভেলাপমেন্টাল ডিজঅর্ডারে আক্রান্ত ব্যক্তি ও তাদের পরিবার যে ধরণের সামাজিক নিগ্রহের শিকার হয় তা মোকাবিলাসহ এসংক্রান্ত সামগ্রিক চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর এবং সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে গত ৭ বছর ধরে একসাথে কাজ করে যাচ্ছে বাংলাদেশের অটিজম বিষয়ক জাতীয় উপদেষ্টা কমিটি।

ইভেন্টটিতে স্বাগত বক্তব্য রাখেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশ ও কাতারের স্থায়ী প্রতিনিধিদ্বয়। অটিজম সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব, প্রতিশ্রুতি এবং গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরেন বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। তিনি বলেন, "প্রতিবন্ধীতা ও নিউরোডেভোলাপমেন্টাল ডিজঅর্ডারের শিকার ব্যক্তিবগের সুরক্ষায় বাংলাদেশে আমরা শক্তিশালী আইন ও বিধি প্রণয়ণ করেছি এবং বিভিন্নমূখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছি। এসকল পদক্ষেপের মধ্যে রয়েছে প্রতিবন্ধীতা সহায়ক ই-সেবা, রেফারেল সেবা এবং দেশব্যাপী সহায়তা ও প্রশিক্ষণ কেন্দ্রসমূহ"।

অটিজমে আক্রান্ত ব্যক্তিবর্গের সহায়তায় বিশেষ করে কোভিড অতিমারির এই সময়ে নতুন প্রযুক্তির উদ্ভাবন ও গবেষণায় আরও বেশী বিনিয়োগের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন রাষ্ট্রদূত ফাতিমা। তিনি বলেন, "আমাদের অবশ্যই প্রযুক্তি-বিভাজন দূর করতে হবে, প্রযুক্তি হতে হবে সহজলভ্য এবং অর্থনৈতিক ও সামাজিক অবস্থা নির্বিশেষে সকলেরই এতে প্রবেশাধিকার থাকতে হবে"।

ইভেন্টটিতে সুনির্দিষ্ট ইস্যুসমূহ তুলে ধরেন জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিষয়াবলী বিভাগের পলিসি সমন্বয় ও আন্তর্জাতিক বিষয়াবলীর সহকারি সেক্রেটারি-জেনারেল। মিজ সায়মা ওয়াজেদ ছাড়াও প্যানেল আলোচনা পর্বে অটিজম আক্রান্ত ব্যক্তিবর্গসহ বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে বিষয় বিশেষজ্ঞগণ অংশ নেন।

অটিজমের শিকার ব্যক্তিবর্গসহ বিশ্বের বিভিন্ন প্রান্তের বিভিন্ন পেশার মানুষ ভার্চুয়াল এই ইভেন্টটিতে অংশগ্রহণ



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



বাংলাদেশে হেফাজতের তান্ডবের প্রতিবাদে যুক্তরাষ্ট্র যুবলীগের বিক্ষোভ



নিউইয়র্ক (ইউএনএ): অতি সম্প্রতি হেফাজতে ইসলামীর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঢাকা সফর-কে কেন্দ্র করে প্রতিবাদ-বিক্ষোভের নামে বাংলাদেশে 'তান্ডব' চালিয়ে ভাঙচুর ও জনগনের সম্পদ নষ্ট করার ঘটনায় যুক্তরাষ্ট্র যুবলীগ নিউইয়র্কে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছেন। সমাবেশে বক্তারা বলেন, হেফাজতে ইসলাম ইসলামের কথা বলে দেশে বিশৃংখলা সৃষ্টি করে বাংলাদেশকে একটি অকার্যকর রাষ্ট্রে পরিণত করতে চায়। হেফাজত মূলত: জামাত-বিএনপির এজেন্ডা বাস্তবায়ন করতে চায়। বক্তারা বলেন, 'জাতি জনক' বঙ্গবন্ধু কন্যা, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের মানুষ যখন ২৬ মার্চ দেশের সুবর্ণ জয়ন্তী পালন করছে, তখন হেফাজত জেলায় জেলায় ধংসাত্মক তান্ডব, জ্বালাও-পুড়াও করেছে। এতে প্রমাণিত হয় যে, হেফাজতের নেতা-কর্মীরা মহান মুক্তিযুদ্ধের পরাজিত শক্তি জামাত-বিএনপির প্রেতাত্মা হিসেবে কাজ করছে। বক্তারা বলেন, বাংলাদেশ যখন বিশ্বের বুকে মাথা উচে দাঁড়াচ্ছে তখন জামাত-বিএনপির মদদদাতা হেফাজত দেশের উন্নয়ন-অগ্রগতি থামাতে চায়। কিন্তুবাংলাদেশের মানুষ তা হতে দেবে না। খবর ইউএনএ'র।

সিটির জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় গত ৫ এপ্রিল সোমবার রাত ৮ টায় এই কর্মসূচীর আয়োজন করা হয়। বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুল জলিল, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের মানবাধিকার সম্পাদক ও যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক সভাপতি মিসবাহ আহমদ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক ও যুক্তরাষ্ট্র যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ ফরিদ আলম এবং ঢাকা উত্তর যুবলীগের সাংগঠনিক সম্পাদক শাখাওয়াৎ হোসেন চঞ্চল উপস্থিত ছিলেন। এই সমাবেশ পরিচালনা করেন যুক্তরাষ্ট্র যুবলীগের যুগ্ম আহবায়ক মোহাম্মদ সেবুল মিয়া।

প্রতিবাদ সমাবেশে আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র যুবলীগের যুগ্ম আহবায়ক রহিমুজ্জামান সুমন, হেলিম উদ্দিন, সদস্য নুর ইসলাম, আব্দুল্লাহ আল রেজা (স্বপন), জাকির হোসেন, সফিক মিয়া, নিউইয়ক ষ্টেট যুবলীগের সভাপতি রবিউল ইসলাম ও সাধারণ সম্পাদক সোয়েব আহমদ, মহানগর যুবলীগের সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান, নিউইর্য়ক ষ্টেট যুবলীগের সাংগঠকি সম্পাদক মিজানুর রহমান চৌধুরী, সদস্য সেলিম রেজা ও সাহাবুদ্দিন।

সমাবেশে অন্যান্যর মধ্যে নিউইয়র্ক ষ্টেট যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, আল মামুন সরকার, সদস্য ইমরুল কয়েস, আ স ম খায়রুল সবুজ, আলাউদ্দিন, জাবেদ আহমদ, রিটন সরকার, রূপ চান তাহসিন আহমদ প্রমুখ উপস্থিত ছিলেন বলে দলীয় সূত্রে জানা যায়।

সমাবেশে যুক্তরাষ্ট্র যুবলীগের নেতা-কর্মীরা হেফাজতের কর্মকান্ডের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান এবং বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে সামশ পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ মইনুল হোসেন খান নিখিলের নেতৃত্বে আগামী দিনে হেফাজতের জ্বালা-পুড়া কর্মকান্ড প্রতিরোধ করা হবে বলে হুশিয়ারী উচ্চারণ করেন।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA

এবিটিভি'র বিশেষ অনুষ্ঠান 'স্মৃতিতে অম্লানে'

নিরবেই চলে গেলো কামাল আহমেদের মৃত্যুবার্ষিকী



বাংলা পত্রিকা রিপোর্ট: নিরবে নিভৃতেই চলে গেলো 'মানবতার ফেরিওয়ালা' হিসেবে পরিতি বাংলাদেশ সোসাইটির সভাপতি কামাল আহমেদ-এর প্রথম মৃত্যুবার্ষিকী। গত ৫ এপ্রিল ছিলো তার মৃত্যুদিন। গত বছরের এই দিনে তিনি মহামারী করোনায় আক্রান্ত হয়ে নিউ-ইয়র্ক সিটির কুইন্সস্থ এলমহার্স্ট হাস-পাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। এছাড়াও নিরবে চলে গেলো বাংলাদেশ (বাকি অংশ ২৫ পাতায়)

জিল্লু আহ্বায়ক মিল্টন ভুইয়া সদস্য সচিব

আজ-কালের মধ্যেই যুক্তরাষ্ট্র বিএনপির কমিটি!





বিশেষ প্রতিনিধি: যুক্তরাষ্ট্র বিএনপির কমিটির বিষয়ে সুনজর পড়েছে কেন্দ্রীয় বিএনপি'র। দীর্ঘ প্রতিষ্ঠার পর অবশেষে যুক্তরাষ্ট্র বিএনপি'র কমিটি আসছে। দীর্ঘ এক যুগেরও অধিক সময়ের পর আজ-কালের মধ্যেই ঘোষিত হতে যাচ্ছে যুক্তরাষ্ট্র বিএনপি'র আহ্বায়ক কমিটি। তবে এই কমিটি গঠিত হচ্ছে বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তী তথা 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কমিটি'। বিএনপি'র কেন্দ্রীয় ও স্থানীয় নির্ভরযোগ্য সূত্রে এই (বাকি অংশ ৩১ পাতায়)



রমাদান, কুরআন ও তাকওয়া

জাফর আহমাদ

বর্ষ পরিক্রমার চাকায় ভর করে প্রতিবৎসর সিয়াম সাধনার মাস রমাদান আমাদের জন্য আল্লাহর অবারিত রহমত, বরকত ও মাগফিরাতের (বাকি অংশ ৩৯ পাতায়

রমজানে মসজিদে মসজিদে তারাবির প্রস্তুতি

বাংলা পত্রিকা রিপোর্ট: চাঁ দেখা সাপেক্ষ মঙ্গলবার (১৩ এপ্রিল) থেকে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় মাসব্যাপী পবিত্র রমজান শুরু হচ্ছে। এজন্য মসজিদে (বাকি অংশ ৩৭ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

জামালপুর হাইস্কুল



আমার তৃতীয় হাইস্কুল। প্রথম স্কুল কুষ্টিয়ার মোহিনী মোহন বিদ্যাপীঠের পর দ্বিতীয় স্কুল ছিল ঢাকার ওয়েস্ট এন্ড হাইস্কুল, কিন্তু নানা কারনে এই তৃতীয় স্কুলটি আমার কাছে বিশেষ গুরুত্ববাহী। কুষ্টিয়া থেকে আব্বা আবার বদলী হন জামালপুর। (বাকি অংশ ৪৪ পাতায়

ব্রঙ্কসে খলিল পিজা এন্ড গ্রীল উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রঙ্কসের পার্কচেস্টারে উদ্বোধন হলো খলিল পিজা এন্ড গ্রীল। গত শুক্রবার ৯ এপ্রিল বিকাল ৬টায় ফিতা কেটে প্রতিষ্ঠানটি (বাকি অংশ ২৪ পাতায়

আনডকুমেন্টেড ও বঞ্চিত অভিবাসীদের জন্য ৪.৫ বিলিয়ন ডলার বিল পাশ

ওয়াশিংটন স্কয়ারে আনন্দ উৎসব

বাংলা পত্রিকা রিপোর্ট: অভিবাসীদের স্বর্গরাজ্য হিসেবে পরিচিত যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের আনডকুমেন্টেড এবং বঞ্চিত অভিবাসীদের মধ্যে যারা স্টীমুলাস ও আন এম্পয়মেন্ট পায়নি তাদের জন্য রাজ্যের বাজটে 'এক্সক্লুড ওয়ার্কার্স ফান্ড' ও 'রেন্ট রিলিফ বিল' এর আওতায় যথাক্রমে দুই দশমিক এক বিলিয়ন এবং দুই দশমিক ৪ বিলিয়ন ডলার মিলিয়ন ডলারের চুক্তি হয়েছে। (বাকি অংশ ৩১ পাতায়)



বাংলাদেশ সোসাইটির কর্মসূচীতে ৫২৫ জনের ভ্যাকসিন গ্রহণ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটি হেলথ প্লাস হসপিটালস, বাংলাদেশ কনস্যুলেট ও বাংলাদেশ সোসাইটি'র সহযোগিতায় সোসাইটি কার্যালয়ে আয়োজিত কভিড-১৯ ভ্যাকসিন প্রদান কর্মসূচীতে ৫২৫জন প্রবাসী ভ্যাকসিন গ্রহণ করেছেন। গত ৮-১১ এপ্রিল এই চারদিন 'জনসন এন্ড জনসন' এর সিঙ্গেল ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়। সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার জানান, কর্মসূচীর প্রথম দিনে গত বৃহস্পতিবার ১২৫জন, দ্বিতীয় দিন শুক্রবার ১৪২জন, তৃতীয়দিন শনিবার ১৩০ জন এবং চতুর্থ ও শেষ দিনে ১৩২ জনকে ভ্যাকসিন (বাকি অংশ ৩১ পাতায়)

হেলথ টিপস

স্বাস্থ্যের জন্য উপাদেয় খাবার

ডা: মাও: লোকমান হেকিম

আমরা সবাই কী কী খাদ্য খাওয়া যাবে না শুনতে শুনতে ক্লান্ত। কিন্তু কী কী খাবার খাবো বা খাওয়া উচিত (বাকি অংশ ২৯ পাতায়)

খেলার খবর

ক্রিকেটারদের সম্মানে যে সিদ্ধান্ত নিল পাকিস্তান

স্পোর্টস ডেস্ক: আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) প্রতি বছর কিংবদন্তি ক্রিকেটারদের 'হল অব ফেম' সম্মানিত করে থাকে। আই-সিসির (বাকি অংশ ৩৯ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে (বাকি অংশ ১২ পাতায়

যুক্তরাষ্ট্রে মাস্ক পরলে বাঁচবে ১৪ হাজার প্রাণ!

বাংলা পত্রিকা ডেস্কঃ আগামি ৪ মাস মাস্ক পরলে বাঁচবে অন্তত ১৪ হাজার প্রাণ! এমন ভবিষ্যৎবাণীই দিয়েছে ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের এক গবেষণা। এতে বলা হয়েছে, আগামি ১লা আগস্ট নাগাদ যুক্তরাষ্ট্রে করোনায় মারা যেতে পারেন ৬ লাখ ১৮ হাজার ৫২৩ জন। (বাকি অংশ ১৭ পাতায়)

হেইট ক্রাইমের শিকার এক বাংলাদেশী



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বসবাসকারী দেলোয়ার হোসেন নামের আরো এক বাংলাদেশী হেইট ক্রাইমের শিকার হয়েছে। ঘটনায় আহত দেলোয়ার জ্যামাইকা (বাকি অংশ ২৫ পাতায়)

ফক্স নিউজে পম্পেও

বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও ফক্স নিউজে যোগ দিয়েছেন। রক্ষণশীলদের সংবাদমাধ্যম হিসেবে ফক্স নিউজ ব্যাপক জনপ্রিয়। পম্পেও (বাকি অংশ ১৭ পাতায়)

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
MassMutual
LOW COST GUARANTEE
Authorized e-file Provider
Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
BRITISH AIRWAYS
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com